বর্ষ ২৯। সংখ্যা ৩৩৫। জুলাই ২০২৪

# কারেন্ট অ্যাফেয়ার্স

প্রফেসর'স
professorsprokashon.com

বুদ্ধিদীপ্ত ও চৌকশ তারুণ্যের সঙ্গী

## প্রধানমন্ত্রীর ভারত সফর

- বাজেট ও অর্থনৈতিক সমীক্ষা
- আর্থসামাজিক ও জনমিতিক জরিপ
- স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল ব্যাংক
- ফিলিস্তিন রাষ্ট্রের বৈশ্বিক স্বীকৃতি
- তৃতীয় মেয়াদে নরেন্দ্র মোদি
- ইরানের প্রেসিডেন্ট নির্বাচন
- বিমসটেক সনদ কার্যকর
- নতুন পদ্ধতিতে বিসিএস




বইমেট
www.boimate.com

Currency Depreciation in Bangladesh

সমৃদ্ধ বাংলাদেশ গঠনে প্রবাসী আয়

ICC WORLD CUP
টি-২০ বিশ্বকাপ

PARIS 2024
প্যারিস অলিম্পিক

UEFA EURO2024 GERMANY
ইউরো

CONMEBOL COPA AMERICA USA 2024
কোপা আমেরিকা

ক্যারিয়ার । বিসিএস । চাকরি প্রস্তুতি । প্রশ্ন সমাধান



# সাম্প্রতিক প্রশ্নোত্তর

## বাংলাদেশ

প্রশ্ন: 'ইউনিয়ন পরিষদ সচিব' পদের বর্তমান নাম কী?
উত্তর: ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা।

প্রশ্ন: বিশ্বের পঞ্চম দূষিত নদী কোনটি?
উত্তর: বুড়িগঙ্গা (প্রথম ইন্দোনেশিয়ার চিতারুম নদী)।

প্রশ্ন: বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের (BFRI) প্রথম নারী মহাপরিচালকের নাম কী?
উত্তর: মোহসেনা বেগম তনু।

প্রশ্ন: জাতিসংঘের ৭৯তম অধিবেশনের দ্বিতীয় কমিটির সভাপতি নির্বাচিত হন কোন বাংলাদেশি?
উত্তর: মোহাম্মদ আবদুল মুহিত।

প্রশ্ন: বর্তমানে বাংলাদেশের শান্তিরক্ষী বিশ্বের কতটি দেশে মোতায়েন রয়েছে?
উত্তর: ৯টি।

প্রশ্ন: প্রথমবারের মতো ল্যান্ড লর্ড পোর্টে যুক্ত হয় বাংলাদেশের কোন বন্দর?
উত্তর: চট্টগ্রাম বন্দর।

প্রশ্ন: ১ জুলাই ২০২৫ থেকে দেশে রাজস্বভুক্ত সরকারি কর্মজীবীদের জন্য নতুন কোন পেনশন স্কিম চালু করা হবে?
উত্তর: সেবক।

প্রশ্ন: খুলনা-মোংলা রেলপথে বাণিজ্যিকভাবে ট্রেন চলাচল শুরু হয় কবে?
উত্তর: ১ জুন ২০২৪।

প্রশ্ন: ইতালির গালফ অব নেপলস ইন্ডিপেন্ডেন্ট ফিল্ম ফেস্টিভ্যালে স্পেশাল মেনশন ফিচার ফিল্ম অ্যাওয়ার্ড লাভ করে কোন চলচ্চিত্র?
উত্তর: ময়না।

প্রশ্ন: বর্তমানে বিশ্বের কতটি দেশ ও অঞ্চলের সাথে বাংলাদেশের বাণিজ্যিক লেনদেন রয়েছে?
উত্তর: ২১০টি (৮২টির সাথে বাণিজ্য ঘাটতি রয়েছে)।

প্রশ্ন: বাংলাদেশের সবচেয়ে বেশি বাণিজ্যিক ঘাটতি রয়েছে কোন দেশের সাথে?
উত্তর: চীন।

প্রশ্ন: ২০২২-২৩ অর্থবছরে মূল্যস্ফীতি ছিল কত শতাংশ?
উত্তর: ৯.০২%।

প্রশ্ন: বিশ্বে স্বল্পোন্নত দেশগুলোর মধ্যে Foreign Direct Investment (FDI) প্রাপ্তিতে বাংলাদেশের অবস্থান কততম?
উত্তর: তৃতীয়।

প্রশ্ন: কৃষি বর্ষগ্রন্থ ২০২৩ অনুযায়ী, পেঁয়াজ উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?
উত্তর: ফরিদপুর।

প্রশ্ন: বর্তমানে বিশ্বের কতটি দেশে বাংলাদেশ আম রপ্তানি করে?
উত্তর: ৩৮টি।

## আন্তর্জাতিক

প্রশ্ন: Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation (BIMSTEC) সনদ কার্যকর হয় কবে?
উত্তর: ২০ মে ২০২৪।

প্রশ্ন: রাশিয়ার সংবাদ সংস্থা তাসের কোন সাংবাদিক মহাকাশে এক হাজার দিন থাকার রেকর্ড গড়েন?
উত্তর: ওলোগ কোনেনোনকো।

প্রশ্ন: রাশিয়ার সীমান্তরক্ষী বাহিনীর নাম কী?
উত্তর: ফেডারেল সিকিউরিটি সার্ভিস (FSB)।

প্রশ্ন: অর্থনীতিবিদেরা কোন দেশকে 'দ্য নেক্সট এশিয়ান টাইগার' হিসেবে আখ্যায়িত করেন?
উত্তর: ভিয়েতনাম।

প্রশ্ন: চীন বিশ্বের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) ভার্চুয়ালি হাসপাতাল কী নামে চালু করে?
উত্তর: এজেন্ট হাসপাতাল।

প্রশ্ন: যুক্তরাষ্ট্রে গুপ্তচর বৃত্তির অভিযোগে দোষী সাব্যস্ত অস্ট্রেলিয়ান নাগরিক জুলিয়ান আসাঞ্জের কোথায় বিচার হয়?
উত্তর: প্রশান্ত মহাসাগরীয় দ্বীপ সাইপানে।

প্রশ্ন: বিশ্বে প্রথমবারের মতো গবাদি পশুর ওপর ট্যাক্স আরোপ করে কোন দেশ?
উত্তর: ডেনমার্ক।

প্রশ্ন: ভারতের লোকসভায় বিরোধী দলনেতা হিসেবে নির্বাচিত হন কে?
উত্তর: কংগ্রেস নেতা রাহুল গান্ধী।

প্রশ্ন: 'নাগাপালি' সমুদ্র সৈকত কোন দেশে অবস্থিত?
উত্তর: মিয়ানমার।

প্রশ্ন: বৈশ্বিক প্রতিযোগী সক্ষমতা সূচকে শীর্ষ দেশ কোনটি?
উত্তর: যুক্তরাষ্ট্র।

প্রশ্ন: ইউরোপীয় কাউন্সিলের নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হন কে?
উত্তর: অ্যান্তনিও কস্তা।

প্রশ্ন: ২০ জুন ২০২৪ মধ্য এশিয়ার কোন মুসলিম দেশ হিজাব ও ঈদের ছুটি নিষিদ্ধ করে?
উত্তর: তাজিকিস্তান।

প্রশ্ন: বিশ্বে প্রথম কোন ধরনের ডিভাইস মৃগীরোগে আক্রান্ত রোগীর মাথার খুলিতে স্থাপন করা হয়?
উত্তর: নিউরোস্টিমুলেটর।

প্রশ্ন: 'ইয়ামাম টেরিজম ইউনিট' কোন দেশের স্পেশাল ফোর্স?
উত্তর: ইসরায়েল।

প্রশ্ন: সম্প্রতি ভারতে মানব শরীরে শনাক্ত হওয়া বার্ড ফ্লু ধরনের নাম কী?
উত্তর: এইচ৯এন২ (H9N2)।

## ক্রীড়াঙ্গন

প্রশ্ন: ৩৩তম অলিম্পিক কবে শুরু হবে?
উত্তর: ২৬ জুলাই ২০২৪।

প্রশ্ন: টি-২০ ক্রিকেট ইতিহাসে প্রথম কোন বোলার টানা দুই ম্যাচে হ্যাটট্রিক করেন?
উত্তর: অস্ট্রেলিয়ান পেসার প্যাট কামিন্স।

প্রশ্ন: নবম টি-২০ ক্রিকেট বিশ্বকাপ ২০২৪-এর চ্যাম্পিয়ন কোন দেশ?
উত্তর: ভারত।

প্রশ্ন: নবম টি-২০ ক্রিকেট বিশ্বকাপ ২০২৪-এর ফাইনালে 'ম্যান অব দ্যা ম্যাচ' হন কোন খেলোয়াড়?
উত্তর: বিরাট কোহলি (ভারত)।

প্রশ্ন: নবম টি-২০ ক্রিকেট বিশ্বকাপ ২০২৪-এর 'ম্যান অব দ্যা টুর্নামেন্ট' নির্বাচিত হন কোন খেলোয়াড়?
উত্তর: জাসপ্রিত বুমরাহ (ভারত)।

পূর্ব ইউরোপ ও উত্তর এশিয়ায় অবস্থিত দেশ রাশিয়া

www.boimate.com

# সাম্প্রতিক MCQ
## গুরুত্বপূর্ণ প্রশ্ন

কারেন্ট অ্যাফেয়ার্স

### বাংলাদেশ

১. বাংলাদেশ সেনাবাহিনীর নতুন প্রধান কে?
ক আবদুল মুবীন  খ ইকবাল করিম ভূঁইয়া
গ এস এম শফিউদ্দিন আহমেদ  ● ওয়াকার-উজ-জামান

২. বাংলাদেশ বিমান বাহিনীর নতুন প্রধান কে?
● হাসান মাহমুদ খাঁন  খ জামাল উদ্দিন আহমেদ
গ শেখ আব্দুল হান্নান  ঘ মমতাজ উদ্দিন আহমেদ

৩. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ (NCST)-এর সভাপতি কে?
ক রাষ্ট্রপতি  ● প্রধানমন্ত্রী
গ বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী  ঘ কোনোটিই নয়

৪. 'জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ' (NCWCD)-এর সভাপতি কে?
ক রাষ্ট্রপতি  ● প্রধানমন্ত্রী
গ মহিলা ও শিশুবিষয়কমন্ত্রী  ঘ কোনোটিই নয়

৫. দেশের প্রথম ডিজিটাল ব্যাংকের নাম কী?
ক কড়ি ডিজিটাল পিএলসি
● নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি
গ জাপান-বাংলাদেশ ডিজিটাল ব্যাংক
ঘ স্মার্ট ডিজিটাল ব্যাংক

৬. বর্তমানে দেশে তফসিলি ব্যাংক কতটি?
ক ৫৭টি  খ ৬০টি  গ ৬১টি  ● ৬২টি

৭. দেশের ৬২তম তফসিলি ব্যাংক কোনটি?
● নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি
খ নর্থ ইস্ট ডিজিটাল ব্যাংক
গ সিটিজেন ডিজিটাল ব্যাংক
ঘ বিকাশ ডিজিটাল ব্যাংক

৮. ১ জুলাই ২০২৪ সর্বজনীন পেনশন ব্যবস্থায় যুক্ত হওয়া নতুন স্কিমের নাম কী?
ক প্রবাস  খ সুরক্ষা
গ সমতা  ● প্রত্যয়

৯. ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় বাজেটের আকার কত?
ক ৭,০৩,০০০ কোটি টাকা  খ ৭,৬১,০০০ কোটি টাকা
গ ৭,৭৮,০০০ কোটি টাকা  ● ৭,৯৭,০০০ কোটি টাকা

১০. ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে সাধারণ করমুক্ত আয়সীমা কত?
ক ৩ লাখ  ● ৩ লাখ ৫০ হাজার
গ ৪ লাখ  ঘ ৪ লাখ ৫০ হাজার

### বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪

১১. জনসংখ্যা কত?
ক ১৬৮.৫৬ মিলিয়ন  খ ১৬৯.০৮ মিলিয়ন
গ ১৭০.৮৩ মিলিয়ন  ● ১৭১.০০ মিলিয়ন

১২. জনসংখ্যা বৃদ্ধির হার কত?
ক ১.১৫%  খ ১.২০%  গ ১.২৫%  ● ১.৩৩%

১৩. জনসংখ্যার ঘনত্ব/ প্রতি বর্গ কিমি কত?
ক ১,১১৮ জন  খ ১,১৫৬ জন
● ১,১৭১ জন  ঘ ১,১৮০ জন

১৪. প্রত্যাশিত গড় আয়ুষ্কাল কত?
● ৭২.৩ বছর  খ ৭৩.৩ বছর
গ ৭৪.২ বছর  ঘ ৭৪.৭ বছর

১৫. দারিদ্র্যের হার কত?
ক ১৭.৫%  ● ১৮.৭%
গ ২০.৫%  ঘ ২১.৫%

১৬. চরম দারিদ্র্যের হার কত?
● ৫.৬%  খ ৮.৫%  গ ৯.৫%  ঘ ১০.৫%

### কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০২৩

১৭. ধান উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?
● ময়মনসিংহ  খ কুমিল্লা
গ নওগাঁ  ঘ দিনাজপুর

১৮. আম উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?
ক সাতক্ষীরা  ● নওগাঁ
গ রাজশাহী  ঘ চাঁপাইনবাবগঞ্জ

১৯. পাট উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?
ক কুষ্টিয়া  খ পাবনা  ● ফরিদপুর  ঘ মাগুরা

২০. আলু উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?
ক মুন্সীগঞ্জ  খ পাবনা  ● রংপুর  ঘ বগুড়া

২১. গম উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?
● ঠাকুরগাঁও  খ নাটোর
গ দিনাজপুর  ঘ চাঁপাইনবাবগঞ্জ

২২. তুলা উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?
ক রংপুর  খ কুষ্টিয়া
● ঝিনাইদহ  ঘ যশোর

২৩. তামাক উৎপাদনে শীর্ষ জেলা কোনটি?
ক রংপুর  ● কুষ্টিয়া  গ ঝিনাইদহ  ঘ যশোর

### আন্তর্জাতিক

২৪. মেক্সিকোর প্রথম নারী প্রেসিডেন্ট নির্বাচিত হন কে?
● ক্লডিয়া শিনবাউম  খ শোচিত গালভেজ
গ নরমা লুসিয়া পিনা  ঘ এলিজাবেথ ক্যান্ডি স্ট্যান্টন

২৫. আন্তর্জাতিক সভ্যতা-সংলাপ দিবস (International Day for Dialogue among Civilizations) কবে?
ক ১০ এপ্রিল  খ ১০ মে
● ১০ জুন  ঘ ১০ জুলাই

২৬. জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনের সভাপতি কে?
● ফিলেমন ইয়াং  খ পিটার থমসন
গ ডেনিস ফ্রান্সিস  ঘ স্যাম কুটেসা

### উত্তর

| | |
|---|---|
| ১. | ঘ |
| ২. | ক |
| ৩. | খ |
| ৪. | খ |
| ৫. | খ |
| ৬. | ঘ |
| ৭. | ক |
| ৮. | ঘ |
| ৯. | ঘ |
| ১০. | খ |
| ১১. | ঘ |
| ১২. | ঘ |
| ১৩. | গ |
| ১৪. | ক |
| ১৫. | খ |
| ১৬. | ক |
| ১৭. | ক |
| ১৮. | খ |
| ১৯. | গ |
| ২০. | গ |
| ২১. | ক |
| ২২. | গ |
| ২৩. | খ |
| ২৪. | ক |
| ২৫. | গ |
| ২৬. | ক |

রাশিয়া শব্দটি রাশ থেকে উদ্ভূত, যার অর্থ রুশদের ভূমি

www.boimate.com

২৭. ন্যাটোর নতুন মহাসচিব কে?
ⓚ চার্লস মিশেল (বেলজিয়াম)
● মার্ক রুট (নেদারল্যান্ডস)
ⓖ ক্লাউস ইওহানিস (রোমানিয়া)
ⓖh অ্যাঞ্জেলা মার্কেল (জার্মানি)

## রিপোর্ট-সমীক্ষা

২৮. স্বাদু বা মিঠা পানির মৎস্য উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
● ভারত ⓚh বাংলাদেশ
ⓖ চীন ⓖh মিয়ানমার

২৯. স্বাদু বা মিঠা পানির মৎস্য উৎপাদনে বাংলাদেশের অবস্থান কত?
ⓚ প্রথম ● দ্বিতীয় ⓖ তৃতীয় ⓖh চতুর্থ

৩০. ২০২৪ সালের বৈশ্বিক শান্তি সূচকে সবচেয়ে শান্তিপূর্ণ দেশ কোনটি?
● আইসল্যান্ড ⓚh আয়ারল্যান্ড
ⓖ অস্ট্রিয়া ⓖh নিউজিল্যান্ড

৩১. ২০২৪ সালের বৈশ্বিক শান্তি সূচকে সর্বনিম্ন দেশ কোনটি?
ⓚ আফগানিস্তান ⓚh দক্ষিণ সুদান
ⓖ সিরিয়া ● ইয়েমেন

৩২. ২০২৪ সালের বৈশ্বিক শান্তি সূচকে বাংলাদেশের অবস্থান কততম?
● ৯৩তম ⓚh ১৩৫তম
ⓖ ১৪৭তম ⓖh ১৯৬তম

## FAO ফুড আউটলুক ২০২৩

৩৩. গম উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
● চীন ⓚh ভারত ⓖ রাশিয়া ⓖh যুক্তরাষ্ট্র

৩৪. ভুট্টা উৎপাদন ও রপ্তানিতে শীর্ষ দেশ কোনটি?
● যুক্তরাষ্ট্র ⓚh চীন
ⓖ ব্রাজিল ⓖh আর্জেন্টিনা

৩৫. ধান উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
● চীন ⓚh ভারত
ⓖ বাংলাদেশ ⓖh ইন্দোনেশিয়া

৩৬. চাল রপ্তানিতে শীর্ষ দেশ কোনটি?
ⓚ চীন ⓚh থাইল্যান্ড ● ভারত ⓖh যুক্তরাষ্ট্র

৩৭. ধান উৎপাদনে বাংলাদেশের অবস্থান কততম?
ⓚ ১ম ⓚh ২য় ● ৩য় ⓖh ৪র্থ

## সম্মেলন

৩৮. ২৯তম জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন কখন অনুষ্ঠিত হবে?
ⓚ ১১-২২ সেপ্টেম্বর ২০২৪
ⓚh ১১-২২ অক্টোবর ২০২৪
● ১১-২২ নভেম্বর ২০২৪
ⓖh ১১-২২ ডিসেম্বর ২০২৪

৩৯. ২৯তম জাতিসংঘ জলবায়ু পরিবর্তন সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
ⓚ দুবাই, আরব আমিরাত ● বাকু, আজারবাইজান
ⓖ বেলেম, ব্রাজিল ⓖh মাদ্রিদ, স্পেন

৪০. ১৬তম BRICS সম্মেলন কখন অনুষ্ঠিত হবে?
ⓚ ২২-২৪ সেপ্টেম্বর ২০২৪
● ২২-২৪ অক্টোবর ২০২৪
ⓖ ২২-২৪ নভেম্বর ২০২৪
ⓖh ২২-২৪ ডিসেম্বর ২০২৪

৪১. ১৬তম BRICS সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
ⓚ আবুধাবি, সংযুক্ত আরব আমিরাত
ⓚh কায়রো, মিসর
ⓖ তেহরান, ইরান ● কাজান, রাশিয়া

৪২. ২০২৪ সালে ষষ্ঠ বিমসটেক শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
ⓚ নয়াদিল্লি, ভারত ● ব্যাংকক, থাইল্যান্ড
ⓖ কাঠমুন্ডু, নেপাল ⓖh ঢাকা, বাংলাদেশ

৪৩. ২০২৫ সালে ৫১তম G7 শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?
ⓚ আপুলিয়া, ইতালি ⓚh প্যারিস, ফ্রান্স
ⓖ বন, জার্মানি ● আলবার্টা, কানাডা

## সংস্থার সদস্য

৪৪. ১৩ মে ২০২৪ কোন দেশ AIIB'র ৯৬তম সদস্যপদ লাভ করে?
ⓚ লিবিয়া ⓚh দক্ষিণ সুদান
● পাপুয়া নিউগিনি ⓖh নাইজার

৪৫. পুনর্গঠন ও উন্নয়নের জন্য ইউরোপীয় ব্যাংকের (EBRD) বর্তমান সদস্য সংখ্যা কতটি?
ⓚ ৭৩টি ● ৭৫টি
ⓖ ৭৭টি ⓖh ৭৯টি

৪৬. ১০ এপ্রিল ২০২৪ কোন দেশ EBRD'র ৭৫তম সদস্যপদ লাভ করে?
● বেনিন ⓚh দক্ষিণ সুদান
ⓖ ইরাক ⓖh আলজেরিয়া

৪৭. ৭ মে ২০২৪ কোন দেশ IHO'র ১০০তম সদস্যপদ লাভ করে?
ⓚ ইরাক ● কিরিবাতি
ⓖ অ্যাঙ্গোলা ⓖh আলবেনিয়া

## ক্রীড়াঙ্গন

৪৮. ফ্রেঞ্চ ওপেনে পুরুষ এককে চ্যাম্পিয়ন হন কে?
● কার্লোস আলকারাজ ⓚh আলেকজান্ডার জাভেরেভ
ⓖ আন্দ্রে রুবলেভ ⓖh বোর্না ক্যাওরিচ

৪৯. ফ্রেঞ্চ ওপেনে নারী এককে চ্যাম্পিয়ন হন কে?
ⓚ জাসমিন পাওলিনি ● ইগা শিয়াতেক
ⓖ মার্কেটা ভন্ড্রুসভা ⓖh লিউডমিলা কিচেনোক

৫০. ২০২৬ সালে দশম আইসিসি টি-২০ বিশ্বকাপ কোথায় অনুষ্ঠিত হবে?
ⓚ ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্র
● ভারত ও শ্রীলংকা
ⓖ অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড
ⓖh যুক্তরাজ্য ও আয়ারল্যান্ড

কারেন্ট অ্যাফেয়ার্স

**উত্তর**

| | |
|---|---|
| ২৭. | খ |
| ২৮. | ক |
| ২৯. | খ |
| ৩০. | ক |
| ৩১. | ঘ |
| ৩২. | ক |
| ৩৩. | ক |
| ৩৪. | ক |
| ৩৫. | ক |
| ৩৬. | গ |
| ৩৭. | গ |
| ৩৮. | গ |
| ৩৯. | খ |
| ৪০. | খ |
| ৪১. | ঘ |
| ৪২. | খ |
| ৪৩. | ঘ |
| ৪৪. | গ |
| ৪৫. | খ |
| ৪৬. | ক |
| ৪৭. | খ |
| ৪৮. | ক |
| ৪৯. | খ |
| ৫০. | খ |



www.boimate.com

# সংবাদ সমাচার



## গত সংখ্যার বাকি অংশ

**বাংলাদেশ ♦ ২৭.০৫.২০২৪ | সোমবার**

—২৭ বছর ধরে বন্ধ থাকা সরকারি দু'টি বস্ত্রকল সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (PPP) ভিত্তিতে চালু করতে অর্থনৈতিক বিষয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে নীতিগতভাবে অনুমোদন।

—বাংলাদেশের রেটিং 'বিবি মাইনাস' থেকে 'বি প্লাস'-এ নামিয়ে আনে আন্তর্জাতিক রেটিং সংস্থা ফিচ রেটিংস।

**আন্তর্জাতিক**

—গাজায় ফিলিস্তিনি সাংবাদিকদের হত্যার ঘটনায় ইসরায়েলি সেনাবাহিনীর বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতে অভিযোগ দায়ের করে বৈশ্বিক সংগঠন রিপোর্টার্স উইদাউট বর্ডারস (RSF)।

**আন্তর্জাতিক ♦ ২৮.০৫.২০২৪ | মঙ্গলবার**

—জাপানের নাগাসাকি পিস পার্কে বাংলাদেশের ভাস্কর্য 'ওরে বিহঙ্গ মোর' উদ্বোধন।

**বাংলাদেশ ♦ ২৯.০৫.২০২৪ | বুধবার**

—ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের তৃতীয় ধাপে ৮৭ উপজেলায় ভোটগ্রহণ।

**আন্তর্জাতিক ♦ ৩০.০৫.২০২৪ | বৃহস্পতিবার**

—সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ফৌজদারি অপরাধের মামলায় দোষী সাব্যস্ত হন।

—স্বাধীন রাষ্ট্র হিসেবে ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়ার ঘোষণা দেয় মধ্য ইউরোপের দেশ স্লোভেনিয়া।

**আন্তর্জাতিক ♦ ৩১.০৫.২০২৪ | শুক্রবার**

—মার্কিন প্রেসিডেন্ট বাইডেন গাজায় যুদ্ধবিরতি ও বন্দিবিনিময় চুক্তি নিয়ে তিন ধাপের প্রস্তাব দেন।

## জুন

**বাংলাদেশ ♦ ০১.০৬.২০২৪ | শনিবার**

—যশোরের বেনাপোল স্থলবন্দর ও বাগেরহাটের মোংলা সমুদ্রবন্দরের মধ্যে নতুন স্থাপিত রেললাইনে বাণিজ্যিকভাবে ট্রেন চলাচল শুরু।

—পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় বাংলাদেশ নৌবাহিনী ঘাঁটি বানৌজা শের-ই-বাংলায় নবনির্মিত বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজের উদ্বোধন।

**আন্তর্জাতিক**

—সপ্তম দফায় ভোট গ্রহণের মাধ্যমে শেষ হয় ভারতের ১৮তম লোকসভা নির্বাচন।

—কানাডা-যুক্তরাষ্ট্র উদ্বোধনী ম্যাচের মাধ্যমে শুরু হয় টি-২০ বিশ্বকাপের নবম আসর।

**আন্তর্জাতিক ♦ ০২.০৬.২০২৪ | রবিবার**

—মেক্সিকোর প্রথম নারী প্রেসিডেন্ট নির্বাচিত হন ক্লডিয়া শিনবাউম।

—গাজাবাসীর প্রতি সংহতি জানিয়ে ইসরায়েলিদের ভ্রমণ নিষিদ্ধ করে মালদ্বীপ।

—মার্কিন সংবাদমাধ্যম দ্য ওয়াশিংটন পোস্টের ১৪৪ বছরের ইতিহাসে প্রথম নারী নির্বাহী সম্পাদক পদ থেকে পদত্যাগ করেন স্যালি বাজবি।

**বাংলাদেশ ♦ ০৩.০৬.২০২৪ | সোমবার**

—মন্ত্রিসভার বৈঠকে 'জাতীয় জীব নিরাপত্তা নীতি ২০২৪'-এর খসড়া অনুমোদন।

—নেদারল্যান্ডস ও মরিশাসের সঙ্গে দ্বৈত করারোপ পরিহার ও রাজস্ব ফাঁকি রোধে হওয়া চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করে মন্ত্রিসভা।

**আন্তর্জাতিক ♦ ০৪.০৬.২০২৪ | মঙ্গলবার**

—ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দিতে স্লোভেনিয়ার পার্লামেন্টে বিল পাস।

**বাংলাদেশ ♦ ০৫.০৬.২০২৪ | বুধবার**

—দ্বাদশ জাতীয় সংসদের তৃতীয় ও প্রথম বাজেট অধিবেশন শুরু।

—ষষ্ঠ উপজেলা নির্বাচনের চতুর্থ ধাপের ৫৮ উপজেলায় ভোটগ্রহণ।

**আন্তর্জাতিক**

—নতুন সরকার গঠনের লক্ষ্যে পদত্যাগ করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

—তাইওয়ানের কাছে ৮ কোটি ডলারের এফ-১৬ যুদ্ধবিমানের যন্ত্রাংশ বিক্রি অনুমোদন দেয় যুক্তরাষ্ট্র।

**বাংলাদেশ ♦ ০৬.০৬.২০২৪ | বৃহস্পতিবার**

—মন্ত্রিসভায় ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেট পেশ।

**আন্তর্জাতিক**

—তিনদিনব্যাপী দশম ইউরোপীয় পার্লামেন্ট নির্বাচন শুরু।

—আন্তর্জাতিক ন্যায়বিচার আদালতে (ICJ) ইসরায়েলের বিরুদ্ধে গাজায় গণহত্যার অভিযোগে দায়ের করা দক্ষিণ আফ্রিকার মামলায় বাদী হওয়ার ঘোষণা দেয় ইউরোপীয় দেশ স্পেন।

—প্রযুক্তি উদ্যোক্তা ইলন মাস্কের মহাকাশ সংস্থা স্পেস এক্সের তৈরি শক্তিশালী মহাকাশ রকেট স্টারশিপের প্রথমবারের মতো পরীক্ষামূলক উড্ডয়ন সফল হয়।

**আন্তর্জাতিক ♦ ০৭.০৬.২০২৪ | শুক্রবার**

—সশস্ত্র সংঘাতে শিশুদের ক্ষতি করার দায়ে ইসরায়েলের সেনাবাহিনীকে 'কালো তালিকাভুক্ত' করার সিদ্ধান্ত নেয় জাতিসংঘ।

—ডেনমার্কের রাজধানী কোপেনহেগেনের একটি রাস্তায় প্রধানমন্ত্রী মিতে ফেডিরিকসেন প্রকাশ্যে হামলার শিকার হন।

**জুন ২০২৪ সংখ্যার সংশোধনী**

| পৃষ্ঠা | কলাম | লাইন | যা আছে | যা হবে |
|---|---|---|---|---|
| ১৫ | ১ | ২৪ | কলম্বো | কলম্বিয়া |
| ৪৯ | ২ | ৮ | প্রণয়োপাধ্যান | প্রণয়োপাখ্যান |

আয়তনে পৃথিবীর বৃহত্তম দেশ রাশিয়া

www.boimate.com

**বাংলাদেশ ◆ ০৮.০৬.২০২৪ । শনিবার**

— ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শপথ অনুষ্ঠানে যোগ দিতে দিল্লি যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

— টাঙ্গাইলের সখিপুর থানায় অবস্থিত বিমানবাহিনীর ঘাঁটি পাহাড় কাঞ্চনপুরের নাম পরিবর্তন করে 'বীর উত্তম সুলতান মাহমুদ' নামকরণ করা হয়।

**আন্তর্জাতিক**

— গাজায় ইসরায়েলের যুদ্ধের প্রেক্ষিতে কয়লা রপ্তানি স্থগিত করার ঘোষণা দেন কলম্বিয়ার প্রেসিডেন্ট গুস্তাভো পেত্রো।

**বাংলাদেশ ◆ ০৯.০৬.২০২৪ । রবিবার**

— সরকারি চাকরিতে প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে মুক্তিযোদ্ধা কোটা বাতিল করে জারি করা পরিপত্র অবৈধ মর্মে হাইকোর্টের দেওয়া রায় বহাল রাখে চেম্বার জজ আদালত।

**আন্তর্জাতিক**

— নিজ দেশে ইউরোপীয় পার্লামেন্ট নির্বাচনে ডানপন্থীদের কাছে ধরাশায়ী হয়ে আগাম জাতীয় নির্বাচনের ঘোষণা দেন ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাখোঁ।

— ইসরায়েলের যুদ্ধকালীন মন্ত্রিসভা থেকে পদত্যাগ করে বেনি গানৎস।

— বুলগেরিয়ায় তিন বছরের মধ্যে ষষ্ঠবারের মতো জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়।

**বাংলাদেশ ◆ ১০.০৬.২০২৪ । সোমবার**

— জাতীয় সংসদে 'নির্দিষ্টকরণ (সম্পূরক) বিল-২০২৪' পাস।

**আন্তর্জাতিক**

— যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের দেওয়া ফিলিস্তিনের গাজায় যুদ্ধবিরতির প্রস্তাব জাতিসংঘ নিরাপত্তা পরিষদে পাস।

— রাশিয়ার মধ্যাঞ্চলীয় নিঝনি নোভগোরোদ শহরে শুরু হয় ব্রিকসের পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের দুই দিনের বৈঠক।

— জাপানে আশ্রয় চেয়ে তিনবার প্রত্যাখ্যাত হলে অভিবাসন আইনের অধীনে কাউকে দেশ থেকে বের করে দেওয়ার নিয়ম কার্যকর।

**বাংলাদেশ ◆ ১১.০৬.২০২৪ । মঙ্গলবার**

— এয়ার মার্শাল হাসান মাহমুদ খাঁন বিমানবাহিনী প্রধানের দায়িত্বভার গ্রহণ করেন।

**আন্তর্জাতিক**

— যুক্তরাষ্ট্রের ডেলাওয়ার অঙ্গরাজ্যের একটি আদালতে প্রেসিডেন্ট জো বাইডেনের ছেলে হান্টার বাইডেন আগ্নেয়াস্ত্র কেনার সময় মাদকাসক্তি নিয়ে মিথ্যা তথ্য দেওয়ায় ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়।

**বাংলাদেশ ◆ ১২.০৬.২০২৪ । বুধবার**

— বাংলাদেশি নাগরিকদের জন্য ১০ ধরনের ভিসার ওপর আরোপিত নিষেধাজ্ঞা তুলে নেয় ওমান।

**বাংলাদেশ ◆ ১৭.০৬.২০২৪ । সোমবার**

— পবিত্র ঈদুল আযহা পালিত।

**আন্তর্জাতিক ◆ ১৯.০৬.২০২৪ । বুধবার**

— দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট হিসেবে দ্বিতীয়বারের মতো শপথ নেন সিরিল রামাফোসা।

— রাশিয়া ও উত্তর কোরিয়ার মধ্যে সার্বিক কৌশলগত অংশীদারত্ব চুক্তি স্বাক্ষরিত।

**আন্তর্জাতিক ◆ ২০.০৬.২০২৪ । বৃহস্পতিবার**

— রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন রাষ্ট্রীয় সফরে ভিয়েতনাম পৌঁছেন।

**বাংলাদেশ ◆ ২১.০৬.২০২৪ । শুক্রবার**

— প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুই দিনের দ্বিপক্ষীয় সফরে ভারত যান।

**আন্তর্জাতিক**

— তাইওয়ানের স্বাধীনতার শাস্তি হিসেবে মৃত্যুদণ্ড দেওয়ার বিষয়টি বিচারিক নির্দেশিকায় যুক্ত করে চীন।

— ফিলিস্তিনকে আনুষ্ঠানিকভাবে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয় আর্মেনিয়া।

**বাংলাদেশ ◆ ২৩.০৬.২০২৪ । রবিবার**

— বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন জেনারেল ওয়াকার-উজ-জামান।

**বাংলাদেশ ◆ ২৪.০৬.২০২৪ । সোমবার**

— IMF বাংলাদেশের জন্য ৪৭০ কোটি ডলারের ঋণ চুক্তির আওতায় তৃতীয় কিস্তি ছাড়ের অনুমোদন দেয়।

**আন্তর্জাতিক**

— ভারতের ১৮তম লোকসভার অধিবেশন শুরু।

— দোষ স্বীকার করে মার্কিন কর্তৃপক্ষের সঙ্গে সমঝোতা করায় কারাগার থেকে মুক্তি পান উইকিলিকসের প্রতিষ্ঠাতা জুলিয়ান অ্যাসাঞ্জ।

**বাংলাদেশ ◆ ২৫.০৬.২০২৪ । মঙ্গলবার**

— বাংলাদেশকে হারিয়ে প্রথমবার টি-২০ বিশ্বকাপের সেমিফাইনালে ওঠে আফগানিস্তান।

**আন্তর্জাতিক ◆ ২৬.০৬.২০২৪ । বুধবার**

— বিক্ষোভের জেরে কেনিয়ার প্রেসিডেন্ট উইলিয়াম রুটো বিতর্কিত আর্থিক প্রস্তাব বাতিল ঘোষণা করে।

— ন্যাটোর নতুন মহাসচিব নির্বাচিত হন নেদারল্যান্ডসের মার্ক রুটে।

**আন্তর্জাতিক ◆ ২৭.০৬.২০২৪ । বৃহস্পতিবার**

— আটলান্টায় জো বাইডেন ও ডোনাল্ড ট্রাম্পের মধ্যে ৬০তম মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের প্রথম বিতর্ক অনুষ্ঠিত।

— ইউক্রেন ইউরোপীয় ইউনিয়ন, লিথুয়ানিয়া ও এস্তোনিয়ার সঙ্গে নিরাপত্তা চুক্তি স্বাক্ষর করে।

— ভারত সার্কভুক্ত দেশের জন্য ২০২৪-২৭ সাল মেয়াদে মুদ্রা বিনিময় ব্যবস্থা চালু করে।

**আন্তর্জাতিক ◆ ২৮.০৬.২০২৪ । শুক্রবার**

— ইরানের প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত।

**বাংলাদেশ ◆ ২৯.০৬.২০২৪ । শনিবার**

— জাতীয় সংসদে অর্থ বিল ২০২৪ পাস।

**বাংলাদেশ ◆ ৩০.০৬.২০২৪ । রবিবার**

— জাতীয় সংসদে ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় বাজেট পাস।

— ২০২৪ সালের এইচএসসি পরীক্ষা শুরু।

## শীর্ষ সংবাদ

| | |
|---|---|
| ২৮ মে | ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয় স্পেন, নরওয়ে ও আয়ারল্যান্ড। |
| ৩ জুন | দেশের প্রথম ডিজিটাল ব্যাংক হিসেবে লাইসেন্স পায় নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি। |
| ৬ জুন | জাতীয় সংসদে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট পেশ। |
| ৯ জুন | ভারতের প্রধানমন্ত্রী হিসেবে টানা তৃতীয়বার শপথ নেন নরেন্দ্র মোদি। |
| ১৩ জুন | ইতালিতে তিনদিনব্যাপী ৫০তম জি৭ শীর্ষ সম্মেলন শুরু। |
| ২২ জুন | বাংলাদেশ ও ভারতের মধ্যে ১০টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত। |
| ২৩ জুন | বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী। |
| ২৯ জুন | নবম টি-২০ বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয় ভারত। |

পৃথিবীর মোট ভূমির আট ভাগের এক ভাগ রাশিয়া

www.boimate.com

# Recent Info Inquiry

## Bangladesh

**Ques :** New Chief of General Staff (CGS) of Bangladesh Army—
**Ans :** General Waker-Uz-Zaman.

**Ques :** Recently Bangladesh has been elected as the member of the governing body of which organization for the 2024-2027 term?
**Ans :** International Labour Organisation (ILO).

**Ques :** When Govt. employees will be brought under 'Prottoy' scheme?
**Ans :** 1 July 2024.

**Ques :** Country's first digital bank—
**Ans :** Nagad Digital Bank PLC.

**Ques :** What is the name of the monument built by Bangladesh at Nagasaki Peace Park in Japan?
**Ans :** 'Ore Bihongo Mor' by Anindya Pondit.

**Ques :** What is the size of The FY2024-25 budget?
**Ans :** BDT 7,97,000 crore.

**Ques :** What is the number of the 2024-25 budget for Bangladesh?
**Ans :** 53th number.

**Ques :** What is the GDP growth target in the new budget?
**Ans :** 6.75%.

**Ques :** Which award was won by the government in Developing Finance category for the Local Government Initiative on Climate Change (LoGIC)?
**Ans :** Global Center on Adaptation's Local Adaptation Champions Award.

**Ques :** What is the population of Bangladesh according to Bangladesh Economic Review 2024?
**Ans :** 171 million.

## International

**Ques :** First women elected as President of Mexico—
**Ans :** Claudia Sheinbaum.

**Ques :** UNFCCC COP 29 will be held on—
**Ans :** 11-22 November 2024.

**Ques :** Who is North Atlantic Treaty Organization's (NATO) new Secretary General?
**Ans :** Mark Rutt [Netherlands].

**Ques :** When did U.N. Security Council pass Gaza cease-fire proposal drafted by the U.S.?
**Ans :** 10 June 2024.

**Ques :** Who has been appointed the next chief of the Indian Army?
**Ans :** General Upendra Dwivedi.

**Ques :** When BIMSTEC charter entered into force?
**Ans :** 20 May 2024.

**Ques :** On what date Julian Assange was released from HM Prison Belmarsh in London?
**Ans :** 24 June 2024.

**Ques :** Founder of WikiLeaks Julian Assange is a citizen of—
**Ans :** Australia.

**Ques :** 7 June 2024 which country has been added by UN to global list of offenders that harm children?
**Ans :** Israel.

**Ques :** The Rapid Support Forces (RSF) a paramilitary force of which country?
**Ans :** Sudan.

**Ques :** On 19 June 2024 Russia signed defense treaty with—
**Ans :** North Korea.

**Ques :** 50th G7 summit was held in—
**Ans :** Borgo Egnazia in the city of Fasano in Apulia, Italy.

**Ques :** South Africa's President sworn on 19 June 2024—
**Ans :** Cyril Ramaphosa.

**Ques :** President of the General Assembly for the seventy-ninth session—
**Ans :** Philémon Yang, former prime minister of Cameroon.

**Ques :** Which one is the top ranked country in Global Peace Index 2024?
**Ans :** Iceland.

**Ques :** Which country is the latest inclusion 100th member of International Hydrographic Organization?
**Ans :** Kiribati.

**Ques :** Sixth BIMSTEC summit will be held in—
**Ans :** Bankok, Thailand.

## Science and Technology

**Ques :** Which platform is going to organize 'Miss AI', the world's first AI beauty pageant?
**Ans :** The Fanvue World AI Creator Awards (WAICAs).

**Ques :** Recently USA banned which security firm over national security concern?
**Ans :** Russia-based cybersecurity firm Kaspersky.

**Ques :** The first robot that lands on Moon's far side—
**Ans :** China's Chang'e-6.

## Sports

**Ques :** Champions of French Open 2024—
**Ans :** Men's Singles: Carlos Alcaraz (Spain) and Women's Singles: Iga Swiatek (Poland).

**Ques :** 26 July 2024 Opening Ceremony of the 2024 Olympic Games will be held—
**Ans :** On the river Seine (France).

**Ques :** First bowler to take 50 wickets in T-20 World Cup—
**Ans :** Bangladesh all-rounder Shakib al Hasan.

রাশিয়ার রাষ্ট্রীয় নাম Russian Federation

www.boimate.com

# টি-২০ বিশ্বকাপে অপরাজিত চ্যাম্পিয়ন ভারত



আয়োজন : নবম ♦ সময়কাল : ১-২৯ জুন ২০২৪ ♦ অংশগ্রহণকারী দল : ২০টি ♦ ম্যাচ : ৫৫টি ♦ স্বাগতিক : যুক্তরাষ্ট্র এবং ওয়েস্ট ইন্ডিজ ♦ ভেন্যু : ৯টি ♦ চ্যাম্পিয়ন : ভারত (দ্বিতীয়বার) ♦ রানার্সআপ : দক্ষিণ আফ্রিকা ♦ ম্যান অব দ্য ফাইনাল : বিরাট কোহলি (ভারত) ♦ ফাইনালের ভেন্যু ▸ কেনসিংটন ওভাল ব্রিজটাউন, বার্বাডোজ।

■ **বোলিং রেকর্ড** ▸ সর্বাধিক উইকেট : ফজলহক ফারুকি (আফগানিস্তান) ও আর্শদ্বীপ সিং (ভারত); ৮ ম্যাচে ১৭টি • সেরা বোলিং : ফজলহক ফারুকি (আফগানিস্তান); ৫/৯; বিপক্ষ—উগান্ডা • হ্যাটট্রিক : ৩টি; প্যাট কামিন্স (অস্ট্রেলিয়া); ২টি ও ক্রিস জর্ডান (ইংল্যান্ড); ১টি।

■ **ব্যাটিং রেকর্ড** ▸ দলীয় সর্বোচ্চ রান : ওয়েস্ট ইন্ডিজ; ২১৮/৫; বিপক্ষ— আফগানিস্তান • দলীয় সর্বনিম্ন রান : উগান্ডা ৩৯/১০; বিপক্ষ— ওয়েস্ট ইন্ডিজ • সর্বাধিক রান : রহমানউল্লাহ গুরবাজ (আফগানিস্তান); ৮ ম্যাচে ২৮১ • সর্বোচ্চ ইনিংস : নিকোলাস পুরাণ (ওয়েস্ট ইন্ডিজ); ৯৮ (৫৩ বলে) • সর্বাধিক হাফ সেঞ্চুরি : রোহিত শর্মা (ভারত) ও রহমানউল্লাহ গুরবাজ (আফগানিস্তান); ৩টি • সর্বাধিক ছক্কা : নিকোলাস পুরাণ (ওয়েস্ট ইন্ডিজ); ১৭টি।



ম্যান অব দ্য টুর্নামেন্ট
জাসপ্রিত বুমরাহ (ভারত)

■ **বিবিধ** ▸ সর্বাধিক ক্যাচ : এইডেন মার্করাম (দক্ষিণ আফ্রিকা); ৮ ম্যাচে ৮টি • সবচেয়ে বেশি ম্যাচ জয়ী দল : দক্ষিণ আফ্রিকা ও ভারত; ৮টি • সর্বোচ্চ জুটি : রহমানউল্লাহ গুরবাজ-ইব্রাহিম জাদরান (আফগানিস্তান); ১৫৪; বিপক্ষ-উগান্ডা • সবচেয়ে বেশি ডিসমিসাল : ঋষভ পান্থ (ভারত); ১৪টি • স্মার্ট ক্যাচ অব দ্য ম্যাচ : সূর্যকুমার যাদব (ভারত)।

♦ টি-২০ বিশ্বকাপে প্রথম ক্রিকেটার হিসেবে ৫০ উইকেটের অধিকারী বাংলাদেশের সাকিব আল হাসান।

♦ টি-২০ বিশ্বকাপের ইতিহাসে কোনো স্বাগতিক দল এখনো চ্যাম্পিয়ন হতে পারেনি।

♦ তৃতীয় দল হিসেবে দ্বিতীয়বার চ্যাম্পিয়ন ও একমাত্র অপরাজিত দল হিসেবে চ্যাম্পিয়ন হয় ভারত।

## প্রাইজমানি (মার্কিন ডলার)

- চ্যাম্পিয়ন : ২৪ লাখ ৫০ হাজার
- রানার্সআপ : ১২ লাখ ৮০ হাজার
- সেমিফাইনালিস্ট : ৭ লাখ ৮৭ হাজার ৫০০
- সুপার এইট : ৩ লাখ ৮২ হাজার ৫০০
- ৯-১২তম : ২ লাখ ৪৭ হাজার ৫০০
- ১৩-২০তম : ২ লাখ ২৫ হাজার

— এছাড়া প্রথম পর্ব ও সুপার এইটে প্রতিটি ম্যাচের জয়ী দল পায় ৩১,১৫৪ ডলার।

♦ ম্যান অব দ্য টুর্নামেন্ট : ১৫ হাজার
♦ ম্যান অব দ্য ফাইনাল : ৫ হাজার
♦ স্মার্ট ক্যাচ অব দ্য ম্যাচ : ৩ হাজার

## রোল অব অনার

| আসর | চ্যাম্পিয়ন | রানার্স আপ |
|---|---|---|
| ২০০৭ | ভারত | পাকিস্তান |
| ২০০৯ | পাকিস্তান | শ্রীলংকা |
| ২০১০ | ইংল্যান্ড | অস্ট্রেলিয়া |
| ২০১২ | ওয়েস্ট ইন্ডিজ | শ্রীলংকা |
| ২০১৪ | শ্রীলংকা | ভারত |
| ২০১৬ | ওয়েস্ট ইন্ডিজ | ইংল্যান্ড |
| ২০২১ | অস্ট্রেলিয়া | নিউজিল্যান্ড |
| ২০২২ | ইংল্যান্ড | পাকিস্তান |
| ২০২৪ | ভারত | দক্ষিণ আফ্রিকা |

## দশম টি-২০ বিশ্বকাপে খেলবে যারা

**মোট দল ২০টি**

স্বাগতিক ২ দল

ভারত শ্রীলংকা

২০২৪ বিশ্বকাপের সুপার এইটের ৭ দল*
আফগানিস্তান, অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজ

র‌্যাংকিংয়ের ভিত্তিতে ৩ দল
নিউজিল্যান্ড, পাকিস্তান ও আয়ারল্যান্ড

আঞ্চলিক বাছাইপর্ব থেকে ৮ দল
আফ্রিকা ২টি। এশিয়া ২টি
ইউরোপ ২টি। আমেরিকা ১টি
পূর্ব এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় ১টি

* স্বাগতিক হওয়ায় ভারত ব্যতীত বাকী ৭ দল



www.boimate.com

# বিশ্বমঞ্চে বাংলাদেশ

## বাংলাদেশের স্মৃতিস্তম্ভ 'ওরে বিহঙ্গ মোর'

২৮ মে ২০২৪ জাপানের নাগাসাকি শহরের পিস পার্কে বাংলাদেশের নিজস্ব অর্থায়নে নির্মিত শান্তি স্মৃতিস্তম্ভ 'ওরে বিহঙ্গ মোর' উদ্বোধন করা হয়। স্থপতি অনিন্দ্য পণ্ডিতের নকশায় ৩ মিটার উঁচু এ স্মৃতিস্তম্ভটি কালো গ্রানাইট ও সাদা মার্বেল পাথর দিয়ে নির্মিত। টোকিও'র বাংলাদেশ দূতাবাসের সহযোগিতায় স্মৃতিস্তম্ভটি নির্মাণ করে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তর। উল্লেখ্য, নাগাসাকির পিস পার্কে বিশ্বের ১৫টি দেশ তাদের ভাস্কর্য স্থাপন করে।



## UNICEF ইন্টারন্যাশনাল কাউন্সিলের চেয়ার

২৪ মে ২০২৪ ইউনিসেফ ইন্টারন্যাশনাল কাউন্সিলের পরবর্তী চেয়ার হিসেবে সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানের নাম ঘোষণা করে জাতিসংঘ শিশু তহবিল (UNICEF)। ২০২৪ সালের নভেম্বরে তিনি কাউন্সিলের অভিষেক চেয়ার মারিয়া আহলস্ট্রোম-বন্ডেস্ট্যামের কাছ থেকে দায়িত্ব গ্রহণ করবেন। ব্যক্তি খাতের ১৫০ জনের মতো সমাজসেবী ও অংশীদারের এক অনন্য কমিউনিটি 'ইউনিসেফ ইন্টারন্যাশনাল কাউন্সিল'। বিশ্বজুড়ে শিশুদের সহায়তা করতে ইউনিসেফে সম্মিলিতভাবে ৫৫ কোটির বেশি বিনিয়োগ করে আন্তর্জাতিক এ কাউন্সিলের সদস্যরা।

## লোয়েস্টওফটের মেয়র

২১ মে ২০২৪ যুক্তরাজ্যের লোয়েস্টওফট টাউন হল থেকে প্রথম বাংলাদেশি বংশোদ্ভূত হিসেবে নাসিমা বেগম মেয়র নির্বাচিত হয়। নাসিমা বেগম সুনামগঞ্জের কামারখাল গ্রামের বাসিন্দা। তার জন্ম যুক্তরাজ্যের লোয়েস্টওফট টাউনে। তিনি টানা তিনবার এ টাউন হলের ডেপুটি মেয়র হিসেবে দায়িত্ব পালন করেন। এবার তিনি মেয়র নির্বাচিত হন।

## জাতিসংঘের দ্বিতীয় কমিটির চেয়ার

সাধারণ পরিষদের দ্বিতীয় কমিটি জাতিসংঘের অর্থনৈতিক, আর্থিক এবং পরিবেশগত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ও কার্যক্রম তদারকি করে। ৬ জুন ২০২৪ জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মোহাম্মদ আবদুল মুহিত সর্বসম্মতিক্রমে জাতিসংঘ সাধারণ পরিষদের আসন্ন ৭৯তম অধিবেশনের দ্বিতীয় কমিটির চেয়ার নির্বাচিত হন।

## ILO'র গভর্নিং বডির সদস্য

৭ জুন ২০২৪ বাংলাদেশ ২০২৪-২৭ মেয়াদের জন্য আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) গভর্নিং বডির পূর্ণ সদস্য নির্বাচিত হয়। সুইজারল্যান্ডের জেনেভায় ১১২তম আন্তর্জাতিক শ্রম সম্মেলনে অনুষ্ঠিত নির্বাচনে বাংলাদেশ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়। ILO'র পরিচালনা পর্ষদ ও নীতি নির্ধারণী ফোরাম গভর্নিং বডিতে সরকারের জন্য ২৮টি সদস্যপদ রয়েছে। যার মধ্যে ১০টি উচ্চ শিল্প গুরুত্বসম্পন্ন দেশের জন্য সংরক্ষিত থাকে। অবশিষ্ট ১৮টি সরকারি সদস্যপদের জন্য ILO'র ১৭৭টি দেশ প্রতিদ্বন্দ্বিতা করে থাকে। ইতোপূর্বে বাংলাদেশ ১৯৯৬-৯৯ ও ২০০৮-১১ মেয়াদে সংস্থাটির গভর্নিং বডির সদস্য হিসেবে নির্বাচিত হয়।

## GCSJ'র সদস্য বাংলাদেশ

১৩ জুন ২০২৪ বাংলাদেশ আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) উদ্যোগে প্রতিষ্ঠিত Global Coalition for Social Justice (GCSJ) এ যোগ দেয়। বহুপাক্ষিক সহযোগিতা ও অংশীদারত্ব জোরদার করায় বিশ্বব্যাপী সামাজিক ন্যায়বিচার ও ন্যায্যতার ঘাটতি পূরণ করে জাতিসংঘ ঘোষিত 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-২০৩০' অর্জনে অবদান রাখার লক্ষ্য নিয়ে ২০২৩ সালের নভেম্বরে এ জোট প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ জোটটিতে ৭৩তম সদস্য হিসেবে যোগ দেয়। সরকার ছাড়াও বিভিন্ন দেশের শ্রমিক সংগঠন, মালিক সংগঠন, বেসরকারি সংস্থা, গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থা, বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান ও কতিপয় ব্যবসা প্রতিষ্ঠানও এর অংশীদার।

## ECOSOC'র সদস্য

ECOSOC জাতিসংঘের মূল ৬টি অঙ্গসংস্থার একটি এবং বহুপক্ষীয় ও উন্নয়ন কূটনীতি প্রশ্নে জাতিসংঘের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্লাটফর্ম হিসেবে পরিচিত। ECOSOC'র সদস্য ৫৪টি। প্রতি বছর এক-তৃতীয়াংশ অর্থাৎ ১৮টি সদস্যের মেয়াদ শেষ হয়। ৬ জুন ২০২৪ জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের (ECOSOC) নির্বাচনে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রার্থী হিসেবে ২০২৫-২৭ মেয়াদে নির্বাচিত হয় বাংলাদেশ। এর আগে বাংলাদেশ ১৯৭৬-৭৮, ১৯৮১-৮৩, ১৯৮৫-৮৭, ১৯৯২-৯৪, ১৯৯৬-৯৮, ২০০৪-২০০৬, ২০১০-১২, ২০১৪-১৬, ২০২০-২২ মেয়াদে এ সংস্থার সদস্য নির্বাচিত হয়।



www.boimate.com



টেকসই উন্নয়নের পরিক্রমায় স্মার্ট বাংলাদেশের স্বপ্নযাত্রা

# জাতীয় বাজেট ২০২৪-২৫

১৯৭২ সালে দেশের প্রথম বাজেট পেশ করেন তৎকালীন অর্থমন্ত্রী তাজউদ্দিন আহমেদ। আর ৬ জুন ২০২৪ বর্তমান অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী দেশের ৫৩তম বাজেট পেশ করেন। ২০২৪-২৫ অর্থবছরের বাজেটের উল্লেখযোগ্য বিষয় নিয়ে আমাদের এ আয়োজন।

- বাজেট : ৫৩তম (অন্তর্বর্তীকালীন বাজেট ব্যতীত)
- ঘোষণা : ৬ জুন ২০২৪
- ঘোষক : আবুল হাসান মাহমুদ আলী (প্রথম বার)
- বাজেট পাস : ৩০ জুন ২০২৪
- বাজেট কার্যকর : ১ জুলাই ২০২৪

– আওয়ামী লীগ সরকারের টানা ১৬তম এবং মোট ২৬তম বাজেট। সর্বাধিক বাজেট পেশ করেন এম সাইফুর রহমান ও আবুল মাল আব্দুল মুহিত (প্রত্যেকে ১২ বার করে)।

## এক নজরে বাজেট

বাজেটের আকার | ৭,৯৭,০০০ কোটি টাকা

পরিচালন ব্যয় • ৫,০৬,৯৭১ কোটি টাকা

উন্নয়ন ব্যয় • ২,৯০,০২৯ কোটি টাকা

অর্থ সংস্থান

রাজস্ব আয় • ৫,৪১,০০০ কোটি টাকা

বৈদেশিক অনুদান • ৪,৪০০ কোটি টাকা

ঘাটতি (অনুদানসহ) • ২,৫১,৬০০ কোটি টাকা

GDP'র প্রবৃদ্ধি | ৬.৭৫%

মূল্যস্ফীতি | ৬.৫%

মোট GDP | ৫৫,৯৭,৪১৪ কোটি টাকা

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) | ২,৬৫,০০০ কোটি টাকা (মোট বাজেটের ৩৩.২৫%)

## আর্থ-সামাজিক খাতের অগ্রগতি

- মাথাপিছু জাতীয় আয় ২০২৩-২৪ : ২,৭৮৪ (মা.ড.)
- প্রত্যাশিত গড় আয়ুষ্কাল ২০২৩ : ৭২.৩ বছর
- জনসংখ্যা বৃদ্ধির হার ২০২৩ : ০.৬৯%
- সাক্ষরতার হার ২০২৩ : ৭৭.৯%
- দরিদ্র জনসংখ্যা ২০২২ : ১৮.৭%
- অতিদরিদ্র জনসংখ্যা ২০২২ : ৫.৬%
- শিশুমৃত্যু হার (প্রতি হাজারে) ২০২৩ : ২৭ জন
- GDP'র প্রবৃদ্ধি (সাময়িক) ২০২৩-২৪ : ৫.৮২%
- মূল্যস্ফীতি (প্রাক্কলিত) ২০২৩-২৪ : ৮.০%।

## করমুক্ত আয়সীমা

| শ্রেণি | ২০২৪-২৫ (টাকা) |
|---|---|
| সাধারণ | ৩,৫০,০০০ |
| নারী ও ৬৫ বছর বা তদূর্ধ্ব | ৪,০০,০০০ |
| প্রতিবন্ধী ব্যক্তি ও তৃতীয় লিঙ্গ | ৪,৭৫,০০০ |
| যুদ্ধাহত মুক্তিযোদ্ধা (গেজেটভুক্ত) | ৫,০০,০০০ |

## যত টাকা আয়ে যত কর

| বার্ষিক আয় | অর্থবছর (২০২৪-২৫) |
|---|---|
| ০-৩,৫০,০০০ টাকা | ০ |
| ৩,৫০,০০১-৪,৫০,০০০ টাকা | ৫% |
| ৪,৫০,০০১-৮,৫০,০০০ টাকা | ১০% |
| ৮,৫০,০০১-১৩,৫০,০০০ টাকা | ১৫% |
| ১৩,৫০,০০১-১৮,৫০,০০০ টাকা | ২০% |
| ১৮,৫০,০০১-৩৮,৫০,০০০ | ২৫% |
| অবশিষ্ট টাকার ওপর | ৩০% |


## সর্বোচ্চ বরাদ্দ

জনপ্রশাসন খাত | ১,৭৫,৭৭৪ কোটি টাকা
মোট বাজেটের ২২.০৫%

শিক্ষা ও প্রযুক্তি খাত | ১,১১,১৫৭ কোটি টাকা
মোট বাজেটের ১৩.৯৫%

পরিবহন ও যোগাযোগ | ৮২,৯১৮ কোটি টাকা
মোট বাজেটের ১০.৪০%

## আরও যেসব পরিবর্তন



- ১৫% কর দিলেই কালোটাকা সাদা
- ধনীদের ওপর ৫% বেশি কর
- মিষ্টি পানীয়ের ওপর ৩% টার্নওভার কর।
- মোবাইল ফোনের সিম কার্ড ব্যবহারে সম্পূরক শুল্ক ১৫%-এর পরিবর্তে ২০%
- জলবায়ু অভিযোজনের সক্ষমতা বৃদ্ধিতে ১০০ কোটি টাকার বিশেষ বরাদ্দ।

সোভিয়েত ইউনিয়নের সর্বশেষ প্রেসিডেন্ট মিখাইল গর্বাচেভ পদত্যাগ করেন ২৫ ডিসেম্বর ১৯৯১

www.boimate.com

## এক নজরে বাজেট

*(কোটি টাকায়)*

| বিবরণ | বাজেট ২০২৪-২৫ | সংশোধিত ২০২৩-২৪ | বাজেট ২০২৩-২৪ | হিসাব ২০২২-২৩ |
|---|---|---|---|---|
| রাজস্ব প্রাপ্তি ও বৈদেশিক অনুদান | | | | |
| রাজস্ব প্রাপ্তি (বিবরণী)-১ | ৫,৪১,০০০ | ৪,৭৮,০০০ | ৫,০০,০০০ | ৩,৬৬,৬৫৮ |
| করসমূহ | ৪,৯৫,০০০ | ৪,২৯,০০০ | ৪,৫০,০০০ | ৩,২৭,৭২৫ |
| জাতীয় রাজস্ব বোর্ড নিয়ন্ত্রিত করসমূহ | ৪,৮০,০০০ | ৪,১০,০০০ | ৪,৩০,০০০ | ৩,১৯,৭৩১ |
| জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত করসমূহ | ১৫,০০০ | ১৯,০০০ | ২০,০০০ | ৭,৯৯৪ |
| কর ব্যতীত প্রাপ্তি | ৪৬,০০০ | ৪৯,০০০ | ৫০,০০০ | ৩৮,৯৩৩ |
| বৈদেশিক অনুদান/১ (বিবরণী-৫) | ৪,৪০০ | ৩,৫০০ | ৩,৯০০ | ২,৭৫২ |
| মোট- | ৫,৪৫,৪০০ | ৪,৮১,৫০০ | ৫,০৩,৯০০ | ৩,৬৯,৪১০ |
| ব্যয় | | | | |
| পরিচালন ব্যয় | ৫,০৬,৯৭১ | ৪,৫৩,২২৮ | ৪,৭৫,২৮১ | ৩,৬৯,৮৬৪ |
| আবর্তক ব্যয় (বিবরণী-৩) | ৪,৬৮,৯৮৩ | ৪,৩৪,০৫৭ | ৪,৩৬,২৪৭ | ৩,৫৭,০৯৮ |
| এর মধ্যে— | | | | |
| অভ্যন্তরীণ ঋণের সুদ | ৯৩,০০০ | ৮৯,৫০০ | ৮২,০০০ | ৮২,৬৭০ |
| বৈদেশিক ঋণের সুদ | ২০,৫০০ | ১৫,৮০০ | ১২,৩৭৬ | ৯,৪৩৭ |
| মূলধন ব্যয়/২ (বিবরণী-৪) | ৩৭,৯৮৯ | ১৯,১৭০ | ৩৯,০৩৪ | ১২,৭৬৬ |
| খাদ্য হিসাব (বিবরণী-৮) | ১১৯ | - ১,২৩৪ | ৫০২ | ১,০১৩ |
| ঋণ ও অগ্রিম (নীট)/৩ (বিবরণী-৬ক) | ৮,৪৫৭ | ২,৪১৭ | ৮,৪২০ | - ২,১৭৮ |
| উন্নয়ন ব্যয় | ২,৮১,৪৫৩ | ২,৬০,০০৭ | ২,৭৭,৫৮২ | ২,০৫,১৫৮ |
| স্কিম/৪ (বিবরণী-১০) | ৫,৯৪৩ | ৪,৩৭৮ | ৩,৭৬৮ | ৪,৫৬৮ |
| এডিপি বহির্ভূত বিশেষ প্রকল্প (বিবরণী-৬ক) | ৭,৬২৭ | ৭,৮৫৩ | ৭,৯৮৬ | ৫,৭৯৫ |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি/৫ (বিবরণী-৯) | ২,৬৫,০০০ | ২,৪৫,০০০ | ২,৬৩,০০০ | ১,৯১,৯২৭ |
| কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি (এডিপি বহির্ভূত) ও স্থানান্তর (বিবরণী-১০) | ২,৮৮৪ | ২,৭৭৫ | ২,৮২৮ | ২,৮৬৮ |
| মোট- ব্যয় : | ৭,৯৭,০০০ | ৭,১৪,৪১৮ | ৭,৬১,৭৮৫ | ৫,৭৩,৮৫৭ |
| সামগ্রিক ঘাটতি (অনুদানসহ) : | -২,৫১,৬০০ | -২,৩২,৯১৮ | -২,৫৭,৮৮৫ | -২,০৪,৪৪৭ |
| (জিডিপির শতকরা হার) : | - ৪.৫ | - ৪.৬ | - ৫.২ | - ৪.৬ |
| সামগ্রিক ঘাটতি (অনুদান ব্যতীত) : | -২,৫৬,০০০ | -২,৩৬,৪১৮ | -২,৬১,৭৮৫ | -২,০৭,১৯৯ |
| (জিডিপির শতকরা হার) : | - ৪.৬ | - ৪.৭ | - ৫.২ | - ৪.৭ |
| অর্থ সংস্থান | | | | |
| বৈদেশিক ঋণ-নীট | ৯০,৭০০ | ৭৬,২৯৩ | ১,০২,৪৯০ | ৭৯,১৫৬ |
| বৈদেশিক ঋণ (বিবরণী-৫) | ১,২৭,২০০ | ১,০২,৬৯৩ | ১,২৭,১৯০ | ৯৬,৬৪৭ |
| বৈদেশিক ঋণ পরিশোধ (বিবরণী-৯) | -৩৬,৫০০ | -২৬,৪০০ | -২৪,৭০০ | -১৭,৪৯১ |
| অভ্যন্তরীণ ঋণ (বিবরণী-৬খ) | ১,৬০,৯০০ | ১,৫৬,৬২৫ | ১,৫৫,৩৯৫ | ১,২৪,৩৬১ |
| ব্যাংকিং ব্যবস্থা হতে অর্থায়ন (নীট) | ১,৩৭,৫০০ | ১,৫৫,৯৩৫ | ১,৩২,৩৯৫ | ১,১৮,০২৫ |
| দীর্ঘমেয়াদি ঋণ (নীট) | ৭২,৬৮২ | ৯৫,৭৪৩ | ৮৬,৫৮০ | ৫২,৩৩৫ |
| স্বল্পমেয়াদি ঋণ (নীট) | ৬৪,৮১৮ | ৬০,১৯২ | ৪৫,৮১৫ | ৬৫,৬৯০ |
| ব্যাংক বহির্ভূত ঋণ (নীট) | ২৩,৪০০ | ৬৯০ | ২৩,০০০ | ৬,৩৩৬ |
| জাতীয় সঞ্চয় প্রকল্পসমূহ (নীট) | ১৫,৪০০ | -৭,৩১০ | ১৮,০০০ | -৩,৩৪৭ |
| অন্যান্য (নীট)/৭ (বিবরণী-৭) | ৮,০০০ | ৮,০০০ | ৫,০০০ | ৯,৬৮৪ |
| মোট- অর্থ সংস্থান : | ২,৫১,৬০০ | ২,৩২,৯১৮ | ২,৫৭,৮৮৫ | ২,০৩,৫১৮ |
| মেমোরেন্ডাম আইটেম- GDP : | ৫৫,৯৭,৪১৪ | ৫০,৪৮,০২৭ | ৫০,০৬,৭৮২ | ৪৪,৩৯,২৭৩ |

### বয়স্ক ভাতা পাবেন আরও ২ লাখ মানুষ

নতুন অর্থবছরে বয়স্ক ভাতাভোগীর সংখ্যা ২ লাখ বৃদ্ধি করে ৬০ লাখ ১০০০ জনে উন্নীত করার সিদ্ধান্ত নেওয়া হয়। এ খাতে ৪,৩৫১ কোটি টাকা বরাদ্দ দেওয়া হবে। এছাড়া, ভাতাপ্রাপ্ত বিধবা ও স্বামী নিগৃহীতা নারীর সংখ্যা বর্তমানে ২৫,৭৫,০০০ জন থেকে বৃদ্ধি করে ২৭,৭৫,০০০ জনে উন্নীত করা হয়।

**স্বল্প আয়ের মানুষের জন্য ফ্ল্যাট**
২০২৪-২৫ অর্থবছরে স্বল্প আয়ের মানুষের জন্য ৪,০৩২টি আবাসিক ফ্ল্যাট নির্মাণের সিদ্ধান্ত নেয় সরকার। এসব ফ্ল্যাট নির্মাণের পর স্বল্প আয়ের মানুষের কাছে ভাড়া দেওয়া হবে। অনুমোদন পেলে টঙ্গী, গাজীপুর, ঢাকার শ্যামপুর ও কদমতলী, নারায়ণগঞ্জের চনপাড়া ও খুলনার হরিণঘাটা এলাকায় এসব ফ্ল্যাট নির্মাণ করা হবে।


**সর্বজনীন পেনশন বাধ্যতামূলক**
১৭ আগস্ট ২০২৩ দেশে সর্বজনীন পেনশনের ৪টি স্কিম (প্রবাস, প্রগতি, সুরক্ষা ও সমতা) চালু করা হয়। এরপর সরকারি চাকরিজীবীদেরও বাধ্যতামূলক সর্বজনীন পেনশন কর্মসূচির (প্রত্যয় স্কিম) আওতায় আনার পরিকল্পনা করা হয়। ১ জুলাই ২০২৫ এর পর সরকারি চাকরিতে যারা নতুন নিয়োগ পাবেন, তারা সর্বজনীন পেনশন কর্মসূচির আওতাভুক্ত হবেন। উল্লেখ্য, ১০ মার্চ ২০২৪ প্রজ্ঞাপনের মাধ্যমে বিধিমালা সংশোধন করে প্রত্যয় নামক নতুন একটি স্কিম যুক্ত করা হয়।

■ **এমপিদের গাড়িতে শুল্ক :** কর অব্যাহতির সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে সংসদ সদস্যদের শুল্কমুক্ত সুবিধায় গাড়ি আমদানির সুযোগ বাতিল করা হয়েছে। এখন এমপিদের গাড়ি আমদানি করতে ২৫% আমদানি শুল্ক এবং ১৫% ভ্যাট দিতে হবে।



www.boimate.com

# বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪



বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা দেশের আর্থ-সামাজিক পরিস্থিতির সার্বিক চিত্র সংবলিত একটি নিয়মিত বার্ষিক প্রকাশনা। ২০২৩ ও ২০২৪ সালের সমীক্ষার উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ তথ্য-উপাত্ত তুলে ধরা হলো।

## আর্থ-সামাজিক নির্দেশকসমূহ : তুলনামূলক চিত্র ২০২৩ ও ২০২৪

| ক্যাটাগরি | ২০২৩ | ২০২৪ |
|---|---|---|
| **সাধারণ জনমিতিক পরিসংখ্যান** | | |
| জনসংখ্যা (মিলিয়ন) | ১৬৯.৮৩ | ১৭১.০০ |
| জনসংখ্যা বৃদ্ধির হার (%) | ১.৩ | ১.৩৩ |
| পুরুষ-মহিলা অনুপাত | ৯৮.১ | ৯৬.৩ |
| জনসংখ্যার ঘনত্ব/বর্গ কিমি (জন) | ১,১৫৩ | ১,১৭১ |
| **মৌলিক জনমিতিক পরিসংখ্যান** | | |
| স্থূল জন্মহার (প্রতি হাজার) জন | ১৮.৮ | ১৯.৪ |
| স্থূল মৃত্যুহার (প্রতি হাজার) জন | ৫.৭ | ৬.১ |
| শিশু মৃত্যুহার [এক বছরের কমবয়সি (প্রতি হাজারে জীবিত জন্মে)] জন | ২২ | ২৭ |
| প্রজনন হার (১৫-৪৯ বয়সি নারী) | ২.০৫ | ২.১৭ |
| জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার (%) | ৬৫.৬ | ৬২.১ |
| প্রত্যাশিত আয়ুষ্কাল (বছর) | ৭২.৩ | ৭২.৩ |
| পুরুষ | ৭০.৬ | ৭০.৮ |
| মহিলা | ৭৪.১ | ৭৩.৮ |
| বিবাহের গড় বয়স পুরুষ (বছর) | ২৬.৩ | ২৫.৪ |
| বিবাহের গড় বয়স মহিলা (বছর) | ২০.৭ | ১৮.৮ |
| **সামাজিক সেবা (%)** | | |
| সুপেয় পানি গ্রহণকারী | ৯৮.২ | ৯৮.২ |
| স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারকারী | ৮৫.৮ | ৯৩.৬৩ |
| সাক্ষরতার হার (৭ বছর+) | ৭৬.৪ | ৭৭.৯ |
| পুরুষ | ৭৮.৬ | ৮০.১ |
| মহিলা | ৭৪.২ | ৭৫.৮ |
| **শ্রমশক্তি ও কর্মসংস্থান (কোটি)** | | |
| মোট শ্রমশক্তি (১৫ বছর+) | ৭.৩৪ | ৭.৩৫ |
| পুরুষ | ৪.৭৫ | ৪.৮০ |
| মহিলা | ২.৫৯ | ২.৫৫ |
| **শ্রমশক্তির শতকরা হার** | | |
| কৃষি | ৪৫.৩৩ | ৪৫.০০ |
| শিল্প | ১৭.০২ | ১৭.০০ |
| সেবা | ৩৭.৬৫ | ৩৮.০০ |
| **দারিদ্র্য পরিস্থিতি (%)** | | |
| দারিদ্র্যের হার | ১৮.৭ | ১৮.৭ |
| চরম দারিদ্র্যের হার | ৫.৬ | ৫.৬ |

| ক্যাটাগরি | ২০২৩ | ২০২৪ |
|---|---|---|
| **মোট দেশজ উৎপাদন GDP (সাময়িক)** | | |
| চলতি মূল্যে GDP (কোটি) | ৪৪,৩৯,২৭৩ | ৫০,৪৮,০২৭ |
| স্থির মূল্যে GDP (কোটি) | ৩২,১৮,০৩১ | ৩৩,৯৭,২৩১ |
| স্থির মূল্যে GDP প্রবৃদ্ধির হার (%) | ৬.০৩ | ৫.৮২ |
| চলতি মূল্যে মাথাপিছু GDP (টাকা) | ২,৫৯,৯১৯ | ২,৯৪,১৯১ |
| চলতি মূল্যে মাথাপিছু GDP (মা.ড) | ২,৬৫৭ | ২,৬৭৫ |
| চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় (টাকা) | ২,৭০,৪১৪ | ৩,০৬,১৪৪ |
| চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় (মা.ড) | ২,৭৬৫ | ২,৭৮৪ |
| **পরিবহণ (কিলোমিটার)** | | |
| মোট সড়ক | ২২,৪৭৬ | ২২,৪৭৬ |
| জাতীয় মহাসড়ক | ৩,৯৯১ | ৩,৯৯১ |
| আঞ্চলিক মহাসড়ক | ৪,৮৯৮ | ৪,৮৯৮ |
| ফিডার/জেলা রোড | ১৩,৫৮৭ | ১৩,৫৮৭ |
| রেলপথ | ৩,১০১ | ৩,২৫৪ |
| **সঞ্চয় ও বিনিয়োগ (GDP'র %) (সাময়িক)** | | |
| দেশজ সঞ্চয় | ২৬.০২ | ২৭.৬১ |
| জাতীয় সঞ্চয় | ৩০.২২ | ৩১.৮৬ |
| মোট বিনিয়োগ | ৩১.২৫ | ৩০.৯৮ |
| সরকারি | ৭.৬১ | ৭.৪৭ |
| বেসরকারি | ২৩.৬৪ | ২৩.৫১ |
| **মূল্যস্ফীতি (%)** | | |
| সাধারণ | ৯.২৪ | ৯.৭৪ |
| খাদ্য | ৮.৮৪ | ১০.২২ |
| খাদ্য-বহির্ভূত | ৯.৭২ | ৯.৩৪ |
| **বৈদেশিক লেনদেন ভারসাম্য (মি.মা.ড.)** | | |
| রপ্তানি আয়, এফওবি | ৩৪,৯৬৬ | ৪০,৮৭৫ |
| আমদানি ব্যয়, এফওবি | ৪৮,৭৯৪ | ৪৫,৬২০ |
| চলতি হিসাবের ভারসাম্য | -৪,৩৮৭ | ৫,৭৯৯ |
| সার্বিক ভারসাম্য | -৭,৯৪৯ | -৪,৭৫৪ |
| প্রবাসীদের প্রেরিত অর্থ | ১৪,০১৩.৪ | ১৭,০৭৪ |
| বৈদেশিক মুদ্রার গ্রস রিজার্ভ | ৩২,৫৬৭ ([illegible]) | ২৪,০৯১.৬০ ([illegible]) |
| **বৈদেশিক মুদ্রার বিনিময় হার (টাকা/মার্কিন ডলার)** | | |
| গড় বিনিময় হার | [illegible] | [illegible] |

‘গ্লাসনস্ত’ ও ‘পেরেস্ত্রইকা’ নীতির প্রবর্তক অথচ ইউরোপের [illegible]

www.boimate.com

## রাজস্ব নীতি ও ব্যবস্থাপনা

✓ ২০২৩-২৪ অর্থবছরে ADP'র আকার ধরা হয়— ২,৬৩,০০০ কোটি টাকা।
✓ ২০২৩-২৪ অর্থবছরে ADP'র অন্তর্ভুক্ত প্রকল্প সংখ্যা— ১২৫০টি।
✓ ২০২৩-২৪ অর্থবছরে ADP'র সংশোধিত বরাদ্দের মধ্যে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত খাত— পরিবহন ও যোগাযোগ (২৮.১৫%)।

## বহিঃখাত

✓ ২০২৩-২৪ অর্থবছরে (জুলাই-ফেব্রুয়ারি) মোট ৩৮,৪৫২ মিলিয়ন মা. ড. রপ্তানি আয় অর্জিত হয়।
✓ বাংলাদেশ সবচেয়ে বেশি রপ্তানি করে— যুক্তরাষ্ট্রে (৬,১০৩.১৮ মি.মা.ড.), দ্বিতীয় জার্মানিতে (৪,৩১২.১১ মি.মা.ড.)।
✓ বাংলাদেশ সবচেয়ে বেশি আমদানি করে— চীন থেকে (১২,৫৫৩ মি.মা.ড.), দ্বিতীয় ভারত থেকে (৫৯১৮ মি.মা.ড.)।
✓ বাংলাদেশ পণ্য হিসেবে সবচেয়ে বেশি রপ্তানি করে— নিটওয়্যার, দ্বিতীয় তৈরি পোশাক এবং তৃতীয় কৃষিজাত পণ্য।

**দেশে পণ্য আমদানি ব্যয়** (মি.মা.ড.)

| অর্থবছর | চীন | ভারত | যুক্তরাষ্ট্র | মালয়েশিয়া | সিঙ্গাপুর |
|---|---|---|---|---|---|
| ২০২৩-২৪ | ১২,৫৫৩ | ৫,৯১৮ | ১,৯৯০ | ১,৪৮২ | ১,৩৮৯ |

## কৃষি

✓ দেশে সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার রয়েছে— ১৪৩টি।
✓ দেশে বেসরকারি মৎস্য বীজ উৎপাদন খামার রয়েছে — ১,১৯০টি।
✓ ২০২২-২৩ অর্থবছরে ডিমের উৎপাদন ছিল— ২,৩৩৭.৬৩ কোটি।
✓ দেশে বেসরকারি নার্সারি রয়েছে — ২০,০৫৬টি।
✓ দেশে ইলিশের অভয়াশ্রম রয়েছে— ৬টি।
✓ বাংলাদেশে কৃত্রিম প্রজনন উপকেন্দ্র— ৬,২২৬টি।
✓ আন্তর্জাতিক মানসম্পন্ন মৎস্য মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরি— ৩টি।
✓ বিশ্বে ইলিশ উৎপাদনে বাংলাদেশ— প্রথম।
✓ দেশে গভীর নলকূপ রয়েছে— ১৫,৪৫২টি।

## শিল্প

✓ ২০২৩-২৪ অর্থবছরে জানুয়ারি পর্যন্ত দেশে নতুন ৩৬টি মাঝারি শিল্প ১,৩৯০টি ক্ষুদ্র ও ২,৯৬২টি কুটির শিল্প গড়ে উঠেছে।
✓ বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের চিনি কল রয়েছে — ১৫টি।
✓ বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের অধীনে চালু কারখানা রয়েছে— ৮টি।
✓ দেশে বিসিকের শিল্পনগরীর সংখ্যা— ৮২টি।
✓ বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের শিল্প প্রতিষ্ঠান— ৬২টি।
✓ বাংলাদেশ ঔষধ রপ্তানি করছে— ১৫৭টি দেশে।

## মূল্য মজুরি ও কর্মসংস্থান

✓ ২০২২-২৩ অর্থবছরে জাতীয় পর্যায়ে মূল্যস্ফীতির হার ছিল— ৯.০২%।
✓ ২০২৩-২৪ অর্থবছরে (ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত) সর্বাধিক রেমিট্যান্স এসেছে— সংযুক্ত আরব আমিরাত থেকে (১৯.৩%), দ্বিতীয় যুক্তরাজ্য (১২.৫%) এবং তৃতীয় সৌদি আরব (১১.৯%)।
✓ ২০২৪ সালে (ফেব্রুয়ারি পর্যন্ত) সবচেয়ে বেশি শ্রমিক প্রবাসে যায়— প্রথম সৌদি আরব, দ্বিতীয় মালয়েশিয়া।
✓ দেশে দক্ষ শ্রমিক তৈরির লক্ষ্যে ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি রয়েছে— ৬টি।
✓ দেশে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে— ১০৪টি।
✓ ২০২৩-২৪ অর্থবছরে (ফেব্রুয়ারি পর্যন্ত)— ৮,৫০,০৩৫ জন শ্রমিক অভিবাসী হন।

## সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান

✓ দেশে কৃষি ও মৎস্য সংশ্লিষ্ট রাষ্ট্রীয় সংস্থা— দুটি যথা: বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
✓ দেশে বিদ্যুৎ, গ্যাস ও পানি বিষয়ক রাষ্ট্রায়ত্ব সংস্থা— ৬টি।
✓ বাংলাদেশে বর্তমানে স্ব-শাসিত, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান রয়েছে— ২৩২টি।

## আর্থিক প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪

♦ **বাংলাদেশ ব্যাংক**
✓ দেশে তফসিলভুক্ত ব্যাংক (রাষ্ট্রমালিকানাধীন ৬টি বাণিজ্যিক ও ৩টি বিশেষায়িত ব্যাংক, বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ৪৩টি এবং বিদেশি বাণিজ্যিক ব্যাংক ৯টি)— ৬১টি।
[Note : ৩ জুন ২০২৪ 'নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি' দেশের প্রথম ডিজিটাল ব্যাংক হিসেবে স্বীকৃতি পাওয়ায় বর্তমানে তফসিলভুক্ত ব্যাংক ৬২টি।]
✓ তফসিল বহির্ভূত ব্যাংক— ৫টি।
✓ নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান (রাষ্ট্র মালিকানাধীন ৩টি সহ)— ৩৫টি।

♦ **বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ**
✓ লাইফ বীমা কোম্পানি (রাষ্ট্র মালিকানাধীন ১টি সহ)— ৩৬টি।
✓ নন লাইফ বীমা কোম্পানি (রাষ্ট্র মালিকানাধীন ১টি সহ) — ৪৬টি।

♦ **মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি**
✓ সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান— ৮৯২।
✓ সনদ বাতিলকৃত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান— ১৫৫।
✓ সনদ বহালকৃত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান— ৭৩৭।
✓ সাময়িক সনদপ্রাপ্ত প্রতিষ্ঠান— ৩৮৪।

মিখাইল গর্বাচেভ 'গ্লাসনস্ত' ও 'পেরেস্ত্রইকা' নীতি ঘোষণা করে ১৯৮৬ সালে


www.boimate.com

## মানবসম্পদ উন্নয়ন

✓ দেশে ওয়ান-স্টপ ক্রাইসিস সেল রয়েছে— ৬৭টি।
✓ দেশে সরকারি-বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে— ১১,১১৮টি।
✓ সরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ৫৬টি। শিক্ষা কার্যক্রম চালু রয়েছে— ৫৩টিতে।
✓ বর্তমানে দেশে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা— ১,১৪,৫৩৯টি।
✓ স্বাস্থ্য সেবা প্রদানের জন্য কল সেন্টারের নাম্বার— ১৬২৬৩।

## বিদ্যুৎ ও জ্বালানি

✓ বাংলাদেশ সরকারের ২০৩০ ও ২০৪১ সালে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় যথাক্রমে— ৪০,০০০ মেগাওয়াট ও ৬০,০০০ মেগাওয়াট।
✓ দেশে আবিষ্কৃত গ্যাসক্ষেত্র— ২৯টি।
✓ দেশে সর্বোচ্চ বিদ্যুৎ উপাদন হয়— গ্যাস থেকে (৪৪%)।
✓ বাংলাদেশে সবচেয়ে বেশি গ্যাস ব্যবহার হয়— বিদ্যুৎ উৎপাদনে (৪০%)।
✓ বিদ্যুৎ বিতরণ খাতে সংস্থা রয়েছে— ৬টি।
✓ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সমিতি রয়েছে— ৮০টি।
✓ ২০২৪ সালের জানুয়ারি পর্যন্ত উত্তোলনযোগ্য মজুতকৃত গ্যাসের পরিমাণ — ৮.১৭ ট্রিলিয়ন ঘনফুট।
✓ বর্তমানে জ্বালানি তেলের মজুত ক্ষমতা প্রায়— ১৩.৭০ লক্ষ মেট্রিক টন।
✓ বর্তমানে গেজেটভুক্ত পাথর কোয়ারির সংখ্যা— ৫০টি।
✓ বর্তমানে গেজেটভুক্ত সিলিকা বালুর কোয়ারির সংখ্যা— ৭৮টি।
✓ সবচেয়ে বেশি গ্যাস ব্যবহার করা হয়— বিদ্যুৎ খাতে।



## পরিবহণ ও যোগাযোগ

✓ সড়ক ও জনপথ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন মহাসড়ক রয়েছে— ২২,৪৭৬ কিমি।
✓ BRTC'র প্রশিক্ষণ ইনস্টিটিউট রয়েছে— ৩টি।
✓ BRTC'র প্রশিক্ষণ কেন্দ্র— ১৭টি।
✓ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষ'র ড্রেজার রয়েছে— ৪৫টি।
✓ BIWTC'র নিজস্ব ফেরি রয়েছে— ২৯টি।
✓ বর্তমানে দেশে চালুকৃত সমুদ্রবন্দর — ৩টি। যথা : চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা ও পায়রা বন্দর।
✓ দেশে মোট স্থলবন্দরের সংখ্যা— ২৪টি। [চালুকৃত ১৬টি]
✓ বিমান বাংলাদেশ এয়ার লাইন্সের আন্তর্জাতিক গন্তব্য রয়েছে— ২১টি।

## পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও উন্নয়ন

✓ দেশে বন্যপ্রাণী অভয়ারণ্য রয়েছে —১৯টি।
✓ দেশে জাতীয় উদ্যান আছে— ১০টি।
✓ বিশেষ জীববৈচিত্র্য সংরক্ষণ এলাকা —২টি।

## দারিদ্র্য বিমোচন

✓ ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত বয়স্ক ভাতা ভোগীর সংখ্যা— ৫৮.০১ লক্ষ জন।
✓ দেশে বর্তমানে নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা— ১,৮৮,১৯০টি।
✓ আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে সারা দেশে পুনর্বাসন করা হয়েছে— ৪,৭১,০০৬টি গৃহহীন পরিবারকে।

**উৎসভিত্তিক বৈদেশিক সাহায্য (মি.মা.ড.)**

| দেশ/সংস্থা | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
|---|---|---|
| আইডিএ | ১৮৯৮.১৭ | ৮৭৭.৮৭ |
| জাপান | ১৯৩৫.৭৯ | ১০৪২.১৪ |
| এডিবি | ১৭৮৭.৮৩ | ১৩০১.৬৪ |
| যুক্তরাষ্ট্র | ১৪৮.১২ | - |
| জাতিসংঘের সংস্থাসমূহ | ২৫১.৩৬ | ৪৭.০৬ |

**খাতভিত্তিক বৈদেশিক সাহায্য (মি.মা.ড.)**

| খাত | ২০২১-২২ | ২০২২-২৩ |
|---|---|---|
| কৃষি | ৩৩৮.৭ | ৪৫৮.৪ |
| পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান | ৪০৫.৫ | ৩৮৮.৮ |
| পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও পানি সম্পদ | ৯৯.৩ | ৬১৫.৩ |
| শিল্প | ২৬২.৩ | ৯৯.৪ |
| বিদ্যুৎ | ৩০৬৩.৪ | ২৬৯৭.৪ |

## বেসরকারি খাত উন্নয়ন

✓ ২০২৩ (জানুয়ারি-সেপ্টেম্বর পর্যন্ত) বৈদেশিক বিনিয়োগের প্রবাহ ছিল— ২,১১৫.৯ মিলিয়ন মার্কিন ডলার।
✓ ২০২৩-২৪ অর্থবছরের ফেব্রুয়ারি পর্যন্ত বিদেশি ও যৌথ বিনিয়োগ প্রকল্প নিবন্ধিত হয় মোট— ৮১টি।
✓ ২০২৩-২৪ অর্থবছরে দেশে বিদেশি বিনিয়োগ এসেছে— ২১টি দেশ হতে।
✓ দেশে বেসরকারি মেডিকেল কলেজ রয়েছে— ৭২টি, ডেন্টাল ১২টি।
✓ দেশে বেসরকারি বীমা প্রতিষ্ঠান রয়েছে— ৮০টি।
✓ দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়— ১১৪টি (কার্যক্রম চলমান ১০৫টি)।

### স্থির মূল্যে অবদান ও প্রবৃদ্ধির হার (ভিত্তিবছর ২০১৫-১৬)

| খাত | অবদানের হার (%) | | প্রবৃদ্ধির হার (%) | |
|---|---|---|---|---|
| | ২০২২-২৩ | ২০২৩-২৪ (সা.) | ২০২২-২৩ | ২০২৩-২৪ (সা.) |
| কৃষি | ১১.৩০ | ১১.০২ | ৩.৩৭ | ৩.২১ |
| শিল্প | ৩৭.৬৫ | ৩৭.৯৫ | ৮.৩৭ | ৬.৬৬ |
| সেবা | ৫১.০৫ | ৫১.০৪ | ৫.৩৭ | ৫.৮০ |
| সার্বিক GDP (উৎপাদন মূল্যে) | ১০০.০০ | ১০০.০০ | ৫.৭৮ | ৫.৮২ |

'গ্লাসনস্ত' অর্থ খোলামেলা আলোচনা ও 'পেরেস্ত্রইকা' অর্থ সংস্কারমূলক আলোচনা

www.boimate.com

# খেলাধুলা

## বঙ্গবন্ধু কাপ আন্তর্জাতিক কাবাডি

আয়োজন : চতুর্থ। আয়োজক : বাংলাদেশ কাবাডি ফেডারেশন। সময়কাল : ২৬ মে-৩ জুন ২০২৪। স্বাগতিক দেশ : বাংলাদেশ। ভেন্যু : ১টি- শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়াম, ঢাকা। টুর্নামেন্ট ফরম্যাট : একক রাউন্ড-রবিন এবং নকআউট। মোট দল : ১২টি। মোট ম্যাচ : ৩৩টি। চ্যাম্পিয়ন : বাংলাদেশ (চতুর্থবার)। রানার্সআপ : নেপাল। ম্যান অব দ্য টুর্নামেন্ট : ঘনশ্যাম রাকা মাগার (নেপাল)। সেরা রাইডার : মিজানুর রহমান (বাংলাদেশ)। সেরা ক্যাচার : রোমান হোসেন (বাংলাদেশ)।

## নারী ফুটবল লিগ ২০২৩-২৪

আয়োজন : ষষ্ঠ। সময়কাল : ২৭ এপ্রিল-২৮ মে ২০২৪। মোট দল : ৯টি। মোট ম্যাচ : ৩৬টি। ভেন্যু : ১টি — বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল স্টেডিয়াম, ঢাকা। চ্যাম্পিয়ন : নাসরিন স্পোর্টিং ক্লাব (প্রথমবার)। সেরা খেলোয়াড় : মোসাম্মৎ সুলতানা। সর্বোচ্চ গোলদাতা : সাবিনা খাতুন (১৭টি)। ফেয়ার প্লে ট্রফি : নাসরিন স্পোর্টিং ক্লাব। রানার্স আপ : আতাউর রহমান ভূঁইয়া স্পোর্টিং ক্লাব।

## ফেডারেশন কাপ

আয়োজন : ৩৫তম। আয়োজক : বাংলাদেশ ফুটবল ফেডারেশন। সময়কাল : ২৬ ডিসেম্বর ২০২৩-২২ মে ২০২৪। অংশগ্রহণকারী দল : ১০টি। মোট ম্যাচ : ১৯টি। ভেন্যু : ৩টি। চ্যাম্পিয়ন : বসুন্ধরা কিংস



(তৃতীয়বার)। রানার্স আপ : মোহামেডান স্পোর্টিং ক্লাব। ফেয়ার প্লে : আবাহনী লিমিটেড ঢাকা। সেরা খেলোয়াড় : রবসন রোবিনহো। সর্বোচ্চ গোলদাতা : ওয়াশিংটন ব্রান্দাও (৫টি)। সেরা গোলরক্ষক : মেহেদী হাসান শ্রাবণ। ম্যান অব দ্য ফাইনাল : মিওয়েল ফিগুয়েইরা।

♦ ২০২৩-২৪ মৌসুমে দেশের ফুটবলে অন্যতম কিংবদন্তি ক্লাব বসুন্ধরা কিংস স্বাধীনতা কাপ, বাংলাদেশ প্রিমিয়ার লিগ ফুটবল এবং ফেডারেশন কাপ জিতে ট্রেবল জয় করে।

## '৭০০' ছুঁয়ে সাকিবের অনন্য কীর্তি



২৫ মে ২০২৪ বাংলাদেশের প্রথম বোলার হিসেবে আন্তর্জাতিক ক্রিকেটে সাকিব আল হাসানের ৭০০ উইকেট পূর্ণ হয়। এর সঙ্গে ব্যাট হাতে তার নামের পাশে রয়েছে ১৪,৫২৩ রান (২৫ মে ২০২৪ পর্যন্ত)। সুদীর্ঘ ক্রিকেট ইতিহাসে ৭০০ উইকেট ও ১৪,০০০ রানের 'ডাবল' স্পর্শ করা একমাত্র ক্রিকেটার সাকিব। আন্তর্জাতিক টি-২০তে ১২২ ম্যাচে সাকিবের উইকেট এখন ১৪৬টি। এ সংস্করণে তার চেয়ে বেশি উইকেট রয়েছে শুধু টিম সাউদির, ১২৩ ম্যাচে ১৫৭টি।

## ইতিহাসের সবচেয়ে বড় জয়

২৫ মে ২০২৪ যুক্তরাষ্ট্র-বাংলাদেশ তৃতীয় টি-২০ ম্যাচে রেকর্ড গড়া জয় অর্জন করে বাংলাদেশ। যুক্তরাষ্ট্রের দেওয়া ১০৫ রানের লক্ষ্য বাংলাদেশ পেরিয়ে যায় ৫০ বল আর ১০ উইকেট হাতে রেখেই। উইকেটের এবং বলের হিসেবে টি-২০তে বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে বড় জয় এটি। এর আগে ২০১৪ সালে ৯ উইকেটে জিতে আফগানিস্তানের বিপক্ষে।

## হারের সেঞ্চুরিতে প্রথম বাংলাদেশ


২৩ মে ২০২৪ ছেলেদের টি-২০ আন্তর্জাতিক ক্রিকেটে প্রথম দল হিসেবে বাংলাদেশ শততম ম্যাচ হারে। বাকি ৬৮ ম্যাচের মধ্যে ৬৪টি জয়, চার ম্যাচে কোনো ফলাফল হয়নি। বাংলাদেশ মোট ম্যাচের ৫৯.৫২% ম্যাচে পরাজয় বরণ করে।

**সবচেয়ে বেশি হার (শীর্ষ ৫)**

| দেশ | ম্যাচ | হার |
|---|---|---|
| বাংলাদেশ | ১৬৮ | ১০০ |
| ওয়েস্ট ইন্ডিজ | ১৯৩ | ৯৯ |
| শ্রীলংকা | ১৮৯ | ৯৮ |
| জিম্বাবুয়ে | ১৪৫ | ৯৫ |
| নিউজিল্যান্ড | ২১৬ | ৯০ |

[আপডেট ৩১ মে ২০২৪ পর্যন্ত]

## মোস্তাফিজের রেকর্ড



আন্তর্জাতিক টি-২০তে বাংলাদেশের প্রথম বোলার হিসেবে ৬ উইকেট নেওয়ার রেকর্ড গড়েন বাঁহাতি পেসার মোস্তাফিজুর রহমান। বাংলাদেশের হয়ে পূর্বের সেরা বোলিং ছিল ইলিয়াস সানির; ২০১২ সালে আয়ারল্যান্ডের বিপক্ষে ১৩ রানে ৫ উইকেট। আন্তর্জাতিক টি-২০তে সেরা বোলিং ফিগার মালয়েশিয়ার সিয়াজরুল ইদরুসের ৮ রানে ৭ উইকেট।


ক্রিমিয়া রাশিয়ার অবিচ্ছেদ্য অংশ হয় ১৮ মার্চ ২০১৪

www.boimate.com

## ফ্রেঞ্চ ওপেন ২০২৪

আয়োজন : ১২৩তম ▌সময়কাল : ২৬ মে-৯ জুন ২০২৪ ▌স্থান : প্যারিস, ফ্রান্স ▌চ্যাম্পিয়ন : নারী একক-ইগা শিয়াতেক (পোল্যান্ড) ও পুরুষ একক- কার্লোস আলকারাজ (স্পেন)।





♦ টেনিস ইতিহাসের সর্বকনিষ্ঠ তারকা হিসেবে হার্ড কোর্ট, গ্রাস কোর্ট ও ক্লে কোর্টেই গ্রান্ড স্লাম জয়ের রেকর্ড গড়েন আলকারাজ। ক্যারিয়ারে এটি তার প্রথম ফ্রেঞ্চ ওপেন গ্রান্ড স্লাম।

♦ জাস্টিন হেনিনের পর রোলাঁ গারোয় মেয়েদের সিঙ্গেলসে প্রথমবারের মতো টানা তিনবার চ্যাম্পিয়ন হন ইগা শিয়াতেক। এ নিয়ে শিয়াতেক ফ্রেঞ্চ ওপেন জিতলেন চারবার এবং একটি ইউএস ওপেন (২০২২)। উন্মুক্ত যুগে মেয়েদের মধ্যে সর্বকনিষ্ঠ হিসেবেও শিরোপা লাভ করেন তিনি।

## মেসির চুক্তির ন্যাপকিন

১৭ মে ২০২৪ লিওনেল মেসির সঙ্গে বার্সেলোনার প্রথম চুক্তির সেই ঐতিহাসিক ন্যাপকিন পেপার সাড়ে নয় লাখ ডলারে নিলামে বিক্রি হয়। ট্রায়াল দেওয়ার জন্য ২০০০ সালের সেপ্টেম্বরে পরিবারের সঙ্গে বার্সেলোনায় যান মেসি। সেখানে জাদু দেখিয়ে সবাইকে মন্ত্রমুগ্ধ করেন ১৩ বছর বয়সি আর্জেন্টাইন সুপারস্টার। মেসিকে অন্য কোনো ক্লাব যেনো নিতে না পারে, সেজন্য তাড়াহুড়ো করে একটি ন্যাপকিন পেপারে নীল কালিতে লেখা হয় প্রথম চুক্তি। মেসির সঙ্গে চুক্তির জন্য বার্সেলোনা টেনিস ক্লাবের এক ওয়েটারের কাছে কাগজ চেয়েছিলেন ক্লাবের তৎকালীন ক্রীড়া পরিচালক কার্লোস রেক্সাস। সেই ওয়েটার কাগজের বদলে দেন একটি সাদা ন্যাপকিন পেপার।

## কোপা আমেরিকা

আয়োজন : ৪৮তম ▌সময়কাল : ২০ জুন-১৪ জুলাই ২০২৪ ▌স্বাগতিক : যুক্তরাষ্ট্র। ভেন্যু : ১৪টি ▌অংশগ্রহণকারী দল : ১৬টি ▌এটিই কোপার ইতিহাসে সর্ববৃহৎ আসর ▌লাতিন অঞ্চলের (কনমেবল) ১০টি এবং উত্তর ও মধ্য আমেরিকার (কনকাকাফ) ছয়টি দল লড়বে।

– ২৪ মে ২০২৪ লাতিন ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা কনমেবল ঘোষণা দেয় প্রথমবারের মতো কোপা আমেরিকায় নারী ম্যাচ রেফারি দায়িত্ব পালন করবেন। মার্কিন যুক্তরাষ্ট্রের মারিয়া ভিক্টোরিয়া পেনসো এবং ব্রাজিলের এডিনা আলভেস এ টুর্নামেন্টে রেফারির দায়িত্ব পালন করবেন।

## ইউরো চ্যাম্পিয়নশিপ

আয়োজন : ১৭তম ▌সময়কাল : ১৫ জুন-১৫ জুলাই ২০২৪ ▌স্বাগতিক : জার্মানি ▌ভেন্যু : ১০টি ▌অংশগ্রহণকারী দল : ২৪টি ▌

## প্যারিস অলিম্পিক ২০২৪

আয়োজন : ৩৩তম ▌আয়োজক : আন্তর্জাতিক অলিম্পিক কমিটি ▌সময়কাল : ২৬ জুলাই-১১ আগস্ট ২০২৪ ▌স্বাগতিক : প্যারিস, ফ্রান্স ▌অংশগ্রহণকারী অ্যাথলেট : ১০,৫০০ ▌মোট ইভেন্ট: ৩২৯ ▌মোট খেলা : ৩২টি ▌থিম : Games wide open ▌উদ্বোধন : Jardins du Trocadéro ▌সমাপ্তি : State de France ।

## এমবাপ্পে এখন রিয়ালে



কিলিয়ান এমবাপ্পে ➢ বয়স : ২৫ বছর • পজিশন : সেন্টার ফরোয়ার্ড • বাজার মূল্য : ১৮০ মিলিয়ন ইউরো। বর্তমান ক্লাব : রিয়াল মাদ্রিদ • খেলেছেন : মোনাকো ও পিএসজি ক্যারিয়ারে দুই ক্লাবে খেলা কিলিয়ান এমবাপ্পের মোট ট্রফি ১৬টি। মোনাকোর হয়ে একটি আর বাকি ১৫টি শিরোপা জিতেন পিএসজির হয়ে। রিয়ালে সুবিধাসমূহ : প্রতি মৌসুমে বেতন বাবদ পাবেন ১৫ মিলিয়ন ইউরো ♦ সাইনিং বোনাস হিসেবে দেওয়া হবে ১০০ মিলিয়ন ইউরো ♦ ইমেজ রাইটস থেকে ৮০% অর্থ পাবেন তিনি ♦ অ্যাড অনস থেকে পাবেন মোটা অঙ্কের অর্থ।

### ইউরোপীয় ফুটবল লিগ ২০২৩-২৪

| লিগের নাম | দেশ/মহাদেশ | চ্যাম্পিয়ন | শীর্ষ গোলদাতা |
|---|---|---|---|
| প্রিমিয়ার লিগ | ইংল্যান্ড | ম্যানচেস্টার সিটি | আর্লিং হালান্ড (২৭টি) |
| UEFA চ্যাম্পিয়ন্স | ইউরোপ | রিয়াল মাদ্রিদ | হ্যারি কেন ও কিলিয়ান এমবাপ্পে (৮টি) |
| UEFA ইউরোপা | ইউরোপ | আটালান্টা | পিয়েরে ইমারিক ইমলিয়ানো (১০টি) |
| UEFA কনফারেন্স | ইউরোপ | অলিম্পিয়াকোস | আইয়ুব এল কাবি (১১টি) |

♦ রেকর্ড ১৫তম বার UEFA চ্যাম্পিয়ন্স লিগে জিতে রিয়াল মাদ্রিদ

♦ ইংলিশ প্রিমিয়ার লিগ ২০২৩-২৪ মৌসুমে সেরা কোচ নির্বাচিত হন পেপ গার্দিওলা। প্রিমিয়ার লিগে স্যার আলেক্স ফার্গুসনের (১৩) পর দ্বিতীয় সর্বোচ্চ ট্রফি এখন গার্দিওলার (৬)

♦ ২৭ গোল করে টানা দ্বিতীয়বারের মতো প্রিমিয়ার লিগ ফুটবলে গোল্ডেন বুট জিতেন ম্যানচেস্টার সিটির তারকা আর্লিং হালান্ড।


www.boimate.com

## ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ



আয়োজন : ১৭তম ❙ আয়োজক : Board of Control for Cricket in India (BCCI) ❙ সময়কাল : ২২ মার্চ-২৬ মে ২০২৪ ❙ স্বাগতিক দেশ : ভারত ❙ ভেন্যু : ১৩টি শহরে ❙ মোট দল : ১০টি ❙ মোট ম্যাচ : ৭৪টি ❙ চ্যাম্পিয়ন : কলকাতা নাইট রাইডার্স (তৃতীয়বার) ❙ রানার্সআপ : সানরাইজার্স হায়দরাবাদ ❙ ম্যান অব দ্য ফাইনাল : মিচেল স্টার্ক ❙ ম্যান অব দ্য টুর্নামেন্ট : সুনিল নারাইন ❙ সর্বোচ্চ রান : বিরাট কোহলি (৭৪১ রান) ❙ সর্বাধিক উইকেট : হার্শাল প্যাটেল (২৪টি) ❙ ফেয়ার প্লে ট্রফি : সানরাইজার্স হায়দরাবাদ ❙

## সোনা জিতে দীপার ইতিহাস




২৪-২৬ মে ২০২৪ এশিয়ান জিমন্যাস্টিকস চ্যাম্পিয়নশিপের ১১তম আসর অনুষ্ঠিত হয় উজবেকিস্তানের তাসখন্দে। এ আসরে সোনার পদক জিতে ইতিহাস গড়েন ভারতীয় বাঙালি মেয়ে দীপা কর্মকার। এশিয়ান চ্যাম্পিয়নশিপে প্রথম ভারতীয় হিসেবে সোনার পদক জিতেন তিনি।

## মেজর লিগ ক্রিকেটের স্বীকৃতি

লিস্ট 'এ' মর্যাদা পেল যুক্তরাষ্ট্রের টি-২০ লিগ মেজর লিগ ক্রিকেট (MLC)। অর্থাৎ এখন থেকে এ লিগের রেকর্ডও ক্রিকেটারদের ক্যারিয়ারে যুক্ত হবে। আগামী ৫-২৮ জুলাই ২০২৪ অনুষ্ঠিত হবে মেজর লিগ ক্রিকেটের দ্বিতীয় মৌসুম। মেজর লিগের দল লস অ্যাঞ্জেলেস নাইট রাইডার্সের হয়ে খেলবে সাকিব আল হাসান। সরাসরি সাইনিংয়ে সাকিবকে দলে নেয় লস অ্যাঞ্জেলেস নাইট রাইডার্স।

## রোনালদোর বিশ্বরেকর্ড



২৭ মে ২০২৪ সৌদি প্রো লিগে মৌসুমের শেষ ম্যাচে আল ইত্তিহাদকে ৪-২ গোলে হারায় আল নাসর। জোড়া গোল করেন পর্তুগাল তারকা খেলোয়াড় ক্রিস্টিয়ানো রোনালদো। এতেই সৌদি প্রো লিগের ইতিহাসে এক মৌসুমে সর্বাধিক গোলদাতা হওয়ার রেকর্ড করেন তিনি। ২০২৩-২৪ মৌসুমে আল নাসরের হয়ে ৩৫ টি গোল করেন রোনালদো। এর আগে ২০১৮-১৯ মৌসুমে সৌদি প্রো লিগের ইতিহাসে সর্বোচ্চ ৩৪ গোলের রেকর্ড করেন আব্দুররাজ্জাক হামদাল্লাহ। বিশ্বের একমাত্র ফুটবলার হিসেবে ৪টি ভিন্ন লিগ প্রতিযোগিতায় সর্বোচ্চ গোলদাতা হওয়ার বিশ্ব রেকর্ড করেন রোনালদো।

♦ যুক্তরাষ্ট্রভিত্তিক বাণিজ্যবিষয়ক সাময়িকী ফোর্বসের জরিপে চতুর্থবারের মতো বিশ্বের সবচেয়ে বেশি আয় করা ক্রীড়াবিদ হিসেবে নাম উঠে ক্রিস্টিয়ানো রোনালদোর। ৩৯ বছর বয়সী এ ফুটবলার গত এক বছরে ২৬ কোটি ডলার আয় করেন, যা বাংলাদেশি মুদ্রায় ৩,০৪৭ কোটি টাকারও বেশি! এ নিয়ে টানা দ্বিতীয়বার ফোর্বসের তালিকায় ১ নম্বরে থাকলেন রোনালদো, আর সব মিলিয়ে চতুর্থবার।

## আগাম বার্তা

♦ ১৭ মে ২০২৪ দক্ষিণ আমেরিকার প্রথম দেশ হিসেবে নারী ফুটবল বিশ্বকাপ-২০২৭ আয়োজনের দায়িত্ব পায় ব্রাজিল।

♦ ১৫ মে ২০২৪ ব্যাংককে ৭৪তম ফিফা কংগ্রেসে নারী ক্লাব ফুটবল বিশ্বকাপের প্রথম আসর শুরুর সময় জানানো হয়। ১৬ দলের এ টুর্নামেন্ট ২০২৬ সালের জানুয়ারি-ফেব্রুয়ারিতে হবে এবং চার বছর পরপর অনুষ্ঠিত হবে। বড় পরিসরে ৩২ দল নিয়ে ছেলেদের ক্লাব বিশ্বকাপের প্রথম আসর ২০২৫ সালের জুন-জুলাইয়ে অনুষ্ঠিত হবে।

♦ ২১ মে ২০২৪ বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (BCB) টুর্নামেন্ট কমিটি ও টেকনিক্যাল কমিটির সভায় জাতীয় ক্রিকেট লিগের আটটি দল নিয়ে টি-২০ টুর্নামেন্ট আয়োজনের সিদ্ধান্ত হয়। প্রস্তাবিত সূচি অনুযায়ী, ৫ ডিসেম্বর শুরু হবে জাতীয় লিগ টি-২০। ১৭ ডিসেম্বর শীর্ষ দুই দল খেলবে ফাইনাল।

বাংলাদেশ

♦ ২০২৭ ওয়ানডে বিশ্বকাপ গড়াবে দক্ষিণ আফ্রিকা, জিম্বাবুয়ে ও নামিবিয়ার মাঠে। তার তিন বছর আগেই চূড়ান্ত করা হয় দক্ষিণ আফ্রিকার ৮ ভেন্যু। জোহানেসবার্গের ওয়ান্ডারার্স, সেঞ্চুরিয়নের সুপারস্পোর্ট পার্ক, কেপটাউনের নিউল্যান্ডস, ডারবানের কিংসমিড, গেবেরার সেন্ট জর্জেস পার্ক, ব্লুমফন্টেইনের মানগাউং ওভাল, পার্লের বোল্যান্ড পার্ক ও ইস্ট লন্ডনের বাফেলো পার্ক। ২০২৫ সালে অনুষ্ঠিত হবে আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি ও ২০২৬ সালে ভারত-শ্রীলংকায় অনুষ্ঠিত হবে টি-২০ বিশ্বকাপ।

♦ ৩ জুন ২০২৪ সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশনের সভায় মেয়েদের সাফ চ্যাম্পিয়নশিপ আবারও নেপালেই আয়োজন করার সিদ্ধান্ত হয়। ১৭-৩০ অক্টোবর ২০২৪ কাঠমান্ডুতে এর আসর বসবে। অংশ নেবে সাফের সাতটি সদস্য দেশ। উল্লেখ্য, আগস্টে নেপালে অনুষ্ঠিত হবে সাফ অনূর্ধ্ব-২০ পুরুষ চ্যাম্পিয়নশিপ। সেপ্টেম্বরে ভুটান আয়োজন করবে সাফ অনূর্ধ্ব-১৭ বালক চ্যাম্পিয়নশিপ।

রাশিয়া ইউক্রেনে হামলা শুরু করে ২৪ ফেব্রুয়ারি ২০২২

www.boimate.com

# বাংলাদেশ আওয়ামী লীগের প্লাটিনাম জয়ন্তী



**২৩ জুন ২০২৪ বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী। দক্ষিণ এশিয়ার ঐতিহ্যবাহী ও অন্যতম বৃহৎ রাজনৈতিক দলের প্লাটিনাম জয়ন্তী উপলক্ষে আমাদের এ আয়োজন।**

## প্রতিষ্ঠার ইতিহাস

দ্বি-জাতি তত্ত্বের ভিত্তিতে জন্ম নেওয়া পাকিস্তানে পূর্ব বাংলার জনগণের অধিকার আদায়ের লক্ষ্যে ২৩ জুন ১৯৪৯ পুরান ঢাকার কেএম দাস লেনের রোজ গার্ডেনে প্রতিষ্ঠিত হয় 'পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ'। মুসলিম লীগের প্রগতিশীল নেতা-কর্মীদের এক রাজনৈতিক কর্মী সম্মেলনের মাধ্যমে বাঙালি লড়াই-সংগ্রামের অসাম্প্রদায়িক এ রাজনৈতিক দলের আত্মপ্রকাশ ঘটে। এরপর ২১-২৩ অক্টোবর ১৯৫৫ ঢাকার রূপমহল সিনেমা হলে অনুষ্ঠিত তৃতীয় কাউন্সিল অধিবেশনে 'আওয়ামী মুসলিম লীগ' থেকে 'মুসলিম' শব্দটি বাদ দিয়ে ধর্মনিরপেক্ষ নীতি গ্রহণ করে 'পূর্ব পাকিস্তান আওয়ামী লীগ' নামকরণ করা হয়। প্রতিষ্ঠার পর থেকে দীর্ঘ আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়ে বাঙালির অধিকার আদায়ের প্রতিষ্ঠান হয়ে ওঠে আওয়ামী লীগ। '৫২-এর ভাষা আন্দোলন, '৫৪-এর যুক্তফ্রন্ট নির্বাচনে বিজয়ের পথ ধরে ধারাবাহিক আন্দোলন-সংগ্রামে অগ্রসর হয় দলটি। '৬৬-এর ছয় দফা আন্দোলন, উনসত্তরের গণঅভ্যুত্থান, '৭১-এর মহান মুক্তিযুদ্ধ এবং পঁচাত্তরে বঙ্গবন্ধু হত্যা-পরবর্তী দীর্ঘ সময় দেশে একের পর এক সামরিক স্বৈরশাসনের বিরুদ্ধে নেতৃত্ব দেয় দলটি। ২৩ জুন ২০২৪ ছিল বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী। নানা চড়াই-উৎরাই ও সুদীর্ঘ আন্দোলন-সংগ্রামের পথ পাড়ি দিয়ে এদিন ৭৫ বছরে পা দেয় দেশের ঐতিহ্যবাহী দলটি। দলটির বর্তমান সভাপতি বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ও সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

| প্রতিষ্ঠাকালীন ১. সভাপতি | সাধারণ সম্পাদক |
|---|---|
| মওলানা আবদুল হামিদ খান ভাসানী  | শামসুল হক  |

## রোজ গার্ডেন

রোজ গার্ডেন ঢাকার টিকাটুলিতে অবস্থিত একটি ঐতিহাসিক বাগানবাড়ি। ১৯৩০ সালের দিকে ঋষিকেশ দাস নামের ব্যবসায়ী দ্বিতল ভবন নির্মাণ করেন। ভবনের বাগানে গোলাপের প্রাচুর্য থাকায় বাড়ির নাম হয় 'রোজ গার্ডেন'। ঋষিকেশ দাস ১৯৩৬ সালের দিকে পুস্তক ব্যবসায়ী খান বাহাদুর মৌলভী কাজী আবদুর রশীদের কাছে বাড়িটি বিক্রি করে দেন। এরই মধ্যে বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এক যুগসন্ধিক্ষণের সাক্ষী হয় রোজ গার্ডেন। ২৩ জুন ১৯৪৯ রোজ গার্ডেনেই গঠিত হয় বর্তমান আওয়ামী লীগ। ১৯৬৬ সালে রোজ গার্ডেনের মালিকানা পান কাজী রশীদের ভাই কাজী হুমায়ুন বশীর। ১৯৮৯ সালে বাংলাদেশ প্রত্নতত্ত্ব অধিদপ্তর প্রাসাদটিকে সংরক্ষিত ভবন হিসেবে তালিকাভুক্ত করে। ১৯৯৩ সালে রোজ গার্ডেন'র দখল ফিরে পান কাজী আবদুর রশীদের ছেলে কাজী আবদুর রকীব। তার মৃত্যুর পর মালিকানা লাভ করেন তার স্ত্রী লায়লা রকীব। এরপর ১৬ সেপ্টেম্বর ২০১৮ সরকার এটি কিনে নেয়।

## বিভিন্ন পরীক্ষায় বাংলাদেশ আওয়ামী লীগ

■ **আওয়ামী লীগ কত সালে প্রতিষ্ঠিত হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা ২০১৮]
(ক) ১৯৫২ (খ) ১৯৫১ **(গ) ১৯৪৯** (ঘ) ১৯৫০

■ **আওয়ামী লীগের মূল বা আদি নাম কী?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) ২০০৩-০৪]
(ক) আওয়ামী পার্টি (খ) আওয়ামী জাতীয় পার্টি
**(গ) আওয়ামী মুসলিম লীগ** (ঘ) আওয়ামী লীগ

■ **আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সভাপতি—** [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আই ইউনিট) ২০১৮-১৯]
**(ক) মওলানা ভাসানী** (খ) শেখ মুজিবুর রহমান
(গ) শামসুল হক (ঘ) সোহরাওয়ার্দী

■ **আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক কে ছিলেন?** [৪৫তম বিসিএস]
(ক) শেখ মুজিবুর রহমান (খ) মওলানা আবদুল হামিদ খান ভাসানী
**(গ) শামসুল হক** (ঘ) আবুল হাশিম

■ **আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাকালীন সময়ে শেখ মুজিবুর রহমান নিজের কী ছিলেন?** [জবি (সি ইউনিট) ২০১৫-১৬]
**(ক) যুগ্ম সম্পাদক** (খ) সম্পাদক
(গ) সহ-সভাপতি (ঘ) সভাপতি

■ **বাংলাদেশের ইতিহাসে যে ঘটনাটি আগে ঘটেছিল—** [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (এ ইউনিট) ২০১৭-১৮]
(ক) যুক্তফ্রন্ট গঠন (খ) ভাষা আন্দোলন
(গ) আগরতলা ষড়যন্ত্র মামলা **(ঘ) আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠা**

■ **ঐতিহাসিক 'রোজ গার্ডেন' ঢাকার কোথায় অবস্থিত?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) ২০১৯-২০]
**(ক) টিকাটুলি** (খ) পলাশী (গ) লালবাগ (ঘ) সোনারগাঁও


■ **ঐতিহাসিক রোজ গার্ডেন স্থাপনা যে রাজনৈতিক দলের গঠনের সাথে যুক্ত—** [ঢাবি অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক) ২০১৮-১৯]
**(ক) আওয়ামী লীগ** (খ) ন্যাশনাল আওয়ামী পার্টি
(গ) মুসলিম লীগ (ঘ) কমিউনিস্ট পার্টি



www.boimate.com

# তৃতীয় মেয়াদে নরেন্দ্র মোদি

ভারতজুড়ে ১৯ এপ্রিল-১ জুন ২০২৪ সাত দফায় ১৮তম লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হয়। ৪ জুন ২০২৪ নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়। এ নির্বাচনে জোটগতভাবে বিজয়ী হয় ভারতীয় জনতা পার্টি (BJP) নেতৃত্বাধীন জাতীয় গণতান্ত্রিক জোট (NDA)।



### লোকসভা নির্বাচন ২০২৪

মোট আসন : ৫৪৩
সরকার গঠনে প্রয়োজন : ২৭২
মোট ভোটার : ৯৬ কোটি ৮৮ লাখ
প্রদত্ত ভোটের হার : ৬৫.৭৯%
নিবন্ধিত দল : ২,৬৬০
রাজ্য : ২৮ এবং অঞ্চল : ৮

### জোটগত আসন

NDA : ২৯৩ ♦ INDIA : ২৩২ ♦ অন্যান্য : ১৮

### শীর্ষ ১০ দলের প্রাপ্ত আসন সংখ্যা

| | | | |
|---|---|---|---|
| বিজেপি | ২৪০ | টিডিপি | ১৬ |
| কংগ্রেস | ৯৯ | জেডিইউ | ১২ |
| সমাজবাদী পার্টি | ৩৭ | শিবসেনা (উদ্ভব) | ৯ |
| তৃণমূল কংগ্রেস | ২৯ | এনসিপি (শারদ) | ৮ |
| ডিএমকে | ২২ | শিবসেনা (শিন্ডে) | ৭ |

## তৃতীয় মেয়াদে প্রধানমন্ত্রী

৯ জুন ২০২৪ টানা তৃতীয় মেয়াদে ভারতের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন নরেন্দ্র মোদি। শপথ নেওয়ার মাধ্যমে ভারতের ইতিহাসে দ্বিতীয় ব্যক্তি হিসেবে টানা তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হলেন মোদি। এর আগে কেবল জওহরলাল নেহরু টানা তিনবার দেশটির প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বপালন করেন। নেহরুর নেতৃত্বে কংগ্রেসের প্রতিটি জয়ই ছিল নিরঙ্কুশ। কিন্তু মোদির তৃতীয় মেয়াদে জোট শরিকদের সাহায্যে সরকার গঠন করতে হয়। উল্লেখ্য, নরেন্দ্র মোদি ২৬ মে ২০১৪ প্রথমবার প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

## নতুন মন্ত্রিসভা

মোদির তৃতীয় দফার মন্ত্রিসভায় ৭২ জন সদস্য, যাদের মধ্যে পূর্ণমন্ত্রী ৩০ জন এবং ৪১ জন প্রতিমন্ত্রী (৫ জন স্বতন্ত্র প্রতিমন্ত্রী)। মন্ত্রিসভায় ৬১ জন বিজেপির, তেলুগু দেশম পার্টির (TDP) ২ জন, জনতা দল— ইউনাইটেডের (JD-U) ২ জন এবং লোক জনশক্তি পার্টি (LJP), জনতা দল— সেক্যুলার (JD-S), শিবসেনা, রিপাবলিকান পার্টি অব ইন্ডিয়া (RPI), রাষ্ট্রীয় লোকদল (RLD), হিন্দুস্তানি আওয়াম মোর্চা (HAM) ও আপনা দলের এক জন করে মন্ত্রী হন। যদিও RPI'র কোনো প্রার্থী এবার নির্বাচনে জয়লাভ করেনি। এ মন্ত্রিসভায় নারী মন্ত্রীর সংখ্যা ৭ জন।

## বিরোধী দলীয় নেতা

ভারতের সংবিধান অনুযায়ী, সংসদের নিম্নকক্ষ লোকসভা ও উচ্চকক্ষ রাজ্যসভায় বিরোধী দলের মর্যাদা পেতে গেলে কমপক্ষে ৫৫ আসনে জয়ী হতে হয়। কিন্তু ১৬ ও ১৭তম লোকসভার নির্বাচনে কংগ্রেস বা অন্য কোনো দল তা পূরণ করতে পারেনি। এবার কংগ্রেস ৯৯ আসনে জিতে প্রধান বিরোধী দলের মর্যাদা পায়। ২৫ জুন ২০২৪ কংগ্রেসের সাবেক সভাপতি রাহুল গান্ধী বিরোধীদলীয় নেতা নির্বাচিত হন।

## নির্বাচনি জোট

অষ্টাদশ লোকসভা নির্বাচনে দৌড়ে ছিল মূলত দু'টি জোট। BJP'র নেতৃত্বাধীন NDA আর কংগ্রেস নেতৃত্বাধীন INDIA।

### ■ NDA

ভারতের ক্ষমতাসীন রাজনৈতিক দল ভারতীয় জনতা পার্টি (BJP) নেতৃত্বাধীন জোটের নাম National Democratic Alliance (NDA)। বাংলায় যার অর্থ দাঁড়ায় জাতীয় গণতান্ত্রিক জোট। ১৫ মে ১৯৯৮ অটল বিহারী বাজপেয়ীর নেতৃত্বে NDA জোটের সূচনা হয়। NDA'র প্রথম সভাপতি ছিলেন বাজপেয়ী। তার নেতৃত্বে ১৯৯৯ সালে NDA ক্ষমতায় আসে এবং তিনি হন NDA জোটের প্রথম প্রধানমন্ত্রী। ২০১৪ সাল থেকে NDA'র সভাপতি অমিত শাহ। তবে জোটের নেতা মোদি। তাকে সামনে রেখে ২০১৪ সালে লোকসভা ভোটে জিতে আবারও ক্ষমতায় আসে NDA। এরপর ২০২৪ সালে এ জোট টানা তৃতীয়বার ক্ষমতায় আসে। বর্তমানে এ জোটে ৪০টি দল রয়েছে।

### ■ INDIA

ভারতের প্রাচীন রাজনৈতিক দল কংগ্রেসের নেতৃত্বাধীন জোটের নাম Indian National Developmental Inclusive Alliance (INDIA)। ২০২৩ সালের জুলাইয়ে গড়ে ওঠা এ জোটের নামকরণে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অসামান্য ভূমিকা ছিল। INDIA'র আবির্ভাবের সঙ্গে কংগ্রেস নেতৃত্বাধীন ৬ মে ২০০৪ যাত্রা শুরু করা United Progressive Alliance (UPA)'র মিল রয়েছে। তৎকালীন কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধীর নেতৃত্বে ওই বছর লোকসভা ভোটের আগেই অভিন্ন ন্যূনতম কর্মসূচির ভিত্তিতে গড়ে ওঠে এই জোট। সেই জোটের নেতৃত্বেই পর পর দু'বার ২০০৪-২০১৪ সাল পর্যন্ত কেন্দ্রে সরকার গঠিত হয়। প্রধানমন্ত্রী হন মনমোহন সিং। বর্তমানে INDIA জোটে ৪০টি দল রয়েছে।

লেনিন রাশিয়ার সিমবির্স্কে জন্মগ্রহণ করেন ২২ এপ্রিল ১৮৭০

www.boimate.com

# ফিলিস্তিন রাষ্ট্রের বৈশ্বিক স্বীকৃতি



যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের ষড়যন্ত্রে ১৪ মে ১৯৪৮ মধ্যপ্রাচ্যে অবৈধ রাষ্ট্র ইসরায়েলের জন্ম হয়। প্রতিষ্ঠার পর থেকেই ইসরায়েলের হামলায় হাজার হাজার ফিলিস্তিনি নিহত ও লাখ লাখ লোককে বাস্তুচ্যুত করা হয়। এছাড়াও ফিলিস্তিনিদের ভূমির বেশির ভাগই দখল করে। তারপরও জুন ২০২৪ পর্যন্ত জাতিসংঘের ১৯৩টি সদস্যদেশের মধ্যে ১৪৫টি দেশ ইতোমধ্যে ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেয়।

## রাষ্ট্র ঘোষণার ইতিবৃত্ত

১৫ নভেম্বর ১৯৮৮ আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সে ফিলিস্তিন মুক্তি সংস্থার (PLO) সর্বোচ্চ নীতিনির্ধারণী কর্তৃপক্ষ ফিলিস্তিন জাতীয় কাউন্সিল পরিষদের (PNC) বৈঠকে দেশটির স্বাধীনতার ঘোষণা দেওয়া হয়। ফিলিস্তিনি মুক্তি সংগ্রামের মহান নেতা ইয়াসির আরাফাত পবিত্র জেরুজালেমকে রাজধানী করে ১৯৬৭ সালের সীমারেখায় স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র গঠনের ঘোষণা দেন। স্বাধীনতা ঘোষণার মাধ্যমে PLO ইসরায়েল-ফিলিস্তিন বিরোধের দ্বি-রাষ্ট্রীয় সমাধানের পক্ষে কাজ শুরু করে। ফিলিস্তিনের স্বাধীনতা ঘোষণার কয়েক মিনিটের মধ্যে বিশ্বে প্রথম দেশ হিসেবে ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্রের স্বীকৃতি দেয় আলজেরিয়া। সেদিনই মোট ১৩টি দেশ ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্রের স্বীকৃতি দেয়। ১৬ নভেম্বর ১৯৮৮ বাংলাদেশ ফিলিস্তিনকে স্বীকৃতি দেয়।

স্বাধীনতার ঘোষক
ইয়াসির আরাফাত



স্বাধীনতার ঘোষণার রচয়িতা
কবি মাহমুদ দারবিশ



## যে অঞ্চল নিয়ে স্বাধীন দেশ হবে

ফিলিস্তিনের ১৯৬৭ সালের সীমান্ত অনুযায়ী পূর্ব জেরুজালেমসহ পশ্চিম তীর ও গাজা ভূখণ্ড অন্তর্ভুক্ত রয়েছে। ২০০৫ সালে গাজা থেকে সেনা প্রত্যাহার করলেও গাজার আকাশ ও সমুদ্রসীমা নিয়ন্ত্রণ করছে ইসরায়েল। ফিলিস্তিন মোট ছয়টি জেলা নিয়ে গঠিত। জেলাগুলো হলো— জেরুজালেম, লিডডা, হাইফা, গেলিলি, সামারিয়া এবং গাজা।

## সাম্প্রতিক স্বীকৃতি

২৮ মে ২০২৪ ইউরোপের তিনটি দেশ— স্পেন, আয়ারল্যান্ড ও নরওয়ে ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেয়। ৪ জুন ২০২৪ স্লোভেনিয়াও ফিলিস্তিনকে স্বীকৃতি দেয়। স্পেন, আয়ারল্যান্ড ও স্লোভেনিয়াকে নিয়ে ২৭ জাতির ইউরোপীয় ইউনিয়নের ১২টি দেশ ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতি দেয়। অন্য ৯টি হলো— বুলগেরিয়া, সাইপ্রাস, চেক প্রজাতন্ত্র, মাল্টা, হাঙ্গেরি, পোল্যান্ড, রোমানিয়া, স্লোভাকিয়া এবং সুইডেন। সর্বশেষ ২১ জুন ২০২৪ আর্মেনিয়া ফিলিস্তিনকে স্বীকৃতি দেয়।

## জাতিসংঘের স্বীকৃতি

১৪ অক্টোবর ১৯৭৪ ফিলিস্তিন মুক্তি সংস্থা (PLO) জাতিসংঘের সাধারণ পরিষদে জনগণের প্রতিনিধি হিসেবে স্বীকৃতি পায়। ২২ নভেম্বর ১৯৭৪ জাতিসংঘ সাধারণ পরিষদে গৃহীত প্রস্তাব অনুযায়ী PLO জাতিসংঘে অ-রাষ্ট্রীয় পর্যবেক্ষকের মর্যাদা লাভ করে। ১৫ ডিসেম্বর ১৯৮৮ জাতিসংঘ PLO-এর পরিবর্তে ফিলিস্তিনকে 'পর্যবেক্ষক ভূখণ্ডের' মর্যাদা দেয়। ২৩ সেপ্টেম্বর ২০১১ ফিলিস্তিন জাতিসংঘ নিরাপত্তা পরিষদে স্বাধীন দেশের স্বীকৃতি চেয়ে আবেদন করে। এরপর ২৯ নভেম্বর ২০১২ জাতিসংঘের সাধারণ পরিষদের ভোটাভুটিতে ফিলিস্তিনকে জাতিসংঘের অ-সদস্য পর্যবেক্ষক রাষ্ট্রের মর্যাদা দেওয়া হয়। এর ফলে ফিলিস্তিনের জাতিসংঘের কিছু অঙ্গ সংস্থার সদস্যপদ লাভ করার পথ উন্মুক্ত হয়। দেশটি আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC) এবং আন্তর্জাতিক বিচার আদালতের (ICJ) দ্বারস্থ হওয়ার সুযোগ পায়। এরপর ১৮ এপ্রিল ২০২৪ নিরাপত্তা পরিষদে উত্থাপিত ফিলিস্তিনকে পূর্ণ সদস্যপদ দেওয়ার প্রস্তাবে যুক্তরাষ্ট্র পুনরায় ভেটো দেয়। তারপর ১০ মে ২০২৪ জাতিসংঘের সাধারণ পরিষদে ফিলিস্তিনকে পূর্ণ সদস্য করার পক্ষে প্রস্তাব পাস হয়।

**জাতিসংঘের বিভিন্ন সংস্থায় ফিলিস্তিন**

| নাম | সদস্যপদ লাভ | যততম |
|---|---|---|
| ইউনেস্কো | ২৩ নভেম্বর ২০১১ | ১৯৫তম |
| আন্তর্জাতিক সমুদ্র তলদেশ কর্তৃপক্ষ | ২ জানুয়ারি ২০-৫ | ১৬৭তম |
| আন্তর্জাতিক অপরাধ আদালত | ১ এপ্রিল ২০১৫ | ১২৩তম |
| স্থায়ী সালিশি আদালত | ২৯ ডিসেম্বর ২০১৫ | ১১৮তম |
| জাতিসংঘ শিল্পোন্নয়ন সংস্থা | ১৭ মে ২০১৮ | ১৬৮তম |
| জাতিসংঘ বাণিজ্য ও উন্নয়ন সম্মেলন | ২৪ মে ২০১৮ | ১৯৫তম |
| রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ সংস্থা | ১৬ জুন ২০১৮ | ১৯৩তম |

মার্কসবাদী নেতা ভ্লাদিমির ইলিচ উলিয়ানভ লেনিনের নেতৃত্বে অক্টোবর বিপ্লব হয় ২৫ অক্টোবর ১৯১৭

www.boimate.com

# রিপোর্ট–সমীক্ষা

## বিশ্বের মৎস্য সম্পদবিষয়ক প্রতিবেদন

প্রকাশ : ৭ জুন ২০২৪ ▌প্রকাশক : জাতিসংঘের খাদ্য ও কৃষিবিষয়ক সংস্থা (FAO) ▌প্রতিবেদনের শিরোনাম : The State of World Fisheries and Aquaculture 2024। প্রতিবেদন অনুযায়ী ২০২২ সালে—

স্বাদু ও সামুদ্রিক মৎস্য উৎপাদনে শীর্ষ ৫ দেশ

| স্বাদু বা মিঠাপানি | | সামুদ্রিক | |
|---|---|---|---|
| দেশ | উৎপাদন (হাজার টন) | দেশ | উৎপাদন |
| ভারত | ১,৮৯০ | চীন | ২০ মিলিয়ন টন |
| বাংলাদেশ | ১,৩২২ | ভিয়েতনাম | ২ মিলিয়ন টন |
| চীন | ১,১৬৬ | ইন্দোনেশিয়া | ২ মিলিয়ন টন |
| মিয়ানমার | ৮৫৫ | নরওয়ে | ১,৬৪৭ হাজার টন |
| ইন্দোনেশিয়া | ৪৬৪ | চিলি | ১,৫০৮ হাজার টন |

- ◆ সামুদ্রিক মৎস্য উৎপাদনে বাংলাদেশ ১৪তম (২৪৭ হাজার টন)
- ◆ ক্রাস্টাশিয়ান্স (খোলসযুক্ত মৎস্য জাতীয় প্রাণী যেমন: চিংড়ি, লবস্টার ইত্যাদি) উৎপাদনে শীর্ষ দেশ চীন (৭ মিলিয়ন টন), বাংলাদেশের অবস্থান অষ্টম (১৫৯ হাজার টন)
- ◆ বদ্ধ জলাশয়ে চাষ করা মাছ উৎপাদনে শীর্ষ দেশ চীন (৩৩ মি. টন), বাংলাদেশের অবস্থান পঞ্চম (২,৪৮৫ হাজার টন)।
- ◆ ইলিশ উৎপাদনে বাংলাদেশের অবস্থান প্রথম।

## বৈশ্বিক পারমাণবিক অস্ত্র

প্রকাশ : জুন ২০২৪ ▌প্রকাশক : Stockholm International Peace Research Institute (SIPRI) ▌প্রতিবেদনের শিরোনাম : SIPRI Yearbook 2024। প্রতিবেদন অনুযায়ী—

দেশওয়ারি পারমাণবিক অস্ত্র (জানুয়ারি ২০২৪)

| দেশ | মোতায়েন | মজুত/সংরক্ষিত | মোট |
|---|---|---|---|
| যুক্তরাষ্ট্র | ১,৭৭০ | ১,৯৩৮ | ৩,৭০৮ |
| রাশিয়া | ১,৭১০ | ২,৬৭০ | ৪,৩৮০ |
| যুক্তরাজ্য | ১২০ | ১০৫ | ২২৫ |
| ফ্রান্স | ২৮০ | ১০ | ২৯০ |
| চীন | ২৪ | ৪৭৬ | ৫০০ |
| ভারত | — | ১৭২ | ১৭২ |
| পাকিস্তান | — | ১৭০ | ১৭০ |
| উত্তর কোরিয়া | — | ৫০ | ৫০ |
| ইসরায়েল | — | ৯০ | ৯০ |
| মোট | ৩,৯০৪ | ৫,৬৮১ | ৯,৫৮৫* |

- ◆ বিশ্বে মোট ১২,১২১টি ওয়ারহেডের মধ্যে ৯,৫৮৫টি ব্যবহারের উপযোগী। আর উপযোগী নয় ২,৫৩৬টি, যার মধ্যে যুক্তরাষ্ট্রের ১,৩৩৬টি এবং রাশিয়ার ১,২০০টি।

## বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন

প্রকাশ : ২০ জুন ২০২৪ ▌প্রকাশক : জাতিসংঘ বাণিজ্য ও উন্নয়ন সম্মেলন (UNCTAD) ▌প্রতিবেদনের শিরোনাম : World Investment Report 2024। প্রতিবেদন অনুযায়ী—

| বিনিয়োগ প্রাপ্তিতে শীর্ষ ৫ দেশ | | বিনিয়োগে শীর্ষ ৫ দেশ | |
|---|---|---|---|
| দেশ | মিলিয়ন ডলার | দেশ | মিলিয়ন ডলার |
| যুক্তরাষ্ট্র | ৩,১০,৯৪৭ | যুক্তরাষ্ট্র | ৪,০৪,৩১৬ |
| চীন | ১,৬৩,২৫৩ | জাপান | ১,৮৪,০২২ |
| সিঙ্গাপুর | ১,৫৯,৬৭০ | চীন | ১,৪৭,৮৫০ |
| হংকং | ১,১২,৬৭৬ | সুইজারল্যান্ড | ১,০৪,৯৫৪ |
| ব্রাজিল | ৬৫,৮৯৭ | হংকং | ১,০৪,২৮৬ |

- ◆ স্বল্পোন্নত দেশগুলোর মধ্যে FDI প্রাপ্তিতে শীর্ষ পাঁচ দেশ (মিলিয়ন মার্কিন ডলার)— ১. কম্বোডিয়া (৩,৯৫৯), ২. ইথিওপিয়া (৩,২৬৩), ৩. বাংলাদেশ (৩,০০৪), ৪. উগান্ডা (২,৮৮৬) ও ৫. সেনেগাল (২,৬৪১)।
- ◆ বাংলাদেশে সরাসরি বৈদেশিক বিনিয়োগ (FDI) হয় ৩,০০৪ মিলিয়ন ডলার।

## বৈশ্বিক লিঙ্গ সমতা প্রতিবেদন

প্রকাশ : জুন ২০২৪ ▌প্রকাশক : বিশ্ব অর্থনৈতিক ফোরাম (WEF) ▌অন্তর্ভুক্ত দেশ : ১৪৬টি। প্রতিবেদন অনুযায়ী—

- ◆ শীর্ষ দেশ : আইসল্যান্ড ◆ সর্বনিম্ন দেশ : সুদান
- ◆ সার্কভুক্ত দেশের অবস্থান : ৯৯. বাংলাদেশ, ১১৭. নেপাল, ১২২. শ্রীলংকা, ১২৪. ভুটান, ১২৯. ভারত, ১৩২. মালদ্বীপ ও ১৪৫. পাকিস্তান।

## আন্তর্জাতিক পরিবেশ বিষয়ক সূচক

প্রকাশ : জুন ২০২৪ ▌প্রকাশক : যুক্তরাষ্ট্রের ইয়েল সেন্টার ফর এনভায়রনমেন্টাল ল অ্যান্ড পলিসি এবং কলাম্বিয়া ইউনিভার্সিটির সেন্টার ফর ইন্টারন্যাশনাল আর্থ সায়েন্স ইনফরমেশন নেটওয়ার্ক ▌সূচকের শিরোনাম : 2024 Environmental Performance Index ▌অন্তর্ভুক্ত দেশ : ১৮০টি। সূচক অনুযায়ী—

- ◆ শীর্ষ দেশ : এস্তোনিয়া ◆ সর্বনিম্ন দেশ : ভিয়েতনাম
- ◆ সার্কভুক্ত দেশের অবস্থান : ১০১. ভুটান, ১৩১. শ্রীলংকা, ১৩৬. মালদ্বীপ, ১৬৫. নেপাল, ১৭১ আফগানিস্তান, ১৭৫. বাংলাদেশ, ১৭৬. ভারত ও ১৭৯. পাকিস্তান।

## বিশ্বের ব্যয়বহুল শহর

প্রকাশ : ১৭ জুন ২০২৪ ▌প্রকাশক : নিউইয়র্কভিত্তিক আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান মার্সার ▌অন্তর্ভুক্ত শহর : ২২৬টি। প্রতিবেদন অনুযায়ী—

- ◆ শীর্ষ ব্যয়বহুল শহর : হংকং (চীন)
- ◆ কম ব্যয়বহুল শহর : আবুজা (নাইজেরিয়া)
- ▌ঢাকার অবস্থান ১৪০তম।

ভ্লাদিমির পুতিন পঞ্চমবারের মতো রাশিয়ার প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন ৭ মে ২০২৪

www.boimate.com

## Food Outlook

প্রকাশ : জুন ২০২৪ ▌প্রকাশক : জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) ▌প্রতিবেদনের শিরোনাম : Food Outlook 2024। প্রতিবেদন অনুযায়ী শীর্ষ দেশ—

| পণ্য | উৎপাদন | আমদানি | রপ্তানি |
|---|---|---|---|
| গম | চীন | মিসর | রাশিয়া |
| ভুট্টা | যুক্তরাষ্ট্র | চীন | যুক্তরাষ্ট্র |
| ধান | চীন | চীন | ভারত |
| চিনি | ব্রাজিল | চীন | ব্রাজিল |

▌বিশ্বে ধান উৎপাদনে বাংলাদেশ– তৃতীয়।

## বৈশ্বিক বাস্তুচ্যুত

প্রকাশ : ১৩ জুন ২০২৪ ▌প্রকাশক : জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থা (UNHCR) ▌প্রতিবেদনের শিরোনাম : Global Trends: Forced Displacement in 2023।

প্রতিবেদন অনুযায়ী ২০২৩ সালের শেষে—

- বিশ্বে বাস্তুচ্যুত হয়েছে ১১ কোটি ৭৩ লাখ। তাদের মধ্যে ৬ কোটি ৮৩ লাখ নিজ দেশে অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত হয়।
- আন্তর্জাতিক শরণার্থী ও অন্যান্য কারণে নিজ দেশ ছেড়ে যেতে বাধ্য হওয়া মানুষের সংখ্যা ৪ কোটি ৩৪ লাখ।
- ইউক্রেনীয় শরণার্থী এবং আশ্রয়প্রার্থীদের সংখ্যা ২ লাখ ৭৫ হাজার থেকে বেড়ে ৬০ লাখে দাঁড়িয়েছে।
- সিরিয়ায় সর্বোচ্চ ১ কোটি ৩৮ লাখ মানুষ ঘর ছেড়ে পালাতে বাধ্য হয়েছে। এর মধ্যে দেশের ভেতর ও বাইরে বাস্তুচ্যুত মানুষ অন্তর্ভুক্ত।

## বাংলাদেশের পোশাক খাতে শ্রমিক

২৩ জুন ২০২৪ জাতীয় সংসদে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রীর দেওয়া তথ্য অনুসারে বাংলাদেশে তৈরি পোশাক খাতে ৫০,১৭,৬৫২ জন শ্রমিক রয়েছে।

| ক্যাটাগরি | মোট | নারী |
|---|---|---|
| ওভেন গার্মেন্টস | ৩৩,১৭,৩৯৭ | ১৭,৩৪,৪৫৯ (৫২.২৮%) |
| নিটওয়্যার | ১৭,০০,২৫৫ | ১০,৫৪,১৫৭ (৬২%) |
| মোট (ইপিজেড ব্যতীত) | ৫০,১৭,৬৫২ | ২৭,৮৮,৬১৬ (৫৫.৫৭%) |

- তবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (BBS) ২০২২ সালের শ্রমশক্তি জরিপ অনুযায়ী, তৈরি পোশাক খাতে মোট লোকবল ৪৩.১৬ লাখ জন। আর নারী শ্রমিক ৩৭.৫১% অর্থাৎ ১৬.১৯ লাখ জন।

## বৈশ্বিক শান্তি সূচক

প্রকাশ : ১১ জুন ২০২৪ ▌প্রকাশক : অস্ট্রেলিয়ার সিডনিভিত্তিক Institute for Economics and Peace (IEP) ▌সূচকের শিরোনাম : Global Peace Index 2024 ▌অন্তর্ভুক্ত দেশ ও অঞ্চল : ১৬৩টি। সূচক অনুযায়ী—

- সবচেয়ে শান্তিপূর্ণ দেশ : আইসল্যান্ড
- সর্বনিম্ন দেশ : ইয়েমেন
- সার্কভুক্ত দেশের অবস্থান : ২১. ভুটান, ৮০. নেপাল, ৯৩. বাংলাদেশ, ১০০. শ্রীলংকা, ১১৬. ভারত, ১৪০. পাকিস্তান ও ১৬০. আফগানিস্তান।

## গবেষণা ও উন্নয়ন জরিপ ২০২২

প্রকাশ : ২৬ মে ২০২৪ ▌প্রকাশক : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) ▌শিরোনাম : Report on Research and Development Survey 2022। প্রতিবেদন অনুযায়ী—

- দেশে গবেষণা ও মান উন্নয়ন কার্যক্রমে বছরে মাথাপিছু আনুমানিক ব্যয় ৬২০ টাকা।
- দেশে প্রতি ১০ লাখ মানুষের বিপরীতে গবেষক আছেন ১০৭ জন।
- মোট গবেষকের মধ্যে ১০.৮২% নারী।

**বয়সভিত্তিক গবেষক**

| ক্যাটাগরি | ২০১৯-২০ | ২০২০-২১ |
|---|---|---|
| ৬৫ বা তদূর্ধ্ব | ৫৮ | ৫১ |
| ৫৫-৬৪ বছর | ১১৮৮ | ১৪১৬ |
| ৪৫-৫৪ বছর | ২৮৯৩ | ৩০৯৩ |
| ৩৫-৪৪ বছর | ৪৪৮৭ | ৪৮৫৩ |
| অনূর্ধ্ব ৩৪ বছর | ৮৫৬৭ | ৮৬১১ |

## বৈশ্বিক প্রতিযোগী সক্ষমতা সূচক

প্রকাশ : জুন ২০২৪ ▌প্রকাশক : সুইজারল্যান্ডভিত্তিক International Institute for Management Development ▌সূচকের শিরোনাম : 2024 IMD World Competitiveness Ranking ▌অন্তর্ভুক্ত দেশ : ৬৭টি। সূচক অনুযায়ী— শীর্ষ দেশ : সিঙ্গাপুর

- সর্বনিম্ন দেশ : ভেনিজুয়েলা।

## ভ্রমণ ও পর্যটন উন্নয়ন সূচক


প্রকাশ : ২১ মে ২০২৪ ▌প্রকাশক : বিশ্ব অর্থনৈতিক ফোরাম (WEF) ▌সূচকের শিরোনাম : Travel & Tourism Development Index 2024 ▌অন্তর্ভুক্ত দেশ : ১১৯টি। সূচক অনুযায়ী—

শীর্ষ দেশ : যুক্তরাষ্ট্র ♦ সর্বনিম্ন দেশ : মালি

- বাংলাদেশের অবস্থান ১০৯তম।

## কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০২৩

প্রকাশ : ১২ জুন ২০২৪ ▌প্রকাশক : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)




**পরিসংখ্যান অনুযায়ী উৎপাদনে শীর্ষ জেলা**

| | |
|---|---|
| ধান | ময়মনসিংহ |
| আউশ ধান | কুমিল্লা |
| বোরো ধান | ময়মনসিংহ |
| আমন ধান | দিনাজপুর |
| আম | নওগাঁ |
| কলা | টাঙ্গাইল |
| আনারস | টাঙ্গাইল |
| লিচু | দিনাজপুর |
| পেয়ারা | চট্টগ্রাম |
| কমলা | রাঙ্গামাটি |
| মাল্টা | ময়মনসিংহ |
| তরমুজ | খুলনা |
| কাঁঠাল | গাজীপুর |
| ভুট্টা | দিনাজপুর |
| আলু | রংপুর |
| মিষ্টি আলু | নোয়াখালী |
| মসুর ডাল | ফরিদপুর |
| মুগ ডাল | ভোলা |
| খেসারি ডাল | নোয়াখালী |
| সয়াবিন | লক্ষ্মীপুর |
| নারিকেল | বাগেরহাট |
| পেঁয়াজ | ফরিদপুর |
| আখ | নাটোর |
| পাট | ফরিদপুর |
| তুলা | ঝিনাইদহ |
| চা | মৌলভীবাজার |
| তামাক | কুষ্টিয়া |
| গম | ঠাকুরগাঁও |
| মাছ | ময়মনসিংহ |
| নদীর মাছ | ভোলা |
| বিলের মাছ | সুনামগঞ্জ |
| পুকুরের মাছ | ময়মনসিংহ |
| বাওড়ের মাছ | যশোর |

রাশিয়ার প্রেসিডেন্টের সরকারি বাসভবন ক্রেমলিন

www.boimate.com



# আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩

৫ জুন ২০২৪ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ প্রকাশ করে।

**খানার আকার :** ৩.৯৬ ➤ গ্রামীণ : ৪.০২ • শহর : ৩.৮৫

**বৈবাহিক অবস্থা (১০ বছর ও তদূর্ধ্ব) %** | পুরুষ ➤ অবিবাহিত : ৩৫.১৫ • বিবাহিত : ৬৩.৩০ • বিপত্নীক : ১.১৩ • তালাকপ্রাপ্ত : ০.২২ • বিচ্ছিন্ন : ০.২০ | মহিলা ➤ অবিবাহিত : ২২.৪৪ • বিবাহিত : ৬৭.৫৬ • বিধবা : ৮.৮৪ • তালাকপ্রাপ্ত : ০.৫৯ • বিচ্ছিন্ন : ০.৫৬

**পরিবারের প্রধান (%)** ➤ পুরুষ : ৮৬.৩২ • নারী : ১৩.৬৮

**বাসস্থানের জমির মালিকানা (%)** ➤ নিজের জমি : ৭১.১৪ • অন্যের জমি : ২২.৫১ • যৌথ জমি : ৩.৪১ • সরকারি/খাস জমি : ২.৯৪

**বিদ্যুতের প্রধান উৎস (%)** ➤ জাতীয় গ্রিড : ৯৮.৪৬ • মিনি গ্রিড : ০.০৫ • মিনি সোলার গ্রিড : ০.০১ • সোলার : ১.০৭ • অন্যান্য : ০.০০ • বিদ্যুৎ সংযোগ নেই : ০.৪২

**প্রাকৃতিক দুর্যোগের কারণে গৃহস্থালির জমি হারানো (%) :** ২.৩৮

**ক্ষুদ্র নৃগোষ্ঠী (মোট জনসংখ্যার %) :** ০.৯১ ➤ পুরুষ : ০.৯৩ • মহিলা : ০.৯০।

**মাতৃভাষা (%)** ➤ বাংলা : ৯৯.১৭ • অন্যান্য ভাষা : ০.৮৩

**কখনো স্কুলে যায়নি (৫ বছর ও তদূর্ধ্ব)% :** ১৯.৪৭ ➤ পুরুষ : ১৮.০৬ • মহিলা : ২০.৮৬।

**শিক্ষার্থীর অধ্যয়নের মাধ্যম (৩-২৪ বছর) %** ➤ বাংলা মাধ্যম : ৯৬.০৩ • ইংরেজি মাধ্যম : ০.৬৫ • ইংরেজি ভার্সন : ০.৩০ • অন্যান্য : ৩.০২

**নির্ভরতা অনুপাত :** ৫০.৪১

**খাতভিত্তিক কর্মে নিয়োজিত (১০ বছর ও তদূর্ধ্ব) %** ➤ কৃষি : ৪৩.৮৯ • শিল্প : ১৯.০৭ • সেবা : ৩৭.০৪

## ৬৪ জেলার সাক্ষরতার হার (৭ বছর ও তদূর্ধ্ব)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **ঢাকা বিভাগ** | **৮১.৫৪** | **চট্টগ্রাম বিভাগ** | **৮১.৫৭** | **সিলেট বিভাগ** | **৭৫.৩১** |
| ঢাকা | ৮৬.৭০ | ফেনী | ৮৬.৬৫ | মৌলভীবাজার | ৭৮.৪৩ |
| গাজীপুর | ৮৪.৭০ | চট্টগ্রাম | ৮৫.৭০ | সিলেট | ৭৮.০৮ |
| গোপালগঞ্জ | ৮১.৮৬ | চাঁদপুর | ৮৪.৮২ | হবিগঞ্জ | ৭৬.৩৩ |
| নারায়ণগঞ্জ | ৮১.৪০ | লক্ষ্মীপুর | ৮২.৪০ | সুনামগঞ্জ | ৬৮.৪৭ |
| মুন্সীগঞ্জ | ৭৯.০১ | নোয়াখালী | ৮১.৯২ | **খুলনা বিভাগ** | **৭৭.৮৫** |
| ফরিদপুর | ৭৮.৫৬ | কুমিল্লা | ৮১.০৬ | বাগেরহাট | ৮৪.৫৫ |
| নরসিংদী | ৭৮.০৪ | ব্রাহ্মণবাড়িয়া | ৭৭.৩৫ | যশোর | ৮১.৬৫ |
| মাদারীপুর | ৭৭.৭০ | কক্সবাজার | ৭৪.৯০ | খুলনা | ৮১.২১ |
| শরীয়তপুর | ৭৭.৪৪ | খাগড়াছড়ি | ৭৪.২৪ | সাতক্ষীরা | ৭৮.৫৫ |
| রাজবাড়ী | ৭৪.৯২ | রাঙ্গামাটি | ৭২.৫৬ | মাগুরা | ৭৭.৫৯ |
| টাঙ্গাইল | ৭৩.৯২ | বান্দরবান | ৬৩.৯৬ | নড়াইল | ৭৭.০৮ |
| মানিকগঞ্জ | ৭৩.০৩ | **ময়মনসিংহ বিভাগ** | **৭০.৬৮** | ঝিনাইদহ | ৭৪.৪১ |
| কিশোরগঞ্জ | ৬৮.৫৮ | ময়মনসিংহ | ৭৩.৫৬ | চুয়াডাঙ্গা | ৭৩.৭৯ |
| **রাজশাহী বিভাগ** | **৭৭.৩৬** | নেত্রকোণা | ৬৮.৩৮ | কুষ্টিয়া | ৭১.৩১ |
| নওগাঁ | ৮২.২৩ | জামালপুর | ৬৮.০৬ | মেহেরপুর | ৭০.০৬ |
| রাজশাহী | ৭৯.৪৩ | শেরপুর | ৬৭.৫১ | **রংপুর বিভাগ** | **৭৪.৮৭** |
| জয়পুরহাট | ৭৯.৩৪ | **বরিশাল বিভাগ** | **৮২.১৯** | দিনাজপুর | ৭৯.৩৮ |
| চাঁপাইনবাবগঞ্জ | ৭৮.৪৩ | পিরোজপুর | ৯০.৮১ | পঞ্চগড় | ৭৮.৬৫ |
| বগুড়া | ৭৬.৭২ | বরগুনা | ৮৮.৩৩ | লালমনিরহাট | ৭৬.২৯ |
| পাবনা | ৭৫.৭৩ | ঝালকাঠি | ৮৬.৯৩ | নীলফামারী | ৭৬.২৪ |
| নাটোর | ৭৫.৫৬ | বরিশাল | ৮৩.৫২ | ঠাকুরগাঁও | ৭৫.২৮ |
| সিরাজগঞ্জ | ৭৩.০৯ | পটুয়াখালী | ৮১.৭৭ | রংপুর | ৭৪.৩২ |
| | | ভোলা | ৭০.৮৪ | কুড়িগ্রাম | ৭০.২৫ |
| | | | | গাইবান্ধা | ৭০.২৩ |

## বিভিন্ন ক্যাটাগরিতে বাংলাদেশের শীর্ষ ও সর্বনিম্ন বিভাগ-জেলা

| ক্যাটাগরি | জাতীয় | বিভাগ | | জেলা | |
|---|---|---|---|---|---|
| | | শীর্ষ | সর্বনিম্ন | শীর্ষ | সর্বনিম্ন |
| সাক্ষরতার হার (%) ৫ বছর বা তদূর্ধ্ব | ৭৭.৭৩ | বরিশাল (৮১.১৮) | ময়মনসিংহ (৬৯.৮৬) | পিরোজপুর (৯০.২১) | বান্দরবান (৬৩.০৮) |
| সাক্ষরতার হার (%) ৭ বছর বা তদূর্ধ্ব | ৭৮.৮১ | বরিশাল (৮২.১৯) | ময়মনসিংহ (৭০.৬৮) | পিরোজপুর (৯০.৮১) | বান্দরবান (৬৩.৯৬) |
| লিঙ্গানুপাত | ৯৮.৯৯ | রংপুর (১০৩.০১) | চট্টগ্রাম (৯৩.২৮) | দিনাজপুর (১০৫.৮৪) | কুমিল্লা (৮৭.৯৬) |
| জাতীয় পরিচয়পত্র (%) | ৯৬.৪৫ | খুলনা (৯৭.৪৩) | চট্টগ্রাম (৯৫.৬০) | বরগুনা (৯৮.৪০) | বান্দরবান (৯২.৮৮) |
| ড্রাইভিং লাইসেন্স (%) | ২.১১ | খুলনা (৩.৩২) | ময়মনসিংহ (০.৭৫) | ঢাকা (৫.৩৭) | হবিগঞ্জ (০.৪১) |
| জন্ম নিবন্ধন (%) | ৮২.৮৬ | চট্টগ্রাম (৮৯.৫৬) | বরিশাল (৭৬.৮৫) | ফেনী (৯৭.৪৪) | শেরপুর (৬৪.৪৪) |
| পাসপোর্ট (%) | ৪.৩৯ | ঢাকা (৭.৭৮) | ময়মনসিংহ (১.১৩) | ঢাকা (১২.০৬) | কুড়িগ্রাম (০.৪৬) |
| প্রতিবন্ধী (%) | ১.০৯ | খুলনা (১.৩৭) | চট্টগ্রাম (০.৯২) | মুন্সিগঞ্জ (৩.৩৭) | নারায়ণগঞ্জ (০.৪৫) |
| শ্রমজীবী (%) | ৫৭.৪১ | রাজশাহী (৬১.১১) | সিলেট (৫১.৩৭) | পঞ্চগড় (৭৪.১২) | সুনামগঞ্জ (৪৮.৮৬) |
| কর্মজীবী (%) | ৯৬.৭০ | রাজশাহী (৯৭.৪৬) | সিলেট (৯৫.৯০) | পঞ্চগড় (৯৯.২৭) | খুলনা (৯৩.৯৪) |
| বেকার (%) | ৩.৩০ | সিলেট (৪.১০) | রাজশাহী (২.৫৪) | খুলনা (৬.০৬) | পঞ্চগড় (০.৭৩) |
| মাতৃভাষা বাংলা (%) | ৯৯.১৭ | খুলনা (১০০) | চট্টগ্রাম (৯৭.১১) | – | রাঙ্গামাটি (৪০.০২) |
| দ্বিতীয় ভাষা ইংরেজি (%) | ৬.১০ | ঢাকা (১১.২০) | রাজশাহী (১.৬৬) | ঠাকুরগাঁও (৩০.১২) | কুড়িগ্রাম (০.২৮) |

রাশিয়ায় দ্বি-কক্ষবিশিষ্ট আইনসভা— উচ্চকক্ষ ফেডারেশন কাউন্সিল এবং নিম্নকক্ষ স্টেট ডুমা

www.boimate.com

## দিবস প্রতিপাদ্য : জুন

### জাতীয়

৪ : জাতীয় চা দিবস। প্রতিপাদ্য— স্মার্ট বাংলাদেশের সংকল্প, রপ্তানিমুখী চা শিল্প।
৭ : ঐতিহাসিক ছয় দফা দিবস।
১৩: নারী উত্ত্যক্তকরণ প্রতিরোধ দিবস।
২৩: পলাশী দিবস।

### আন্তর্জাতিক

১ : বিশ্ব দুগ্ধ দিবস। প্রতিপাদ্য— বৈশ্বিক পুষ্টিতে দুগ্ধ অপরিহার্য।
: বিশ্ব মাতা-পিতা দিবস।
: আন্তর্জাতিক শিশু দিবস।
৩ : বিশ্ব মুগুর পা বা ক্লাবফুট দিবস।
: বিশ্ব বাইসাইকেল দিবস।
৪ : আগ্রাসনের শিকার শিশুদের জন্য আন্তর্জাতিক দিবস।
৫ : বিশ্ব পরিবেশ দিবস। প্রতিপাদ্য— করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা।
: অবৈধ, অপ্রতিবেদিত এবং অনিয়ন্ত্রিত মাছ ধরার বিরুদ্ধে লড়াই করার আন্তর্জাতিক দিবস।
৬ : আন্তর্জাতিক হোম বার্থ দিবস।
: রুশ ভাষা দিবস।
৭ : বিশ্ব নিরাপদ খাদ্য দিবস। প্রতিপাদ্য— খাদ্য নিরাপত্তাঃ অপ্রত্যাশিতের জন্য প্রস্তুত।
৮ : বিশ্ব ব্রেইন টিউমার দিবস। প্রতিপাদ্য— মস্তিষ্কের স্বাস্থ্য এবং প্রতিরোধ।
: বিশ্ব মহাসাগর বা সমুদ্র দিবস। প্রতিপাদ্য— নতুন গভীরতা জাগ্রত করুন।
৯ : বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস। প্রতিপাদ্য— স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অ্যাক্রেডিটেশন।
: আন্তর্জাতিক আর্কাইভ দিবস। প্রতিপাদ্য—Cyber Archives।
১০ : আন্তর্জাতিক সভ্যতা-সংলাপ দিবস।
১১ : আন্তর্জাতিক খেলা দিবস।
১২ : বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস। প্রতিপাদ্য— শিশুশ্রম বন্ধ করি, প্রতিশ্রুতি রক্ষা করি।
১৩: আন্তর্জাতিক অ্যালবিনিজম সচেতনতা দিবস।
: (জুন মাসের দ্বিতীয় বৃহস্পতিবার) আন্তর্জাতিক ফ্যাটি লিভার দিবস। প্রতিপাদ্য— ফ্যাটি লিভার আজই শনাক্ত করুন।
১৪ : বিশ্ব রক্তদাতা দিবস।
১৫ : বিশ্ব প্রবীণ নির্যাতন সচেতনতা দিবস।
১৬: আন্তর্জাতিক গৃহ শ্রমিক দিবস।
: আন্তর্জাতিক পারিবারিক রেমিট্যান্স দিবস।
: (জুন মাসের তৃতীয় রবিবার) বিশ্ব বাবা দিবস।
১৭ : বিশ্ব খরা ও মরুকরণ প্রতিরোধ দিবস।
১৮: আন্তর্জাতিক বনভোজন দিবস।
: ঘৃণামূলক বক্তব্য প্রতিরোধে আন্তর্জাতিক দিবস।
: টেকসই গ্যাস্ট্রোনমি দিবস।
১৯ : সংঘাতকালীন যৌন সহিংসতা নির্মূলে আন্তর্জাতিক দিবস।
২০ : বিশ্ব শরণার্থী দিবস। প্রতিপাদ্য— শরণার্থীদের সঙ্গে সংহতি।
২১ : আন্তর্জাতিক যোগ দিবস। প্রতিপাদ্য— নিজে ও সমাজের জন্য যোগ।
: বিশ্ব সংগীত দিবস
: বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস। প্রতিপাদ্য— সামুদ্রিক কার্যক্রমে নিরাপত্তা, দক্ষতা ও টেকসই উন্নয়নে হাইড্রোগ্রাফিক তথ্যের গুরুত্ব।
: বিশ্ব মোটরসাইকেল দিবস।
২৩: আন্তর্জাতিক বিধবা দিবস।
: আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস।
: আন্তর্জাতিক অলিম্পিক দিবস।
২৪ : কূটনীতিতে আন্তর্জাতিক নারী দিবস।
২৫ : বিশ্ব সমুদ্র মৈত্রী দিবস।
২৬: মাদক দ্রব্যের অপব্যবহার এবং অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস।
: নির্যাতনের শিকারদের সহায়তায় আন্তর্জাতিক দিবস।
২৭ : আন্তর্জাতিক এমএসএমই দিবস।
২৯ : আন্তর্জাতিক ক্রান্তীয় দিবস।
৩০ : আন্তর্জাতিক উপগ্রহ দিবস।
: আন্তর্জাতিক সংসদীয় ব্যবস্থা দিবস।

**সপ্তাহ**

৩-৯ : আন্তর্জাতিক আর্কাইভস সপ্তাহ।
৭-১৩ : বিশ্ব হৃৎস্পন্দন সপ্তাহ।

## সম্মেলন-বৈঠক

■ **চীন-আরব রাষ্ট্র সহযোগিতা ফোরাম (CASCF) বৈঠক**
আয়োজন : ১০ম | সময়কাল : ২৮ মে-১ জুন ২০২৪ | স্থান : বেইজিং, চীন।

■ **শাংরি-লা ডায়লগ (SLD)**
আয়োজন : ২১তম | সময়কাল : ৩০ মে-২ জুন ২০২৪ | স্থান : সিঙ্গাপুর।

■ **G7 শীর্ষ সম্মেলন**
আয়োজন : ৫০তম | সময়কাল : ১৩-১৫ জুন ২০২৪ | স্থান : ফাসানো, আপুলিয়া, ইতালি।

■ **ইউক্রেন শান্তি সম্মেলন**
সময়কাল : ১৫-১৬ জুন ২০২৪ | স্থান : সুইজারল্যান্ড।

■ **ন্যাটো শীর্ষ সম্মেলন**
সময়কাল : ৯-১১ জুলাই ২০২৪ | স্থান : ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র।

■ **জাতীয় নদী সম্মেলন**
সময়কাল : ২৫-২৬ মে ২০২৪ | স্থান : কৃষিবিদ ইনস্টিটিউশন, ঢাকা | প্রতিপাদ্য : নদী বাঁচাই, দেশ বাঁচাই
– দেশে সংকটাপন্ন নদী ২২৯টি।
– বিভাগওয়ারি সংকটাপন্ন নদী > রংপুর ৪৩, সিলেট ৪২, খুলনা ৩৭, বরিশাল ৩০, ঢাকা ২৮, রাজশাহী ১৯, চট্টগ্রাম ১৭ ও ময়মনসিংহ ১৩।

## বাসযোগ্য শহর

প্রকাশ : ২৬ জুন-২০২৪ | প্রকাশক : Economist Intelligence Unit (EIU) | অন্তর্ভুক্ত শহর ১৭৩টি | শিরোনাম : Global Liveability Index 2024। প্রতিবেদন অনুযায়ী—
♦ শীর্ষ শহর : ভিয়েনা (অস্ট্রিয়া)
♦ সর্বনিম্ন শহর : দামেস্ক (সিরিয়া)
♦ তালিকায় ঢাকার অবস্থান ১৬৮তম।

## পেন পিন্টার পুরস্কার

নোবেল বিজয়ী নাট্যকার হ্যারল্ড পিন্টারের স্মরণে ২০০৯ সালে দাতব্য প্রতিষ্ঠান ইংলিশ পেন এ পুরস্কার প্রবর্তন করে। বিশ্বকে নির্ভীক দৃষ্টিতে দেখেন এমন সাহিত্যিক ও লেখককে এ পুরস্কারে ভূষিত করা হয়ে থাকে। ২০২৪ সালের পেন পিন্টার পুরস্কার লাভ করেন বুকারজয়ী ভারতীয় লেখক ও সাহিত্যিক অরুন্ধতী রায়।

মস্কো থেকে সেন্ট পিটার্সবার্গে রাজধানী স্থানান্তর করা হয় ১৭১২ সালে



## লোকান্তর

♦ **তালাত হুসেন (১৮ সেপ্টেম্বর ১৯৪০-২৬ মে ২০২৪) :** পাকিস্তানের খ্যাতিমান অভিনেতা। 'আরজুমান্দ', 'আনসু', 'বন্দির', 'দেশ পরদেশ', 'তারিক বিন জিয়াদ', 'ঈদ কা জোরা', 'ফানুনি লতিফে হাওয়ায়ে' সহ অনেক জনপ্রিয় সিনেমা উপহার দিয়েছেন। তিনি ২০২১ সালে 'সিতারা-ই-ইমতিয়াজ' পুরস্কারে ভূষিত হন।

♦ **উইলিয়াম অ্যান্ডার্স (১৭ অক্টোবর ১৯৩৩-৭ জুন ২০২৪) :** অ্যাপোলো-৮ মহাকাশযানের নভোচারী। চাঁদের কক্ষপথে প্রদক্ষিণকারী প্রথম তিন ব্যক্তির একজন ছিলেন উইলিয়াম। ১৯৬৮ সালে অ্যাপোলো-৮ অভিযানের সময় উইলিয়াম বিখ্যাত 'আর্থরাইজ' অর্থাৎ চাঁদের আকাশে পৃথিবী উদয়ের ছবিটি তোলেন।

♦ **রামোজি রাও (১৬ নভেম্বর ১৯৩৬-৮ জুন ২০২৪) :** বিশ্বের বৃহত্তম সিনেমা সেট রামোজি ফিল্ম সিটি এবং ইটিভি নেটওয়ার্কের প্রতিষ্ঠাতা। তিনি 'চেরুকুরি রামোজি রাও' নামেও পরিচিত ছিলেন।

♦ **অসীম সাহা (২০ ফেব্রুয়ারি ১৯৪৯-১৮ জুন ২০২৪) :** কবি ও ঔপন্যাসিক। নেত্রকোণায় তার মামার বাড়িতে জন্মগ্রহণ করেন। পৈতৃক নিবাস মাদারীপুর। অসীম সাহার প্রথম কাব্যগ্রন্থ 'পূর্ব পৃথিবীর অস্থির জ্যোৎস্নায়'।

♦ **শেখ সালেহ আল-শাইবা (মৃত্যু : ২১ জুন ২০২৪) :** সৌদি আরবে পবিত্র কাবা ঘরের তত্ত্বাবধায়ক। ড. শায়খ সালেহ আল শাইবা হযরত ওসমান ইবনে তালহা রাদিআল্লাহু আনহুর বংশধর ছিলেন।



তিনি পবিত্র কাবাঘরের ১০৯তম অভিভাবক (গার্ডিয়ান অব দ্য কাবা) ছিলেন। প্রাক-ইসলামি যুগ থেকেই শাইবা গোত্রের কাছে কাবাঘরের চাবি সংরক্ষিত থাকত। মক্কা বিজয়ের দিন রাসুলুল্লাহ (সা.) নিজে এই গোত্রের ওসমান ইবনে তালহা রাদিআল্লাহু আনহুর কাছে চাবি হস্তান্তর করে তাকে সম্মানিত করেন। তারপর থেকে সেই ধারা এখনও অব্যাহত রয়েছে।

♦ **মুচকুন্দ দুবে (৩ নভেম্বর ১৯৩৩-২৬ জুন ২০২৪) :** ভারতের সাবেক পররাষ্ট্রসচিব ও বাংলাদেশের অকৃত্রিম বন্ধু। তিনি ১৯৭৯-৮২ সাল পর্যন্ত ঢাকায় ভারতীয় হাইকমিশনার, ১৯৮২-১৯৮৫ পর্যন্ত জাতিসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি এবং ২০ এপ্রিল ১৯৯০-৩০ নভেম্বর ১৯৯১ পর্যন্ত ভারতের পররাষ্ট্র সচিব ছিলেন।

## পদক-পুরস্কার

### আন্তর্জাতিক ডাবলিন সাহিত্য পুরস্কার

১৯৯৬ সাল থেকে আন্তর্জাতিক ডাবলিন সাহিত্য পুরস্কার প্রদান শুরু হয়। অনূদিত কোনো উপন্যাস পুরস্কারের জন্য বিবেচিত হলে মূল লেখক ৭৫,০০০ ইউরো পান এবং অনুবাদক পান ২৫,০০০। ২০২৪ সালের ডাবলিন সাহিত্য পুরস্কারে সেরা উপন্যাস নির্বাচিত হয় রোমানিয়ার কথাসাহিত্যিক মিরসিয়া কার্টারেস্কুর গ্রন্থ Solenoid। এটি অনুবাদ করেন শন কোটার।

### GCA লোকাল অ্যাডাপটেশন চ্যাম্পিয়নস

১১ জুন ২০২৪ প্রধানমন্ত্রী শেখ হাসিনা গ্লোবাল সেন্টার অন অ্যাডাপটেশনের (GCA) লোকাল অ্যাডাপটেশন চ্যাম্পিয়নস অ্যাওয়ার্ড গ্রহণ করেন।



GCA'র প্রধান নির্বাহী কর্মকর্তা অধ্যাপক প্যাট্রিক ভি ভারকুইজেন প্রধানমন্ত্রীর সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎকালে তার হাতে এ অ্যাওয়ার্ড তুলে দেন। জলবায়ু মোকাবিলায় প্রথমবারের মতো প্রধানমন্ত্রী এ অ্যাওয়ার্ড লাভ করেন।

### বঙ্গবন্ধু অ্যাওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ কনজারভেশন

বঙ্গবন্ধু অ্যাওয়ার্ড ফর ওয়াইল্ডলাইফ কনজারভেশন ২০২৪ সালে বিভিন্ন ক্যাটাগরিতে বিজীয়রা হলেন—
আকাশ কলি দাস, পাবনা (বন্যপ্রাণী সংরক্ষণ কাজে নিয়োজিত কর্মকর্তা, খ্যাতিমান গবেষক, বিজ্ঞানী, বন্যপ্রাণী সংরক্ষণবাদী ব্যক্তি ও গণমাধ্যম কর্মী/ব্যক্তিত্ব) • অধ্যাপক ড. মো. কামরুল হাসান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা) • জবই বিল জীববৈচিত্র্য সংরক্ষণ ও সমাজকল্যাণ সংস্থা, নওগাঁ (বন্যপ্রাণী সংরক্ষণে নিবেদিত প্রতিষ্ঠান)।

### জাতীয় পরিবেশ পদক

জাতীয় পরিবেশ পদক ২০২৩-এর বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ীরা হলেন— মো. আব্দুল ওয়াহিদ সরদার, যশোর (পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ) • মুহাম্মদ রকিবুল আহসান রনি, ঢাকা (পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার) • অধ্যাপক ড. মো. মনোয়ার হোসেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন) • মৌলভীবাজার পৌরসভা (পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ) • আরণ্যক ফাউন্ডেশন (পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার)।

### কমনওয়েলথ ছোটগল্প পুরস্কার

কমনওয়েলথভুক্ত দেশগুলোর কথাসাহিত্যকে বিশেষ অনুপ্রেরণা দান ও বিশ্ব সাহিত্যে পরিচিত করিয়ে দেওয়ার উদ্দেশ্যে কমনওয়েলথ ফাউন্ডেশন 'কমনওয়েলথ রাইটার্স ইনিশিয়েটিভ' প্রবর্তন করে। এর আওতায় ২০১২ সাল থেকে এশিয়া, আফ্রিকা, কানাডা ও ইউরোপ, ক্যারিবীয় এবং প্রশান্ত মহাসাগরীয়— এই ৫টি অঞ্চল থেকে সেরা ছোটগল্প নির্বাচন করে পুরস্কৃত করা হয়। 'ঐশ্বরিয়া রাই' গল্পের জন্য ২০২৪ সালের কমনওয়েলথ ছোটগল্প পুরস্কার লাভ করেন ভারতীয় লেখক সানজনা ঠাকুর। পুরস্কারের অর্থমূল্য ৫,০০০ পাউন্ড।

রাশিয়ার অফিসিয়াল ভাষা রাশিয়ান

www.boimate.com

# ইরানের প্রেসিডেন্ট নির্বাচন

২৮ জুন ২০২৪ ইরানের ১৪তম প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনের জন্য গার্ডিয়ান কাউন্সিল ছয়জনকে প্রার্থী হিসেবে মনোনয়ন দেয়। পরে দুইজন প্রার্থিতা প্রত্যাহার করলে নির্বাচনের মাঠে লড়াই করেন চার প্রার্থী। এরা হলেন— মোহাম্মদ বাঘের গালিবাফ, মাসুদ পেজেশকিয়ান (একমাত্র সংস্কারপন্থী), সাইদ জালিলি ও মোস্তফা পুরমোহাম্মদি। নির্বাচনে কোনো প্রার্থী ৫০% ভোট না পাওয়ায় ৫ জুলাই ২০২৪ সর্বাধিক ভোট পাওয়া দুই প্রার্থী— মাসুদ পেজেশকিয়ান (প্রাপ্ত ভোট ৪৪.৩৬%) ও সাইদ জালিলির (প্রাপ্ত ভোট ৪০.৩৫%) মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হবে।

## গার্ডিয়ান কাউন্সিল

ইরানের সবচেয়ে প্রভাবশালী প্রতিষ্ঠান গার্ডিয়ান কাউন্সিল বা অভিভাবক পরিষদ। ১২ সদস্যের এ কাউন্সিলে ৬ জন ধর্মতত্ত্ববিদ এবং ৬ জন আইন বিশেষজ্ঞ থাকেন। এদের মধ্যে ৬ জন ধর্মীয় তাত্ত্বিক নিয়োগ দেন সুপ্রিম লিডার। বাকি ৬ জন আইন বিশেষজ্ঞের নাম প্রস্তাব করে প্রধান বিচারপতি। যদিও এই ৬ জনের চূড়ান্ত নিয়োগ পেতে পার্লামেন্টের অনুমোদন লাগে। ছয় বছরের জন্য তারা নিয়োগ পান। পার্লামেন্ট বা প্রেসিডেন্ট নির্বাচনে কে প্রার্থী হবেন তা কাউন্সিল দ্বারা চূড়ান্ত হয়। পার্লামেন্টে পাস করা সকল বিলে এ কাউন্সিলের অনুমোদন লাগে।

## নির্বাচন আয়োজনে কাউন্সিল

ইরানের সংবিধানের ১৩১ অনুচ্ছেদ অনুযায়ী, দায়িত্বরত কোনো প্রেসিডেন্ট মারা গেলে বা কোনো কারণে দায়িত্ব পালনে অক্ষম হলে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নেন দেশটির প্রথম ভাইস প্রেসিডেন্ট। এছাড়া বিধান অনুসারে ইরানে তিন সদস্যের একটি কাউন্সিল গঠন করা হয়। সেই কাউন্সিলের প্রধান প্রথম ভাইস প্রেসিডেন্ট। কাউন্সিলের অন্য দুই সদস্য হলেন ইরানের পার্লামেন্টের স্পিকার এবং বিচার বিভাগের প্রধান। এ তিন সদস্যবিশিষ্ট পরিষদের প্রধান দায়িত্ব ৫০ দিনের মধ্যে দেশে প্রেসিডেন্ট নির্বাচন আয়োজন করা। নিয়ম অনুযায়ী, কোনো প্রার্থী যদি ন্যূনতম ৫০% ভোট না পান, তবে নির্বাচন দ্বিতীয় দফায় গড়ায়। প্রথম দফার নির্বাচনে প্রথম ও দ্বিতীয় অবস্থানে থাকা দুই প্রার্থীর মধ্যে তখন প্রতিদ্বন্দ্বিতা হয়। প্রথম দফার ফল ঘোষণার পর প্রথম যে শুক্রবারটি আসে, সেদিনই দ্বিতীয় দফার ভোট হয়।

## প্রেসিডেন্টের ক্ষমতা ও কার্যাবলি

ইরানের সংবিধান অনুযায়ী, সর্বোচ্চ নেতার পরেই প্রেসিডেন্ট দেশের দ্বিতীয় শীর্ষ ক্ষমতাধর ব্যক্তি। তিনি সরকারের প্রধান এবং সংবিধানের বাস্তবায়ন তার দায়িত্ব। অভ্যন্তরীণ বিভিন্ন নীতি এবং পররাষ্ট্রনীতি প্রণয়ন এবং বাস্তবায়নে প্রেসিডেন্টের হাতে থাকে অনেক ক্ষমতা। ইরানের প্রেসিডেন্ট মূলত, দেশের অর্থনৈতিক নীতি নির্ধারণ করেন। সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল নির্বাচনেও প্রেসিডেন্টের ভূমিকা থাকে। তার অধীনে আটজন ভাইস প্রেসিডেন্ট থাকেন। তার মন্ত্রিসভার সদস্য সংখ্যা ২২। তবে রাষ্ট্রের যেকোনো ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত দেওয়ার ক্ষমতা থাকে শীর্ষ নেতার হাতে। ইরানে প্রেসিডেন্টকে জনগণের ভোটে নির্বাচিত হতে হয় এবং তার ক্ষমতার মেয়াদ চার বছর। একজন প্রেসিডেন্ট পরপর দু'বারের বেশি নির্বাচন করতে পারেন না।

## একনজরে ইরানের প্রেসিডেন্ট

ইসলামি প্রজাতন্ত্র ইরানের প্রথম প্রেসিডেন্ট আবুল হাসান বনিসদর। ২৫ জানুয়ারি ১৯৮০ অনুষ্ঠিত নির্বাচনে তিনি ৭৫.৬% ভোট পেয়ে প্রেসিডেন্ট নির্বাচিত হন। ১৯৮১ সালের জুন মাসে ইরানের প্রথম রাষ্ট্রপতিকে তার 'রাজনৈতিক অযোগ্যতার' ভিত্তিতে সংসদের চূড়ান্ত ভোটের মাধ্যমে ক্ষমতা থেকে অপসারণ করা হয়। ২ আগস্ট ১৯৮১ প্রেসিডেন্ট হিসেবে মোহাম্মদ আলী রাজাই দায়িত্ব গ্রহণ করেন। ৩০ আগস্ট ১৯৮১ প্রধানমন্ত্রীর কার্যালয়ে এক বিস্ফোরণে প্রধানমন্ত্রী মোহাম্মদ জাওয়াদ বাহনারের সঙ্গে প্রেসিডেন্ট আলী রাজাই'র মৃত্যু হয়। মোহাম্মদ আলী রাজাইয়ের পর ইব্রাহিম রাইসি দ্বিতীয় প্রেসিডেন্ট, যার মেয়াদ শেষ হওয়ার আগেই আকস্মিক মৃত্যুবরণ করেন।



আবুল হাসান　আয়াতুল্লাহ　খাতামি　আহমাদিনেজাদ　ইব্রাহিম

| নাম | সময়কাল |
|---|---|
| ১. আবুল হাসান বনিসদর | ৪ ফেব্রুয়ারি ১৯৮০-২২ জুন ১৯৮১ |
| ২. মোহাম্মদ আলী রাজাই | ২-৩০ আগস্ট ১৯৮১ |
| ৩. আয়াতুল্লাহ আলি খামেনি | ৯ অক্টোবর ১৯৮১-১৬ আগস্ট ১৯৮৯ |
| ৪. আকবর হাশেমি রাফসানজানি | ১৬ আগস্ট ১৯৮৯-৩ আগস্ট ১৯৯৭ |
| ৫. মোহাম্মদ খাতামি | ৩ আগস্ট ১৯৯৭-৩ আগস্ট ২০০৫ |
| ৬. মাহমুদ আহমাদিনেজাদ | ৩ আগস্ট ২০০৫-৩ আগস্ট ২০১৩ |
| ৭. হাসান রুহানি | ৩ আগস্ট ২০১৩-৩ আগস্ট ২০২১ |
| ৮. ইব্রাহিম রাইসি | ৩ আগস্ট ২০২১-১৯ মে ২০২৪ |



www.boimate.com

# বিশ্বমঞ্চে বাংলাদেশ

## বাংলাদেশের স্মৃতিস্তম্ভ 'ওরে বিহঙ্গ মোর'

২৮ মে ২০২৪ জাপানের নাগাসাকি শহরের পিস পার্কে বাংলাদেশের নিজস্ব অর্থায়নে নির্মিত শান্তি স্মৃতিস্তম্ভ 'ওরে বিহঙ্গ মোর' উদ্বোধন করা হয়। স্থপতি অনিন্দ্য পণ্ডিতের নকশায় ৩ মিটার উঁচু এ স্মৃতিস্তম্ভটি কালো গ্রানাইট ও সাদা মার্বেল পাথর দিয়ে নির্মিত। টোকিও'র বাংলাদেশ দূতাবাসের সহযোগিতায় স্মৃতিস্তম্ভটি নির্মাণ করে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তর। উল্লেখ্য, নাগাসাকির পিস পার্কে বিশ্বের ১৫টি দেশ তাদের ভাস্কর্য স্থাপন করে।



## UNICEF ইন্টারন্যাশনাল কাউন্সিলের চেয়ার

২৪ মে ২০২৪ ইউনিসেফ ইন্টারন্যাশনাল কাউন্সিলের পরবর্তী চেয়ার হিসেবে সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানের নাম ঘোষণা করে জাতিসংঘ শিশু তহবিল (UNICEF)। ২০২৪ সালের নভেম্বরে তিনি কাউন্সিলের অভিষেক চেয়ার মারিয়া আহলস্ট্রোম-বন্ডেসট্যামের কাছ থেকে দায়িত্ব গ্রহণ করবেন। ব্যক্তি খাতের ১৫০ জনের মতো সমাজসেবী ও অংশীদারের এক অনন্য কমিউনিটি 'ইউনিসেফ ইন্টারন্যাশনাল কাউন্সিল'। বিশ্বজুড়ে শিশুদের সহায়তা করতে ইউনিসেফে সম্মিলিতভাবে ৫৫ কোটির বেশি বিনিয়োগ করে আন্তর্জাতিক এ কাউন্সিলের সদস্যরা।

## লোয়েস্টওফটের মেয়র

২১ মে ২০২৪ যুক্তরাজ্যের লোয়েস্টওফট টাউন হল থেকে প্রথম বাংলাদেশি বংশোদ্ভূত হিসেবে নাসিমা বেগম মেয়র নির্বাচিত হয়। নাসিমা বেগম সুনামগঞ্জের কামারখাল গ্রামের বাসিন্দা। তার জন্ম যুক্তরাজ্যের লোয়েস্টওফট টাউনে। তিনি টানা তিনবার এ টাউন হলের ডেপুটি মেয়র হিসেবে দায়িত্ব পালন করেন। এবার তিনি মেয়র নির্বাচিত হন।

## জাতিসংঘের দ্বিতীয় কমিটির চেয়ার

সাধারণ পরিষদের দ্বিতীয় কমিটি জাতিসংঘের অর্থনৈতিক, আর্থিক এবং পরিবেশগত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ও কার্যক্রম তদারকি করে। ৬ জুন ২০২৪ জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মোহাম্মদ আবদুল মুহিত সর্বসম্মতিক্রমে জাতিসংঘ সাধারণ পরিষদের আসন্ন ৭৯তম অধিবেশনের দ্বিতীয় কমিটির চেয়ার নির্বাচিত হন।

## ILO'র গভর্নিং বডির সদস্য

৭ জুন ২০২৪ বাংলাদেশ ২০২৪-২৭ মেয়াদের জন্য আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) গভর্নিং বডির পূর্ণ সদস্য নির্বাচিত হয়। সুইজারল্যান্ডের জেনেভায় ১১২তম আন্তর্জাতিক শ্রম সম্মেলনে অনুষ্ঠিত নির্বাচনে বাংলাদেশ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়। ILO'র পরিচালনা পর্ষদ ও নীতি নির্ধারণী ফোরাম গভর্নিং বডিতে সরকারের জন্য ২৮টি সদস্যপদ রয়েছে। যার মধ্যে ১০টি উচ্চ শিল্প গুরুত্বসম্পন্ন দেশের জন্য সংরক্ষিত থাকে। অবশিষ্ট ১৮টি সরকারি সদস্যপদের জন্য ILO'র ১৭৭টি দেশ প্রতিদ্বন্দ্বিতা করে থাকে। ইতোপূর্বে বাংলাদেশ ১৯৯৬-৯৯ ও ২০০৮-১১ মেয়াদে সংস্থাটির গভর্নিং বডির সদস্য হিসেবে নির্বাচিত হয়।

## GCSJ'র সদস্য বাংলাদেশ

১৩ জুন ২০২৪ বাংলাদেশ আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) উদ্যোগে প্রতিষ্ঠিত Global Coalition for Social Justice (GCSJ) এ যোগ দেয়। বহুপাক্ষিক সহযোগিতা ও অংশীদারত্ব জোরদার করায় বিশ্বব্যাপী সামাজিক ন্যায়বিচার ও ন্যায্যতার ঘাটতি পূরণ করে জাতিসংঘ ঘোষিত 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-২০৩০' অর্জনে অবদান রাখার লক্ষ্য নিয়ে ২০২৩ সালের নভেম্বরে এ জোট প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ জোটটিতে ৭৩তম সদস্য হিসেবে যোগ দেয়। সরকার ছাড়াও বিভিন্ন দেশের শ্রমিক সংগঠন, মালিক সংগঠন, বেসরকারি সংস্থা, গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থা, বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান ও কতিপয় ব্যবসা প্রতিষ্ঠানও এর অংশীদার।

## ECOSOC'র সদস্য

ECOSOC জাতিসংঘের মূল ৬টি অঙ্গসংস্থার একটি এবং বহুপক্ষীয় ও উন্নয়ন কূটনীতি প্রশ্নে জাতিসংঘের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্লাটফর্ম হিসেবে পরিচিত। ECOSOC'র সদস্য ৫৪টি। প্রতি বছর এক-তৃতীয়াংশে অর্থাৎ ১৮টি সদস্যের মেয়াদ শেষ হয়। ৬ জুন ২০২৪ জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের (ECOSOC) নির্বাচনে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রার্থী হিসেবে ২০২৫-২৭ মেয়াদে নির্বাচিত হয় বাংলাদেশ। এর আগে বাংলাদেশ ১৯৭৬-৭৮, ১৯৮১-৮৩, ১৯৮৫-৮৭, ১৯৯২-৯৪, ১৯৯৬-৯৮, ২০০৪-২০০৬, ২০১০-১২, ২০১৪-১৬, ২০২০-২২ মেয়াদে এ সংস্থার সদস্য নির্বাচিত হয়।

রাশিয়ার কেন্দ্রীয় ব্যাংক Central Bank of Russia






## পিপিপি-তে চালু দুই বস্ত্রকল

২৭ বছর বন্ধ থাকার পর চালু হচ্ছে সরকারি দু'টি বস্ত্রকল। একটি হচ্ছে সীতাকুণ্ডের 'আর আর টেক্সটাইল মিল' এবং অন্যটি 'রাজশাহী টেক্সটাইল মিল'। তবে এবার মিল দু'টি চালু হবে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (PPP)-এর ভিত্তিতে। PPP'র ভিত্তিতে প্রাণ-আরএফএল শিল্পগোষ্ঠীর প্রাণ কনসোর্টিয়াম বস্ত্রকল দু'টির স্থান ব্যবহার করে চালু করবে। ২৭ মে ২০২৪ অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ প্রস্তাব নীতিগতভাবে অনুমোদিত হয়। বস্ত্রকল দু'টি বর্তমানে বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশনের (BTMC) নিয়ন্ত্রণে রয়েছে। BTMC'র বন্ধ বস্ত্রকল মোট ২৪টি, এর মধ্যে ১৬টি পিপিপি-তে পরিচালনার সিদ্ধান্ত নেয়।

- সীতাকুণ্ডের আর আর টেক্সটাইল মিল ১৯৬৩ সালে ১৯.৪৮ একর জমির ওপর প্রতিষ্ঠিত হয়। ১৯৯৭ সাল পর্যন্ত এর উৎপাদন কার্যক্রম চলমান ছিল।
- রাজশাহী টেক্সটাইল-মিল প্রতিষ্ঠিত হয় ১৯৭৫ সালে। এটি ২৬.৩৪ একর জমির ওপর প্রতিষ্ঠিত। এ বস্ত্রকলটিও ১৯৯৭ সাল থেকে বন্ধ ছিল।

## ভূমি উন্নয়ন করের নতুন সময়


জাতীয় অর্থবছরের সঙ্গে সমন্বিত করে এখন থেকে ভূমি উন্নয়ন কর আদায়ের সময়কাল হবে প্রতি বছরের ১ জুলাই থেকে ৩০ জুন। ৮ জুন ২০২৪ ভূমিমন্ত্রী এ কথা জানান। এর আগে বাংলা বছরের ১ বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায় করা হতো। ১০ সেপ্টেম্বর ২০২৩ জাতীয় সংসদে 'ভূমি উন্নয়ন কর বিল, ২০২৩' পাস হয়। বিলটিতে ২৫ বিঘা পর্যন্ত ভূমি উন্নয়ন কর মওকুফের বিধান রাখা হয়। তবে ২৫ বিঘার বেশি জমির মালিক হলে পুরোটারই ভূমি উন্নয়ন কর দিতে হবে। একই সাথে বাংলার পরিবর্তে ইংরেজি বর্ষপঞ্জি অনুযায়ী কর আদায়ের বিধান করা হয়।

## ভুটান ভ্রমণে খরচ কমলো

ভুটান ভ্রমণে বাংলাদেশি পর্যটকদের এখন থেকে প্রতিদিন টেকসই উন্নয়ন ফি (Sustainable Development Fee-SDF) হিসেবে ১৫ ডলার দিতে হবে, যা ভারতীয় পর্যটকদের ওপর আরোপিত ফির সমান। ২ জুন ২০২৪ থেকে নতুন ভিসা নীতি কার্যকর হয়। তবে নতুন নীতিমালার আওতায় বছরে ১৫০০ বাংলাদেশি পর্যটক প্রতিদিন ১৫ মার্কিন ডলার ফি দিয়ে ভুটান ভ্রমণ করতে পারবেন। এর বেশি পর্যটক হলে অন্যান্য দেশের নাগরিকদের মতো ১০০ ডলার ফি দিতে হবে। ২০২২ সাল থেকে দক্ষিণ এশিয়ার পর্যটকদের জন্য প্রতিদিন ভুটানে টেকসই উন্নয়ন ফি ছিল ২০০ ডলার। ২০২৩ সালে এ ফি কমিয়ে ১০০ ডলার করা হয়।

## ৩০টি দেশে ভিসামুক্ত প্রবেশ

৩ জুন ২০২৪ মন্ত্রিসভার বৈঠকে বাংলাদেশ ও মঙ্গোলিয়া সরকারের মধ্যে 'মিউচুয়াল এক্সপানশন অন ভিসা রিকয়ারমেন্ট' চুক্তির খসড়া অনুমোদন দেওয়া হয়। এর ফলে ডিপ্লোমেটিক ও অফিসিয়াল পাসপোর্টধারীরা ভিসা ছাড়াই ৩০ দিন ভ্রমণ করতে পারবেন। বর্তমানে ২৯টি দেশের সাথে বাংলাদেশের ভিসামুক্ত প্রবেশের চুক্তি রয়েছে। মঙ্গোলিয়ার সাথে চুক্তিটি কার্যকর হলে দেশের সংখ্যা হবে ৩০টি। বর্তমানে ২৯টি দেশ হলো—



- অফিসিয়াল ও ডিপ্লোমেটিক পাসপোর্টধারীদের জন্য ভিসা অব্যাহতি : ২৬টি দেশ— সিঙ্গাপুর, ভিয়েতনাম, মায়ানমার, চিলি, লাওস, বেলারুশ, কম্বোডিয়া, ফিলিপাইন, মালয়েশিয়া, কুয়েত, রাশিয়া, শ্রীলংকা, তুরস্ক, ভারত, চীন, ব্রুনাই, ওমান, ইন্দোনেশিয়া, ব্রাজিল, কাতার, বতসোয়ানা, কসোভো, দক্ষিণ কোরিয়া, সার্বিয়া, আর্জেন্টিনা এবং কাজাখস্তান।
- শুধু ডিপ্লোমেটিক পাসপোর্ট হোল্ডারদের জন্য ভিসা অব্যাহতি : ২টি দেশ— জাপান ও থাইল্যান্ড।
- সকল পাসপোর্টধারীদের জন্য ভিসা অব্যাহতি : ১টি দেশ— মালদ্বীপ (এমপ্লয়মেন্ট ব্যতীত)।

## দ্বৈত কর পরিহার চুক্তি

৩ জুন ২০২৪ নেদারল্যান্ডস ও মরিশাসের সঙ্গে দ্বৈত করারোপ পরিহার ও রাজস্ব ফাঁকি রোধ হওয়া চুক্তি অনুসমর্থনের প্রস্তাব মন্ত্রিসভার বৈঠকে অনুমোদন করা হয়। ১৩ জুলাই ১৯৯৩ বাংলাদেশ ও নেদারল্যান্ডসের মধ্যে প্রথম দ্বৈত করারোপ পরিহার ও রাজস্ব ফাঁকি রোধ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়। ১৪ সেপ্টেম্বর ১৯৯৪ বাংলাদেশে চুক্তিটি কার্যকর করা হয়। ১২ মার্চ ২০২৪ চুক্তিটি নবায়ন করা হয়। ২১ ডিসেম্বর ২০০৯ বাংলাদেশ ও মরিশাসের মধ্যে দ্বৈত করারোপ পরিহার ও রাজস্ব ফাঁকি রোধ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়। ১ জুলাই ২০১২ বাংলাদেশে চুক্তিটি কার্যকর করা হয়। এরপর ৪ সেপ্টেম্বর ২০২৩ মন্ত্রিসভার বৈঠকে চুক্তির সংশোধনের খসড়া প্রটোকল অনুমোদন দেওয়া হয়। বাংলাদেশ এখন পর্যন্ত ৪০টি দেশের সাথে দ্বৈত কর পরিহার চুক্তি স্বাক্ষর করে।



রাশিয়ার সরকার পদ্ধতি রাষ্ট্রপতি শাসিত

www.boimate.com




ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ঢাকা কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে পরীক্ষামূলকভাবে চালু হয় ৩ ডিজিটের নতুন হটলাইন নম্বর ১০২। ৬ জুন ২০২৪ এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় ফায়ার সার্ভিস। উল্লেখ্য, বর্তমানে নিয়ন্ত্রণ কক্ষে চালু থাকা ১১ ডিজিটের ফোন নম্বর ০২২২৩৩৫৫৫৫৫ এবং ৫ ডিজিটের হটলাইন ১৬১৬৩ নম্বরও সচল থাকবে। তবে ৩১ ডিসেম্বর ২০২৪ এরপর থেকে ১৬১৬৩ বন্ধ হয়ে যাবে। তখন থেকে শুধু ১০২ হটলাইন নম্বরটি সচল থাকবে।

## জাতীয় জীব নিরাপত্তা নীতি ২০২৪

৩ জুন ২০২৪ মন্ত্রিসভার বৈঠকে জাতীয় জীব নিরাপত্তা নীতি ২০২৪ এর খসড়া অনুমোদন করা হয়। জাতিসংঘের Convention on Biological Diversity (CBD)-এর আওতায় Cartagena Protocol on Biosafety রয়েছে। সেটির অনুসরণে এ নীতিমালা তৈরি করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। দেশে মূলত Genetically Modified Organism (GMO) এবং Living Modified Organisms (LMOs) নিয়ে গবেষণা হচ্ছে। জাতীয় জীব নিরাপত্তা নীতির মাধ্যমে সরকার সেই গবেষণাগুলোকে নিয়ন্ত্রণ করবে।

## সংসদ ভবনে পতাকার আকার বৃদ্ধি


২৮ মে ২০২৪ জাতীয় সংসদ ভবনে টাঙানো পতাকার আকার বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়। সরকারের পতাকা বিধি অনুযায়ী, সংসদ ভবনে বর্তমানে ১০ ফুট × ৬ ফুট আকারের পতাকা উত্তোলন করা হয়। ৯ তলাবিশিষ্ট ১৫৫ ফুট উচ্চতার বিশাল এ কমপ্লেক্সের পতাকাকে আরও দৃশ্যমান করতে আকার বাড়ানোর প্রস্তাব দেওয়া হয়। এক্ষেত্রে সংসদ সচিবালয় থেকে যে দু'টি আকার নির্ধারণ করা হয়, তার একটি ১৫ ফুট × ৯ ফুট এবং অন্যটি ২০ ফুট × ১২ ফুট। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে আকারের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

## NSC'র 'সচিব' পদ বিলুপ্ত

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনস্থ জাতীয় ক্রীড়া পরিষদের (NSC) 'সচিব' পদ বিলুপ্তি হয়ে 'নির্বাহী পরিচালক' হবে। এতদিন জাতীয় ক্রীড়া পরিষদের দাপ্তরিক প্রধান হিসেবে কাজ করতেন 'সচিব'। মন্ত্রিপরিষদের নির্দেশনা অনুযায়ী, সচিব পদটি শুধু মন্ত্রণালয়ের পূর্ণাঙ্গ সচিবরাই ব্যবহার করবেন। মন্ত্রণালয়ের অধীনে অন্য কোনো প্রতিষ্ঠান বা দপ্তরে সচিব ব্যবহার না করার সেই নির্দেশনার আলোকে জাতীয় ক্রীড়া পরিষদ সচিবের পরিবর্তে নির্বাহী পরিচালক করে এনএসসি অ্যাক্ট, ২০২৩ সংশোধনী প্রস্তাবনা নেওয়া হয়। ২০১৮ সালে সর্বশেষ সংশোধনের পর এবার নতুন করে সংশোধন করা হবে।

## খুলনা-মোংলা রেলপথে ট্রেন

১ জুন ২০২৪ যশোরের বেনাপোল স্থলবন্দর ও বাগেরহাটের মোংলা সমুদ্রবন্দরের মধ্যে নতুন স্থাপিত রেললাইনে বাণিজ্যিকভাবে ট্রেন চলাচল শুরু হয়। বেনাপোল রেলস্টেশন থেকে ৫৪৯ যাত্রী নিয়ে যাত্রা শুরু করে মোংলা কমিউটার ট্রেন। মঙ্গলবার ছাড়া সপ্তাহের অন্যান্য দিন এ ট্রেন চলাচল করবে। পথে যাত্রা বিরতির স্টেশনগুলো হলো— নাভারন, ঝিকরগাছা, যশোর জংশন, রূপদিয়া, সিঙ্গিয়া, চেঙ্গুটিয়া, নওয়াপাড়া, বেজেরডাঙ্গা, ফুলতলা, আড়ংঘাটা, মোহাম্মদনগর, কাটাখালী, চুলকাটি বাজার, ভাগা ও দিগরাজ। ট্রেনটিতে আসন সংখ্যা ৭১৬টি। ১৩৮ কিলোমিটার পথ পাড়ি দিতে জনপ্রতি ভাড়া নির্ধারণ করা হয় ৮৫ টাকা।



## 'ল্যান্ডলর্ড মডেল' যুগে চট্টগ্রাম বন্দর

১০ জুন ২০২৪ চট্টগ্রাম বন্দরের ইতিহাসে প্রথমবারের মতো বিদেশি কোনো প্রতিষ্ঠানের মাধ্যমে টার্মিনাল পরিচালনা শুরু হয়। নবনির্মিত 'পতেঙ্গা কন্টেইনার টার্মিনালে' এমভি মায়েরস্ক দাভাও নামক জাহাজ ভিড়িয়ে আনুষ্ঠানিকভাবে পণ্য হ্যান্ডলিং শুরু করে দায়িত্বপ্রাপ্ত সৌদি আরবভিত্তিক প্রতিষ্ঠান Red Sea Gateway Terminal (RSGT)। আর এর মধ্য দিয়ে বন্দর পরিচালনা ও ব্যবস্থাপনায় 'ল্যান্ডলর্ড' মডেলের নতুন যুগে প্রবেশ করে বাংলাদেশ। সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (PPP)-এর আওতায় Government to Government (G2G) ভিত্তিতে টার্মিনালটি পরিচালনায় ৬ ডিসেম্বর ২০২৩ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাথে সৌদি প্রতিষ্ঠানটির চুক্তি স্বাক্ষরিত হয়। সরবরাহ, পরিচালনা ও হস্তান্তরের ভিত্তিতে ২২ বছর মেয়াদে টার্মিনালটি পরিচালনা করবে সৌদি কোম্পানিটি। টার্মিনালটি চালু হওয়ায় চট্টগ্রাম বন্দরে টার্মিনালের সংখ্যা চারটিতে উন্নীত হয়। অপর তিনটি হলো জেনারেল কার্গো বার্থ (GCB), চট্টগ্রাম কন্টেইনার টার্মিনাল (CCT) ও নিউ মুরিং কন্টেইনার টার্মিনাল (NCT)।

**পতেঙ্গা কন্টেইনার টার্মিনাল**

কর্ণফুলী নদীর মোহনার কাছাকাছি পতেঙ্গা কন্টেইনার টার্মিনালটির (PCT)-এর অবস্থান। টার্মিনালটিতে একসঙ্গে তিনটি জাহাজ ভেড়ানোর সুবিধা রয়েছে। ৮ সেপ্টেম্বর ২০১৭ PCT নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিজস্ব তহবিল থেকে প্রায় ১,২৩০ কোটি টাকা ব্যয়ে PCT নির্মাণ করে। ১৪ নভেম্বর ২০২৩ ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধানমন্ত্রী টার্মিনালের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

রাশিয়ার প্রেসিডেন্টের মেয়াদকাল ছয় বছর (পূর্বে ছিল ৪ বছর)



## নতুন কাস্টমস আইন কার্যকর

৬ জুন ২০২৪ থেকে কার্যকর হয় কাস্টমস আইন, ২০২৩। ৩০ মে ২০২৪ জাতীয় রাজস্ব বোর্ডের (NBR) এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। এর আগে ৩১ অক্টোবর ২০২৩ জাতীয় সংসদে কাস্টমস আইন, ২০২৩ পাস হয়। পুরোনো আইনে ২২৩টি ধারা ছিল। নতুন আইনে ২৬৯টি ধারা রয়েছে। এর মাধ্যমে পাকিস্তান আমলে প্রণীত কাস্টমস অ্যাক্ট, ১৯৬৯ রহিত করা হয়।

## বন্ধ কূপে গ্যাস উত্তোলন


২৫ মে ২০২৪ ব্রাহ্মণবাড়িয়ার তিতাস গ্যাসক্ষেত্রের ১৪ নম্বর কূপের সংস্কারকাজ (ওয়ার্কওভার) শেষে পুনরায় গ্যাস উত্তোলন উদ্বোধন করা হয়। প্রায় আড়াই বছর বন্ধ থাকার পর কূপটি থেকে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ শুরু হয়। ১৯ মার্চ ২০২৪ কূপটি সংস্কারের কাজ শুরু করে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন অ্যান্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড (বাপেক্স)। এ কূপ থেকে দৈনিক ১-১ কোটি ২০ লাখ ঘনফুট গ্যাস জাতীয় গ্রিডে যোগ হবে। আগামী ১০ বছরে কূপটি থেকে প্রায় ২,৬০০ কোটি টাকা মূল্যের ৪০ বিলিয়ন ঘনফুট গ্যাস উত্তোলন করা হবে। উল্লেখ্য, ১ নভেম্বর ২০২১ গ্যাসের সাথে পানি আসায় কূপটি বন্ধ হয়ে যায়।

## সর্বজনীন পেনশনের নতুন স্কিম 'সেবক'

১ জুলাই ২০২৫ থেকে সরকারি কর্মচারীদের জন্য নতুন করে আরেকটি স্কিম চালু করা হবে, যার নাম হবে 'সেবক'। ৬ জুন ২০২৪ অর্থমন্ত্রী বাজেট বক্তব্যে সরকারি চাকরিতে নতুন নিয়োগপ্রাপ্ত পাওয়া ব্যক্তিদের সর্বজনীন পেনশন কর্মসূচির আওতাভুক্ত করার ঘোষণা দেন। এর আগে ১৩ মার্চ ২০২৪ প্রজ্ঞাপনের মাধ্যমে বিধিমালা সংশোধন করে 'প্রত্যয়' নামক নতুন স্কিম যুক্ত করা হয়। ১ জুলাই ২০২৪ সর্বজনীন পেনশনে প্রত্যয় স্কিম চালু হয়। 'প্রত্যয়' স্কীমে বাধ্যতামূলকভাবে যুক্ত হবেন রাষ্ট্রায়ত্ত, স্বশাসিত, স্বায়ত্তশাসিত বা সমজাতীয় প্রতিষ্ঠানগুলোতে নতুন নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীরা। বাংলাদেশ ব্যাংকসহ সকল রাষ্ট্রমালিকানাধীন ও সরকারি ব্যাংক, দুর্নীতি দমন কমিশনসহ সকল কমিশন, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল সরকারি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারী প্রত্যয়ের আওতাভুক্ত হবেন। উল্লেখ্য, ১৭ আগস্ট ২০২৩ প্রগতি, সমতা, প্রবাস ও সুরক্ষা— এই চার কর্মসূচি নিয়ে সর্বজনীন পেনশন চালু হয়।

*[পুনশ্চ: জুলাই সংখ্যার ৩৫নং পৃষ্ঠায় ৩৩নং লাইনে ২০২৫ সালের পরিবর্তে ২০২৪ হবে।]*

## নতুন নিয়মে বিসিএস



বাংলাদেশ সিভিল সার্ভিস (BCS) পরীক্ষার পদ্ধতি ও মূল্যায়নে বড় ধরনের পরিবর্তন আসছে। ২০ জুন ২০২৪ পিএসসি এসব পরিকল্পনার কথা জানায়। ৪৭তম বিসিএস পরীক্ষা থেকে বড় ধরনের পরিবর্তন আসছে। নতুন পরিকল্পনা বাস্তবায়িত হলে বছরে একটি বিসিএসের সব কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে। নতুন পদ্ধতির মধ্যে অন্যতম—

- লিখিত পরীক্ষায় উত্তরগুলো প্রশ্নের ক্রমানুসারে লেখা, যা প্রশ্নপত্রে স্পষ্ট করে উল্লেখ থাকবে।
- পরীক্ষকেরা লিখিত পরীক্ষার উত্তরপত্র দেখবেন সরকারি কর্ম কমিশন (PSC) কার্যালয়ে বসে।
- পরীক্ষার খাতায় প্রশ্নের উত্তর লেখার জায়গা নির্দিষ্ট করা থাকবে।
- নতুন পদ্ধতিতে পরীক্ষকদের খাতা দেখার আগে প্রশ্নের উত্তরপত্রও সরবরাহ করা হবে। এক্ষেত্রে গণিত ও সংক্ষিপ্ত প্রশ্নের নির্দিষ্ট উত্তর দেওয়া হবে। আর বর্ণনামূলক প্রশ্নের ক্ষেত্রে সম্ভাব্য উত্তরের গঠন দেওয়া হবে।
- লিখিত পরীক্ষার খাতা দেখার জন্য একেকটি দলে ১৩-১৪ জন জনবল থাকবেন। একজন ১ নম্বর প্রশ্নের উত্তর দেখবেন, অন্যজন ২ নম্বর দেখবেন। এভাবে সব প্রশ্নের উত্তর দেখা হবে। পরীক্ষকদের কারও কোনো ভুল হলো কিনা, তা দেখার জন্যও সেখানে আলাদা পরীক্ষক থাকবেন। এখানে প্রধান পরীক্ষকও থাকবেন। ফলে খাতা দেখার জন্য দ্বিতীয় ও তৃতীয় পরীক্ষকের প্রয়োজন হবে না। সবকিছু ধারাবাহিকভাবে যাচাই-বাছাই হয়ে চূড়ান্ত হবে।

### এক আবেদনে পরীক্ষা

BCS পরীক্ষায় একবার আবেদন করলে আবেদনকারীকে ইউনিক আইডি দেওয়ার পরিকল্পনা করছে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (BPSC)। এর মাধ্যমে প্রার্থীরা চাকরির বয়স থাকা পর্যন্ত এক আবেদনেই সকল BCS-এ অংশ করতে পারবেন। ৪৭তম BCS থেকে এ আইডি প্রদানের পরিকল্পনা রয়েছে। বর্তমানে চাকরিপ্রার্থীরা প্রতিটি BCS-এ আলাদা আলাদা আবেদন করেন। প্রতিবারই একই তথ্য পূরণ করেন। নতুন নিয়মে BPSC'র ওয়েবসাইটে তথ্য দিয়ে ফরম অনলাইনে পূরণ করলে তখনই ইউনিক আইডি তৈরি হয়ে থাকবে। এরপর যতবার পরীক্ষা দেবেন, ততবার শুধু কিছু তথ্য আপডেট করলেই সে আইডি দিয়ে পরবর্তী BCS-এ অংশ নিতে পারবেন।

রাশিয়া ফেডারেশনের প্রথম গণতান্ত্রিক প্রেসিডেন্ট বরিস ইয়েলৎসিন

www.boimate.com

## যুক্তরাজ্যে সাধারণ নির্বাচন

২২ মে ২০২৪ যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাক দেশটিতে আগাম নির্বাচনের ঘোষণা দেন। ৪ জুলাই ২০২৪ এ সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। এর পূর্বে ৩০ মে ২০২৪ ভেঙ্গে দেওয়া হয় দেশটির পার্লামেন্ট। এর মধ্য দিয়ে পাঁচ সপ্তাহের নির্বাচনি প্রচারণা আনুষ্ঠানিকভাবে শুরু হয়।



♦ সাধারণ নির্বাচন ব্যবস্থা

যুক্তরাজ্যের পার্লামেন্টের উচ্চকক্ষকে বলা হয় হাউস অব লর্ডস। অন্যদিকে, নিম্নকক্ষকে বলা হয় হাউস অফ কমন্স। হাউস অব কমন্সের সদস্যরা নির্বাচিত হন সাধারণ ভোটারদের ভোটে। তবে উচ্চকক্ষের সদস্যরা নির্বাচিত হন বংশগত যোগ্যতায় অথবা সরকারের মনোনয়নে। সমগ্র ব্রিটেনকে মোট ৬৫০টি নির্বাচনি এলাকায় ভাগ করে অনুষ্ঠিত হয় নির্বাচন। এলাকাগুলো ছোট-বড় যাই হোক না কেন, সেগুলোর প্রতিটিতে ৬০,০০০-৮০,০০০ ভোটার রয়েছে। অন্যদিকে, প্রার্থী হতে হলে বয়স ১৮ বছরের বেশি এবং ব্রিটিশ কিংবা আইরিশ নাগরিক হতে হয়। দীর্ঘদিন ধরেই দেশটিতে কনজারভেটিভ ও লেবার পার্টির মধ্যেই মূলত নির্বাচনি লড়াই হতে দেখা যায়। ১৯৩৫ সাল থেকে বৃহস্পতিবারেই হয়ে থাকে যুক্তরাজ্যের সাধারণ নির্বাচন।

## জার্মানিতে অপরচুনিটি কার্ড চালু

১ জুন ২০২৪ জার্মানি নিজেদের পর্যাপ্ত কর্মী, বিশেষ করে দক্ষ কর্মীর সংকট কাটাতে Chancenkarte বা 'অপরচুনিটি কার্ড' নামক প্রকল্প চালু করে। এ প্রকল্পের কারণে ইউরোপীয় ইউনিয়নের (EU) বাইরের দেশগুলোর নাগরিকদের জন্য জার্মানিতে গিয়ে বৈধভাবে কাজ করাটা সহজতর হয়। চাকরি খোঁজার উদ্দেশ্যে দেশটিতে অবস্থানের সময়, অপরচুনিটি কার্ডধারীরা নিজেদের যোগ্যতা অনুযায়ী খণ্ডকালীন চাকরির জন্য বিবেচিত হবেন এবং প্রতি সপ্তাহে সর্বোচ্চ ২০ ঘণ্টা পর্যন্ত কাজ করতে পারবেন। এর বাইরে, তারা সেখানে নতুন চাকরি খুঁজে পেতে পরীক্ষামূলকভাবে দুই সপ্তাহ কাজ করতে পারবেন।

CHANCENKARTE
DEUTSCHLAND

অপরচুনিটি কার্ড একটি Residence permit বা আবাসিক অনুমতি, যা ইউরোপীয় ইউনিয়নের বাইরের দেশগুলোর কর্মীদেরকে কাজ খোঁজার জন্য জার্মানিতে যাওয়ার অনুমতি দিবে। এ অপরচুনিটি কার্ড হলো একটি পয়েন্টভিত্তিক সিস্টেম, যা অনেকটা মার্কিন যুক্তরাষ্ট্রে ব্যবহৃত গ্রিন কার্ডের মতো। এ অপরচুনিটি কার্ড পেতে হলে অবশ্যই আপনার দেশে স্বীকৃত, এমন কোনো ডিগ্রিধারী জার্মান ভাষায় দক্ষ হতে হবে, অথবা Common European Framework of Reference for Languages (CEFR) এর অধীনে বি-টু স্তরের দক্ষতা থাকতে হবে।

## পুতিনের দুই দেশ সফর

■ উত্তর কোরিয়া : ১৯ জুন ২০২৪ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন উত্তর কোরিয়া সফরে যান। উত্তর কোরিয়া সফরে কিম জং-উনের সঙ্গে কৌশলগত অংশীদারত্ব চুক্তি স্বাক্ষর করেন। চুক্তিতে কোনো পক্ষ আগ্রাসনের শিকার হলে পারস্পরিক সহযোগিতার কথা বলা হয়। সর্বশেষ ২৪ বছর আগে ১৯-২০ জুলাই ২০০০ উত্তর-কোরিয়া সফর করেন পুতিন। ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে কিম জং-উন রাশিয়া সফর করেন।



■ ভিয়েতনাম : ২০ জুন ২০২৪ ভিয়েতনামে সফর করেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। এ সফরে ১১টি বিষয়ে সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয়। এসবের মধ্যে রয়েছে শিক্ষা, পারমাণবিক প্রযুক্তিবিষয়ক গবেষণা, রোগনিয়ন্ত্রণ, তেল অনুসন্ধান ও ন্যায়বিচার। উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের সাথেও ভিয়েতনামের ভালো বাণিজ্যিক সম্পর্ক রয়েছে। ভিয়েতনামের যুক্তরাষ্ট্র ও রাশিয়ার সাথে কূটনৈতিক এ ভারসাম্যকে 'ব্যাম্বু ডিপ্লোমেসি' বলা হয়।

## মার্কিন সম্পদ বাজেয়াপ্তের ফরমানে স্বাক্ষর

২৩ মে ২০২৪ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন রাশিয়ায় ও রাশিয়ান প্রতিষ্ঠানে থাকা মার্কিন সম্পদ বাজেয়াপ্ত করার বিষয়ে একটি ফরমানে স্বাক্ষর করেন। যুক্তরাষ্ট্র কর্তৃক রাশিয়ার সম্পদ বাজেয়াপ্ত করার জবাবে তিনি এমন পদক্ষেপ নেন। ফরমানে উল্লেখ করা হয় যুক্তরাষ্ট্র বেআইনিভাবে মস্কোর সম্পদ বাজেয়াপ্ত করায় রাশিয়ার কেন্দ্রীয় ব্যাংক এবং বিভিন্ন সংস্থার আদালতে আইনি প্রতিকার চাওয়ার অধিকার থাকবে। রাশিয়ার সরকারের একটি বিশেষ কমিশন মার্কিন সম্পদ বা সম্পত্তি শনাক্ত করবে।

## রাশিয়ায় মার্কিন অস্ত্র ব্যবহারের অনুমতি

২০২৪ সালের মে মাসে যুক্তরাষ্ট্র ইউক্রেনকে রাশিয়ার অভ্যন্তরে কিছু সীমিত এলাকায় হামলা চালানোর জন্য যুক্তরাষ্ট্রের সরবরাহকৃত অস্ত্র ব্যবহারের অনুমতি দেয়। এরপর ৩০ মে ২০২৪ মার্কিন কর্মকর্তারা জানান পুরো রাশিয়া নয়, ইউক্রেনের উত্তর-পূর্বাঞ্চলীয় খারকিভ শহরে রাশিয়ার সীমান্তবর্তী এলাকায় মার্কিন অস্ত্র ব্যবহার করতে পারবে ইউক্রেন। ইউক্রেনের দ্বিতীয় বৃহত্তম শহর খারকিভ।

রাশিয়ার সর্বশেষ জার দ্বিতীয় নিকোলাস



## ভারতে মিসাইলের সফল পরীক্ষা

২৯ মে ২০২৪ ভারত অ্যান্টি রেডিয়েশন সুপারসনিক মিসাইল রুদ্রম-২ এর সফল পরীক্ষা চালায়। ক্ষেপণাস্ত্রটির সুবিধা হলো এটি বিভিন্ন উচ্চতা থেকে নিক্ষেপ করা যায়। ১০০ কিলোমিটারেরও বেশি পরিসর থেকে শত্রুর রেডিও ফ্রিকোয়েন্সি এবং রাডার থেকে সংকেত নিতে পারে এটি। মূলত, ভূমিতে থাকা শত্রুর নজরদারিমূলক রাডারকে গুঁড়িয়ে দিতে সক্ষম এ ক্ষেপণাস্ত্র। এছাড়াও শত্রুপক্ষের সংযোগকারী বিভিন্ন স্টেশনেও হামলার সক্ষমতা রাখে এটি। বর্তমানে রাশিয়ার তৈরি অ্যান্টি রেডিয়েশন মিসাইল কেএইচ-৩১ ব্যবহার করছে ভারত।

## কেরালার নাম পরিবর্তনে প্রস্তাব পাস

নাম বদলাতে যাচ্ছে ভারতের দক্ষিণাঞ্চলীয় রাজ্য কেরালা। কেরালার নাম পরিবর্তনের লক্ষ্যে ২৪ জুন ২০২৪ রাজ্যটির বিধানসভায় সর্বসম্মতিক্রমে একটি প্রস্তাব গৃহীত হয়। প্রস্তাবে দেশটির কেন্দ্রীয় সরকারকে আনুষ্ঠানিকভাবে রাজ্যের নাম পরিবর্তন করে 'কেরালাম' করার আহ্বান জানানো হয়। এবার নিয়ে কেরালার বিধানসভা দ্বিতীয়বারের মতো রাজ্যের নাম পরিবর্তনের প্রস্তাব পাস করল। কারণ ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় ৯ আগস্ট ২০২৩ গৃহীত প্রথম প্রস্তাবটি পর্যালোচনা করে এবং সেটিতে কিছু পরিভাষাগত পরিবর্তনের পরামর্শ দেয়। উল্লেখ্য, ১ নভেম্বর ১৯৫৬ ভাষা সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতেই কেরালার রাজ্য গঠিত হয়। কেরালা রাজ্যের সরকারি ভাষা মালায়ালম (Malayalam)। আর মালায়ালম ভাষায় রাজ্যের উচ্চারণ হয় 'কেরালাম' (Keralam)।




## ৩০ বার এভারেস্টের চূড়ায়



নেপালি পর্বতারোহী কামি রিতা শেরপা নিজের রেকর্ড ভেঙ্গে আবার নতুন রেকর্ড গড়লেন। তিনি এবার নিয়ে ৩০তম বার মাউন্ট এভারেস্ট জয় করলেন। ২২ মে ২০২৪ তিনি ৩০তম বারের মতো বিশ্বের সর্বোচ্চ পর্বতচূড়া এভারেস্টের শীর্ষে পৌঁছান। ১২ মে ২০২৪ তিনি ২৯তম বারের মতো এভারেস্টের শীর্ষে উঠেন।

## পান্ডা কূটনীতি

১৫ জুন ২০২৪ চারদিনের সফরে অস্ট্রেলিয়া পৌঁছান চীনের প্রধানমন্ত্রী লি কিয়াং। এরপর ১৬ জুন ২০২৪ এডিলেড চিড়িয়াখানায় ভ্রমণে গিয়ে জায়ান্ট পান্ডা পাঠানোর ঘোষণা দেন তিনি। চীন-অস্ট্রেলিয়ার দ্বিপাক্ষিক সম্পর্কে কয়েক বছর ধরেই টানাপোড়েন চলছে। সম্পর্কোন্নয়নে দুই দেশের মধ্যে উষ্ণ সম্পর্কের সর্বশেষ স্মারক হবে আইকনিক প্রাণীগুলো। যুক্তরাষ্ট্র ও ইউরোপের সাথেও ফের 'পান্ডা কূটনীতি' চালু করবে চীন। তারই অংশ হিসেবে ২০২৪ সালে পান্ডা ইস্যুতে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার সানদিয়েগো চিড়িয়াখানা এবং স্পেনের মাদ্রিদ চিড়িয়াখানার সাথে চুক্তি করে দেশটি। বহু বছর ধরে চীনে পান্ডাকে 'বন্ধুত্বের দূত' হিসেবে বিবেচনা করা হয়। ফলে বিশ্বজুড়ে মিত্রতা গড়তে চীন বিভিন্ন সময় পান্ডার ওপর ভরসা করছে। এ জন্য বন্ধুত্ব গড়তে চাওয়া দেশগুলোকে বিভিন্ন সময় পান্ডা উপহার দেয় বেইজিং। পান্ডা উপহার দিয়ে বন্ধুত্ব গড়ার এ প্রচেষ্টা চীনের 'পান্ডা কূটনীতি' নামে পরিচিত।



## সি চিন পিংকে নিয়ে চ্যাটবট

২০২৪ সালে প্রেসিডেন্ট সি চিন পিংয়ের ওপর ভিত্তি করে নতুন চ্যাটবট আনে চীন, যার নামকরণ করা হয় Chat Xi PT। নতুন চ্যাটবটে চীনা নেতার 'ভাবনা' ব্যবহার করে এটি প্রশিক্ষিত করা হয়। এআই চ্যাটবটকে প্রশিক্ষণ দিতে চীনা কর্মকর্তারা শুধু সি চিন পিংয়ের কিছু বই ও গবেষণাপত্র ব্যবহার করেন। তার রাজনৈতিক মতাদর্শ সমন্বিতভাবে Xi Jinping Thought on Socialism with Chinese Characteristics for a New Era বা সংক্ষেপে Xi Jinping Thought নামে পরিচিত। আপাতত এটি ব্যবহার হচ্ছে চীনের সাইবার নিরাপত্তা সংস্থা Cyberspace Administration of China (CAC)-এর অধীনে থাকা এক গবেষণাকেন্দ্রে। তবে ধীরে ধীরে এটি বিস্তৃত পরিসরে চালু হবে।

## তাইওয়ানের স্বাধীনতা চাইলে মৃত্যুদণ্ড


তাইওয়ানের স্বাধীনতার পক্ষের কট্টর সমর্থকদের শাস্তি হিসেবে মৃত্যুদণ্ড দেওয়ার বিষয়টি বিচারিক নির্দেশিকায় যুক্ত করে চীন। ফৌজদারি অপরাধের ক্ষেত্রে বিশেষ গুরুতর মামলার ক্ষেত্রে এ শাস্তি প্রযোজ্য হবে। ২১ জুন ২০২৪ চীনের জারি করা নির্দেশিকায় দেশকে বিভক্ত ও বিচ্ছিন্নতা উসকে দেওয়ার জন্য তাইওয়ানের স্বাধীনতার কট্টরপন্থী সমর্থকদের শাস্তির কথা উল্লেখ করা হয় এবং একই সাথে এ নির্দেশ কার্যকর করা হয়। নির্দেশিকায় বলা হয় স্বাধীনতার প্রচেষ্টায় যারা মূল ভূমিকা পালনের চেষ্টা করবেন এবং রাষ্ট্র ও জনগণের মারাত্মক ক্ষতিসাধন করবেন তাদের এ শাস্তি দেওয়া হবে। এছাড়া তাইওয়ানের স্বাধীনতার পক্ষে যারা ওকালতি করবেন তাদের ১০ বছর থেকে শুরু করে যাবজ্জীবন কারাদণ্ড পর্যন্ত হতে পারে।

অক্টোবর বিপ্লবের মাধ্যমে জার শাসন ও রুশ সাম্রাজ্যের বিলুপ্তি ঘটে

www.boimate.com

## জাপানে অভিবাসনের নতুন নিয়ম

জাপানে যারা আশ্রয় চেয়ে প্রত্যাখ্যাত হবেন, তাদের দ্রুত দেশ থেকে বের করে দেওয়ার নতুন নিয়ম ১০ জুন ২০২৪ কার্যকর করা হয়। বিশ্বের চতুর্থ বৃহত্তম অর্থনীতির দেশ হলেও আশ্রয়প্রার্থীদের সবচেয়ে কম আবেদন গ্রহণ করে জাপান।



২০২৩ সালে দেশটি মাত্র ৩০৩ জনকে শরণার্থীর মর্যাদা দেয়, যাদের অধিকাংশই ছিল আফগানিস্তানের। এখন নতুন নিয়ম কার্যকর হওয়ার ফলে জাপানে আশ্রয় চেয়ে তিনবার প্রত্যাখ্যাত হলে অভিবাসন আইনের অধীনে তাদেরকে দেশ থেকে বের করে দিতে পারবে সরকার। এর আগে আশ্রয়ের আবেদন করে দীর্ঘদিন জাপানে থাকার সুযোগ ছিল।

## উত্তর কোরিয়ার সীমানাপ্রাচীর


২০২৩ সালের ডিসেম্বর থেকে ২০২৪ সালের জুন পর্যন্ত স্যাটেলাইট ছবি বিশ্লেষণ করে দেখা যায় উত্তর কোরিয়া দক্ষিণ কোরিয়ার সীমান্তের কাছে বেশ কয়েকটি স্থানে স্থাপনা নির্মাণ করছে। এছাড়াও দেশটি ডিমিলিটারাইজড জোন বা নিরস্ত্রীকরণ এলাকার (DMZ) ভেতরের কিছু জায়গা পরিষ্কার করেছে। DMZ হলো উত্তর এবং দক্ষিণ কোরিয়ার সীমান্ত মধ্যবর্তী ৪ কিলোমিটার প্রশস্ত একটি বাফার জোন। এ এলাকায় যেকোনো রাষ্ট্রের সামরিক স্থাপনা এবং কার্যকলাপ নিষিদ্ধ। উত্তর কোরিয়ার এ বিষয়টিকে দক্ষিণ কোরিয়ার সঙ্গে দীর্ঘকালীন যুদ্ধবিরতির লঙ্ঘন বলে মনে করা হয়। স্যাটেলাইটে তোলা ছবিগুলোতে দেখা যায়, সীমান্তের পূর্ব প্রান্তের কাছাকাছি প্রায় এক কিলোমিটার এলাকার তিনটি জায়গায় দেয়ালের মতো স্থাপনা গড়ে তোলা হয়। এছাড়া সেখানে একটি নতুন রাস্তা তৈরি করা হয়েছে। সম্প্রতি বিবিসির একটি বিশেষজ্ঞ দল আলোকচিত্রগুলো বিশ্লেষণ করে দেখেছে।

## তাজিকিস্তানে হিজাব নিষিদ্ধ

২০ জুন ২০২৪ নারীদের হিজাব পরিধান নিষিদ্ধ ঘোষণা করে বিল পাস করে মধ্য এশিয়ার মুসলিম অধ্যুষিত দেশ তাজিকিস্তানের পার্লামেন্টের উচ্চকক্ষ মজলিশি মিলি। পাশাপাশি দুই প্রধান ধর্মীয় উৎসব ঈদুল ফিতর এবং ঈদুল আজহায় স্কুল-কলেজ ও সরকারি প্রতিষ্ঠানের ছুটি বাতিল এবং একইসঙ্গে ছোটদের মাঝে প্রচলিত ঈদ সালামি সংগ্রহের নিয়মও বাতিল করা হয় বিলটিতে। এর আগে, ৮ মে ২০২৪ পার্লামেন্টের নিম্নকক্ষ মজলিশি নামোইয়ানদাগনে পাস হয় বিলটি। হিজাবকে 'বিজাতীয় পোশাক' অভিহিত করে দেশটির সরকার এটি নিষিদ্ধ করে। নতুন আইনে নিষিদ্ধ ধর্মীয় পোশাক পরিহিত ব্যক্তিদের ৭,৯২০ সোমোনি (প্রায় ৭০০ ডলার) পর্যন্ত জরিমানা হতে পারে। উল্লেখ্য, দেশটির জনসংখ্যার প্রায় ৯৬% মুসলিম। দেশটির মুদ্রার নাম সোমোনি।

## দ্বীপ নিয়ে বিতর্কে ভারত-শ্রীলংকা

ভারতের ইংরেজি দৈনিক টাইমস অব ইন্ডিয়ার একটি প্রতিবেদন থেকে 'কচ্ছথিভু দ্বীপ' নিয়ে ২০২৪ সালে বিতর্ক শুরু হয়। পত্রিকার তথ্য মতে ভারত সরকারের উদাসীন মনোভাবের কারণে ১৯৭৪ সালে কচ্ছথিভু দ্বীপটি শ্রীলংকার হাতে চলে



যায়। ২০২৪ সালের ১৮তম লোকসভা নির্বাচনের পূর্বে দ্বীপটি নিয়ে ভারতে তুমুল রাজনৈতিক বিতর্ক শুরু হয়। শ্রীলংকা ও ভারতকে বিভাজনকারী পক প্রণালিতে অবস্থিত প্রায় দুই বর্গকিমি আয়তনের এ দ্বীপের নাম 'কচ্ছথিভু'। ভারতের তামিলনাড়ু রাজ্যের রামেশ্বরম শহর থেকে উত্তর-পূর্বে এবং শ্রীলংকার জাফনা শহর থেকে দক্ষিণ-পশ্চিম দিকে দ্বীপটির অবস্থান। ১৯২১ সাল থেকে কচ্ছথিভুর জলসীমায় মাছ ধরার দাবিতে ভারত ও শ্রীলংকার মধ্যে বিরোধ শুরু হয়। ১৯৭৬ সালে ভারত ও শ্রীলংকার মধ্যে একটি চুক্তি হয়। সেই চুক্তি অনুযায়ী, একে অপরের জলসীমায় দুই দেশের জেলেরা মাছ ধরা থেকে বিরত থাকবে।

### UNGA'র সভাপতি



৬ জুন ২০২৪ জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম সভাপতি নির্বাচিত হন ক্যামেরুনের সাবেক প্রধানমন্ত্রী ফিলেমন ইয়াং। তিনি ক্যামেরুন থেকে নির্বাচিত প্রথম সভাপতি। তিনি ৩০ জুন ২০০৯-৪ জানুয়ারি ২০১৯ মেয়াদ পর্যন্ত ক্যামেরুনের অষ্টম প্রধানমন্ত্রী ছিলেন। ২০২৪ সালের সেপ্টেম্বরে ফিলেমন ইয়াং এক বছর মেয়াদে জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন।

### UNSC'র নতুন সদস্য

জাতিসংঘের নিরাপত্তা পরিষদ ১৫টি সদস্য নিয়ে গঠিত, যার ৫টি স্থায়ী সদস্য আর ১০টি অস্থায়ী সদস্য। প্রতি বছর ১০টি অস্থায়ী সদস্যের মধ্যে ৫টি সদস্যের মেয়াদ শেষ হয়। তাদের স্থলে নির্বাচিত হয় ৫টি নতুন দেশ। ৬ জুন ২০২৪ নির্বাচিত নতুন অস্থায়ী সদস্য দেশগুলো— ডেনমার্ক, গ্রিস, পাকিস্তান, পানামা এবং সোমালিয়া। এ ৫ সদস্য ১ জানুয়ারি ২০২৫-৩১ ডিসেম্বর ২০২৬ মেয়াদের জন্য মোজাম্বিক, জাপান, ইকুয়েডর, মাল্টা ও সুইজারল্যান্ডের স্থলাভিষিক্ত হবে।



www.boimate.com



# স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল ব্যাংক

৩ জুন ২০২৪ দেশের প্রথম ডিজিটাল ব্যাংক হিসেবে চূড়ান্ত লাইসেন্স পায় Mobile Financial Services (MFS) সেবাদাতা প্রতিষ্ঠান 'নগদ'। এর মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে ডিজিটাল ব্যাংকিংয়ের যুগে প্রবেশ করে বাংলাদেশ।

## ডিজিটাল ব্যাংক

প্রচলিত পদ্ধতিতে সরাসরি কাউন্টারে না গিয়ে ডিজিটাল প্ল্যাটফর্মের সহায়তায় ডিজিটাল ডিভাইস ব্যবহার করে ব্যাংকিং সেবা গ্রহণ করাকেই 'ডিজিটাল ব্যাংকিং' নামে আখ্যায়িত করা হয়।

## সেবা পদ্ধতি

- গ্রাহকরা মোবাইল বা অ্যাপ ব্যবহার করে লেনদেন করতে পারবেন। তাদের সশরীরে ব্যাংকের কোনো শাখায় যেতে হবে না।
- ডিজিটাল ব্যাংক পরিচালনার জন্য বাংলাদেশে প্রধান কার্যালয় থাকবে। এ কার্যালয় ব্যাংকের ব্যবস্থাপনা ও সাপোর্ট স্টাফদের দপ্তর হিসেবে ব্যবহৃত হবে। পাশাপাশি সশরীরে বা ডিজিটাল পদ্ধতিতে গ্রাহকের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির কাজটি এই কেন্দ্রীয় দপ্তরে হবে।
- ব্যাংকের নিজস্ব কোনো শাখা বা উপশাখা, এজেন্ট বা উইন্ডো থাকবে না। এমনকি নিজস্ব কোনো Automated Teller Machine (ATM), Cash Deposit Machine (CDM) অথবা Customer Relationship Management (CRM) থাকবে না। অর্থাৎ এ ব্যাংক কোনো Over the Counter (OTC) সেবা দেবে না।
- ডিজিটাল ব্যাংকে হিসাব খোলা গ্রাহকেরা অন্য ব্যাংকের ATM বুথ, CDM, CRM নেটওয়ার্ক বা এজেন্টদের সেবা ব্যবহার করে অনলাইনে অর্থ স্থানান্তর বা নগদ অর্থ উত্তোলন করতে পারবেন।
- ডিজিটাল ব্যাংক বিদেশ থেকে রেমিটেন্স গ্রহণ ও Foreign Currency (FC) হিসাব পরিচালনা করতে পারবে।
- দেশের ভেতরে যে কোনো পর্যায়ের গ্রাহককে ঋণ দিতে পারবে। প্রান্তিক ও Small and Medium-sized Enterprises (SMEs) খাতে ঋণ দানে অগ্রাধিকার দিতে হবে। তবে বৈদেশিক বাণিজ্যে ঋণ, বৃহৎ ও মাঝারি শিল্প ঋণে অর্থায়ন করতে পারবে না।

## গ্রাহকদের সুবিধা

- ব্যাংকে যেতে না হওয়ায় গ্রাহকদের সময় সাশ্রয় হবে। অনেক সময় সেবা নিতে গ্রাহকদের ব্যাংকে গিয়ে লাইনে বসে থাকতে হয়। কিন্তু এখানে সেটা করতে হবে না।
- ব্যাংকের শাখা খুলতে না হওয়ায় সেখানে ভাড়া-কর্মীদের পেছনে ব্যয় অনেক কমে যাবে। ফলে ব্যাংকগুলো সাশ্রয়ে কম খরচে গ্রাহকদের সেবা দিতে পারবে।
- বাংলাদেশের যেকোনো প্রান্ত থেকে গ্রাহক অ্যাকাউন্ট খুলতে এবং ব্যাংকিং সেবা নিতে পারবেন।
- চব্বিশ ঘণ্টার যেকোনো সময় এ ব্যাংকের সেবা নেওয়া যাবে।

## ব্যাংক স্থাপনের শর্ত

- ডিজিটাল ব্যাংক স্থাপনের জন্য ন্যূনতম মূলধন লাগবে ১২৫ কোটি টাকা। ডিজিটাল ব্যাংকের প্রত্যেক উদ্যোক্তাকে কমপক্ষে ৫০ লাখ টাকা মূলধন জোগান দিতে হবে।
- কেন্দ্রীয় ব্যাংক লাইসেন্স দেওয়ার পাঁচ বছরের মধ্যে এ ব্যাংককে দেশের পুঁজিবাজারে প্রাথমিক গণপ্রস্তাব (Initial Public Offering-IPO) বা শেয়ার ছাড়তে হবে।
- কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপি ব্যক্তি বা তার পরিবারের কোনো সদস্য প্রস্তাবিত ডিজিটাল ব্যাংকের উদ্যোক্তা হতে পারবেন না।
- ডিজিটাল ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তার (CEO) ব্যাংকিং পেশায় কমপক্ষে ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

## নগদ : দেশের প্রথম ডিজিটাল ব্যাংক




নগদ টাকার ব্যবহার কমিয়ে আনা ও লেনদেন আরও সহজ করতে সরকারের 'ক্যাশলেস সোসাইটি' গড়ার উদ্যোগ বাস্তবায়নে ডিজিটাল ব্যাংক চালু করার সিদ্ধান্ত নেয় সরকার। এ লক্ষ্যে ১৪ জুন ২০২৩ বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদ দেশে ডিজিটাল ব্যাংক স্থাপনের নীতিমালা অনুমোদন করে। এরপর ২২ অক্টোবর ২০২৩ বাংলাদেশ ব্যাংক দেশে প্রথমবারের মতো ডিজিটাল ব্যাংক গঠনের প্রাথমিক অনুমোদন দেয়। প্রথমে নগদ ডিজিটাল ব্যাংক ও কড়ি ডিজিটাল ব্যাংক দু'টিকে Letter of Intent (LOI) বা সম্মতিপত্র দেওয়া হয়। ২৮ মে ২০২৪ বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় নগদকে ডিজিটাল ব্যাংক হিসেবে চূড়ান্ত লাইসেন্স দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে। ৩ জুন ২০২৪ প্রথম ডিজিটাল ব্যাংক হিসেবে চূড়ান্ত লাইসেন্স পায় 'নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি'। এর মাধ্যমে ডিজিটাল ব্যাংক প্রতিষ্ঠার যুগে প্রবেশ করে বাংলাদেশ। ফলে দেশে এখন তফসিলি ব্যাংকের সংখ্যা ৬২টি।



লেনিন মৃত্যুবরণ করেন ২১ জানুয়ারি ১৯২৪

www.boimate.com

# বিশ্বব্যাংক



বিশ্বব্যাংক বা World Bank হলো ৫টি প্রতিষ্ঠানের একটি সমন্বিত গোষ্ঠী, যা উন্নয়নশীল দেশগুলোর উন্নয়ন কর্মকাণ্ডের জন্য ঋণ ও অনুদান প্রদান করে। বিশ্বব্যাংকের আনুষ্ঠানিক লক্ষ্য বিশ্বব্যাপী দারিদ্র্য বিমোচন।

## পটভূমি

প্রথম বিশ্বযুদ্ধের পরে এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগের সময়কে ওয়ার পিরিয়ড বলে অভিহিত করা হয়ে থাকে। সে সময়ে বিশ্ব অর্থনীতির হালচাল ছিল অস্থিতিশীল, যার স্থায়ী সমাধানে একটি বৈশ্বিক আর্থিক প্রতিষ্ঠান গঠনের পরিকল্পনা করা হয়। ১৯৪৪ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ সমাপ্তির পথে ১-২২ জুলাই যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ার অঙ্গরাজ্যের ব্রেটন উডস শহরে বিশ্বনেতাদের একটি শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে ৪৪টি দেশের মোট ৭৩০ জন প্রতিনিধি যোগ দেন। যুক্তরাজ্য থেকে যোগ দেন সে শতাব্দীর প্রখ্যাত অর্থনীতিবিদ জন মেনার্ড কেইনস আর যুক্তরাষ্ট্রের হয়ে প্রতিনিধিত্ব করেন সে দেশের শীর্ষস্থানীয় ট্রেজারি বিভাগের কর্মকর্তা হ্যারি ডেক্সটার হোয়াইট। এ সম্মেলনে তাত্ত্বিক ও ব্যবহারিক দিক পর্যালোচনা করে IBRD বা বিশ্বব্যাংক এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) প্রতিষ্ঠাকরণের চুক্তি স্বাক্ষরিত হয়। ঐকমত্যভিত্তিক এ চুক্তিই তখন থেকে 'ব্রেটন উডস চুক্তি' নামে পরিচিতি লাভ করে। ব্রেটন উডস সম্মেলনে IMF ও বিশ্বব্যাংকের জন্ম হয় বিধায় প্রতিষ্ঠান দুটি সম্মিলিতভাবে 'ব্রেটন উডস ইনস্টিটিউশনস' নামে পরিচিত। IBRD এখন বিশ্বব্যাংক গ্রুপের একটি অংশ। ২২ জুলাই ১৯৪৪ এক নিবন্ধে The Economist পত্রিকা World Bank নামটি দেয়। বস্তুত World Bank নামে কোনো ব্যাংক কখনো ছিল না, এখনো নেই বরং আছে World Bank Group।

## কার্যাবলি

বিশ্বব্যাংকের উদ্দেশ্য হলো ধনী ও দরিদ্র রাষ্ট্রসমূহের মধ্যকার অর্থনৈতিক বৈষম্য কমিয়ে আনা। বিশ্বব্যাংকের চেষ্টা থাকে ধনী রাষ্ট্রের সম্পদকে দরিদ্র রাষ্ট্রের প্রবৃদ্ধিতে রূপান্তর করা। দীর্ঘমেয়াদি লক্ষ্য হলো, টেকসই দারিদ্র্য বিমোচন। এছাড়া অন্যান্য কার্যাবলির মধ্যে উল্লেখযোগ্য হলো— দারিদ্র্যের সবচেয়ে বড় কারণ যুদ্ধ, বিশ্বব্যাংক তাই সদ্য যুদ্ধ থেকে মুক্তি লাভ করা দেশসমূহকে পুনর্গঠনে সাহায্য করে। মধ্যম আয়ের দেশসমূহকে দারিদ্র্যমুক্ত থাকার পথ দেখানো। জলবায়ু পরিবর্তন প্রতিরোধে রাষ্ট্রসমূহকে সাহায্য করা। এইডস থেকে মুক্তি। মুক্তবাণিজ্য সম্প্রসারণ। স্বল্প সুদে ঋণ প্রদান করা। সুদ মুক্ত ধার দেওয়া। অনুদান প্রদান। শিক্ষা, অবকাঠামো ইত্যাদির উন্নয়ন। রাষ্ট্রের অর্থনৈতিক, কৃষি ইত্যাদি খাতের আধুনিকায়ন। প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা ইত্যাদি।

## নেতৃত্ব

বিশ্বব্যাংক-এর প্রধান হলেন প্রেসিডেন্ট এবং তিনি পুরো বিশ্বব্যাংক গোষ্ঠীর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। ঐতিহ্যগতভাবে, বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট সবসময় মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক মনোনীত এবং মার্কিন নাগরিক হয়ে থাকে। আর বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্ট এর প্রধান ব্যবস্থাপকমণ্ডলী; যারা ব্যাংকের বিভিন্ন অঞ্চল, সেক্টর, নেটওয়ার্ক এবং কর্মকাণ্ডের দায়িত্ব পালন করেন। ব্যবস্থাপনা পর্ষদে ২ জন নির্বাহী ভাইস প্রেসিডেন্ট, ৩ জন সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং ২৪ জন ভাইস প্রেসিডেন্ট রয়েছেন।

স্বপ্নদ্রষ্টা : জন মেনার্ড কেইনস (যুক্তরাজ্য) এবং হ্যারি ডেক্সটার হোয়াইট (যুক্তরাষ্ট্র) ♦ প্রতিষ্ঠা : ১৯৪৪ সালে ♦ আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু : ২৫ জুন ১৯৪৬ ♦ সদর দপ্তর : ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র ♦ সংস্থার প্রধান : প্রেসিডেন্ট • মেয়াদকাল : ৫ বছর ♦ সদস্য প্রত্যাহারকারী দেশ : কিউবা (যোগদান ১৪ মার্চ ১৯৪৬ এবং প্রত্যাহার ১৪ নভেম্বর ১৯৬০) • প্রেসিডেন্ট > প্রথম : ইউজিন মেয়ার; ১৮ জুন ১৯৪৬-১৮ ডিসে. ১৯৪৬ • বর্তমান : অজয় বাঙ্গা; ২ জুন ২০২৩-বর্তমান ♦ বিশ্বব্যাংক কর্তৃক প্রকাশিত প্রতিবেদন : World Development Report (WDR) ♦ বিশ্বব্যাংকের প্রথম ঋণ পায় : ফ্রান্স (১৯৪৭ সালে, ২৫০ মিলিয়ন মার্কিন ডলার) ♦ বিশ্বব্যাংকের শীর্ষ অংশীদারীত্ব দেশ যুক্তরাষ্ট্র (১৬.৫৭%) • বাংলাদেশ ০.২৯% ♦ বিশ্বব্যাংকের প্রথম নারী ভাইস প্রেসিডেন্ট অ্যান ক্রুগার ♦ বিশ্বব্যাংকের বর্তমান প্রধান অর্থনীতিবিদ : ইন্দরমিত গিল (ভারত) ♦ বাংলাদেশে বিশ্বব্যাংকের বর্তমান আবাসিক প্রতিনিধি আবদুলায়ে সেক; জানুয়ারি ২০২৩-বর্তমান ♦ বিশ্বব্যাংকে বাংলাদেশের বর্তমান ও প্রথম বাংলাদেশি নারী বিকল্প নির্বাহী পরিচালক শরিফা খান।

### দুর্নীতি বিরোধী ইউনিট

Integrity Vice Presidency (INT) হলো বিশ্বব্যাংকের মধ্যে একটি স্বাধীন ইউনিট, যেটি বিশ্বব্যাংক-অর্থায়নকৃত প্রকল্পে জালিয়াতি ও দুর্নীতির অভিযোগ সম্পর্কিত নিষেধাজ্ঞাগুলো তদন্ত করে।



www.boimate.com

